কতিপয় শুদ্ধভক্তি-গ্ৰন্থ

	শ্রীনবদ্বীপধাম-পরিক্রমা-খণ্ড ১'ল
শ্ৰীমন্তাগৰতম্ ১ম-সন্ধ ১৪ ২য় সন্ধ ১০	
अष्ठक ऽर् ठठूर्थकक ऽर्, स्म कक ऽर्	
७ अं अस १००; १म अस १००	
प्रम इस ३०० वस ३०-००	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা
>०म इक ८८ ७००	অর্চনপদ্ধতি ১°২
শ্রীচৈতগুচরিতামৃত (যন্ত্রস্থ)	শ্রীশ্রীভাগবভার্কমরীচিমালা ১০০০
	শ্ৰীচৈতগুলীলামৃত ২ • • •
শ্রীচৈতমূভাগবত "	শ্রীভূগবৎসন্দর্ভ ২০ • ১
बीव्रहां गवां मृष्य्— २म ७ २ ३ ३२ .	উপদেশামৃত [টীকা ও অমুবাদসহ] ১ ০
শ্রীকৃষপ্রেমতরঙ্গিণী ১৪১	শ্ৰীশিক্ষাষ্টক [টীকা ও অমুবাদসহ] '৭৫
শ্রীমন্তগবদগীতা ৮'৫০	চিত্ৰে নবদীপ ২'৫০
শ্রীহরিনামচিন্তামণি ১'৭৫	প্রেমবিবর্ত
শ্রীশ্রীসরম্বতীবিজয় '৭৫	শ্ৰীকৃষ্ণকৰ্ণামৃত ২ • • •
শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ১٠٠٠	প্রভূপাদ খ্রীল সরম্বতী ঠাকুর ৪১
শ্রীভজন-রহস্ত ১.৬০	শ্রীধাম নবদ্বীপ মায়াপুর (হিন্দী) ১ ত
শ্রীল প্রভূপাদের পত্রাবলী ১ম খণ্ড '৭৫	त्गोड़ीय पर्यत्न পत्रमार्थत चारनांक ३०
শ্রীল প্রভূপাদের প্রবন্ধাবলী ১'৫০	শ্রীচৈতগ্রদর্শনে শ্রীল প্রভূপাদ-১০, ১৫
শ্রীচৈতত্তোপনিষৎ •২৫	শ্রীভাগবতধর্ম '৪০
শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৫০	শ্রীচৈতভাচন্দ্রে । টক্ম্ ১০০০।
শ্রীনবদ্বীপধাম '৭৫	শ্রীটেতন্ত্রশিক্ষামৃত ১০০০০
সংক্রিয়াসার-দীপিকা ৪'০০	विनाপकूञ्चमाञ्जनो ১'৫०
শ্রীলঘুভাগবতামৃত ৫.০০	শ্রীচৈতগুপদেশরত্বমালা ১°৫০
শরণাগতি '৫০; গীতাবলী '৬০;	Rai Ramananda 75
	Brahma-Samhita 5'00
	Navadvipa '75
সাধককণ্ঠমালা (১০ম সংস্করণ) ২'৫০	The Bhagabata I -
শ্রীকৃষ্ণসংহিতা ২'৫•	Sri Chaitanya's Concept of Theistic Vedanta 7-
শ্রীহরিভজিবিলাস ৩৫ • ০,৪০ - ০ ০	Sri Chaitanya Mahaprabhu 5-
গৌড়ীয়কণ্ঠহার ৬	Sri Chaitanya's Teachings 12-

थाथिशान-बिद्धिष्णमर्ठ, त्थाः विभाषाभूत, त्वना ननीषा।

वीवीत्रमावन-गरिगात्र्वग्

প্রাপাদ প্রবোধানন্দ সরস্বতী প্রণীত স্থোত্রকাব্য

শ্রীল হরিদাস দাস বাবাজী মহোদয়ক্বত অনুবাদ সহ

প্রামুকুন্দদাস বাবাজা কর্তৃক প্রকাশিত

बोबोद्रन्म। वन-मरिमाम् ७म्

श्रीय९ अर्वाधानक সরস্বতीशाम श्रीक

শ্রীল হরিদাস দাস বাবাজি-মহোদয়কুত অনুবাদ-সহিত

তৃতীয়সংস্করণ

শ্রীমান্ কানাইলাল অধিকারী কাব্য-বৈষ্ণবদর্শন তীর্থ, পুরাণ-ভক্তিরত্ন কর্তৃক সংস্কৃত ও সম্পাদিত

শ্ৰীনবদ্বীপধামতঃ

গ্রীমুকুন্দদাস বাবাজী কর্তৃক

প্রকাশিত

সর্বস্বত্ব সংরক্ষিত আমুকূল্য প্রতিশতক ৫০ নঃপঃ

— প্রাপ্তিস্থান — প্রাপ্তিস্থান —

পংস্তৃত পুস্তুক ভাগ্ৰার

िक्स तिशात अतुषी, कलिका**छ।-७**

তৃতীয় প্রকাশ—শ্রীমন্তাগবতপূর্ণিমা, ৪৭৭ শ্রীগৌরান্দ, ১৭ ভাদ্র ১৩৭০ বঙ্গান্দ, ৩ সেপ্টেম্বর ১৯৬৩ খ্রীষ্টান্দ।

श्राशिष्टान-

১। " শ্রীহরিবোল কুটির"

পোড়াঘাট

(भाः नवहीश, नमीशा।

- ২। **"মহেশ লাইব্রেরী**" ২৷১, শ্যামাচরণ দে খ্রীট, কলেজ স্কোয়ার, কলিকাতা-১২
- ৩। **"সংস্কৃত-পুস্তক-ভাণ্ডার**" ৩৮, কর্ণওয়ালিস্ খ্রীট, ক**লিকা**তা-৬
- ৪। প্রীরন্দাবন—"শ্রীবৈষ্ণব-সেবাসজ্য" শ্রীপঞ্চানন দাস, গোপীনাথ ঘেরা, পোঃ বৃন্দাবন, মথুরা

মুদ্রাকর :—
গ্রীজগদীশ দাশ
গ্রী**গুরু আর্ট প্রেস**১৬ নলীন সরকার খ্রীট
কলিকাতা-৪

প্রবেশিকা

শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতী-বিরচিত এই গ্রন্থথানি একশত শতকে সম্পূর্ণ ছিলেন বলিয়া জানা গেলেও মাত্র ১৭টি শতক পাওয়া গিয়াছে। পরমপৃজ্যপাদ গ্রন্থকার যে লোকাতীত-মহামহিমময় শ্রীরন্দাবন-সৌদর্য মাধুর্যোর মহাকবি—তিদ্বিয়ে অণুমাত্র সন্দেহ নাই। এই গ্রন্থথানি ভাব-প্রাচুর্য্যে, বর্ণনাসৌন্দর্যে, বস্তুবৈভবে এবং কল্পনা গৌরবে সংস্কৃত সাহিত্য ভাণ্ডারে এক নিরূপম রত্নই বটে। এই গ্রন্থ সকল সাধকেরই নিরতিশয় কল্যাণ প্রসব করিতেছে দেখিয়া বিশ্বিত হইতে হয়। শ্রীপাদের লেখনীতে শ্রীরন্দাবন-বর্ণনা অতি চমকপ্রদ, অতিস্কুন্দর ও অতি মধুর। শ্রীরন্দাবনীয় স্থাবর-জঙ্গমাত্রক যাবতীয় বস্তুর প্রতি সন্মানজ্ঞাপন, চিদানন্দ রন্দাবনের স্থরূপ সাক্ষাৎকার, রন্দাবনবাসায়রোধে কর্ত্ব্যাকর্ত্ব্যে, বাসনিষ্ঠা, বাসফল, গুরুতন্ত্ব, আত্মতন্ত্ব ইত্যাদি বিষয়ে পুনঃপুনঃ স্থুণা-নিখনন-স্ঠায়ে যে বিস্তারিত আলোচনা করিয়াছেন—তাহা অতি প্রগাঢ়, ভাবৈকগম্য, রূপালভ্য এবং অন্থরাগৈক-সংবেত।

আলোচনা—(১) এই শতক সার্বজনীন গ্রন্থ, সম্প্রদায়-সীমার অতীত; শ্রীসরস্বতীপাদের পন্থামুসরণে দৈন্য-বৈরাগ্য, শ্রীনাম গ্রহণ ও রূপচিন্তা ইত্যাদি করিতে করিতে ক্রমশঃ চিত্তগুদ্ধি হইয়া শ্রীবৃন্দাবনের, শ্রীক্রফের, শ্রীরাধার, তৎপরিকরগণের ও নিজসিদ্ধদেহের তত্ত্বস্তুরণ হইবে এবং তাহাতেই রাগামুগীয় ভজনের পথ পরিষ্কার হইবে।

(২) এই গ্রন্থে লীলাবিলাস অপেক্ষা সম্প্রয়োপের প্রতি অধিকতর আবেশ দেখা যায়। শ্রীকৃষ্ণভাবনামৃতে (২০।২৬) শ্রীচক্রবর্তিপাদের এবং নিকুঞ্জরহস্তত্তবে স্বয়ং শ্রীরূপপাদেরও সম্প্রয়োগ-সন্তোগ-বর্ণনায় আবেশ দৃষ্ট হইতেছে।

- (৩) শ্রীসরস্বতীপাদ হ্রদবং লীলারই পক্ষপাতী; স্রোতোবং লীলা এবং হ্রদবং লীলা উভয়ই আস্বান্ত, উভয়ই উপাস্ত। রুচিভেদে তুইই উত্তম। 'যেনেষ্টং তেন গম্যতাম্।'
- (৪) অজাত-তাদৃশরুচি সাধক রাগানুগামার্গে বৈধীসম্বলিতভাবে ভজন করিবেন—ইহাই প্রীজীবপাদের নির্দেশ। পক্ষান্তরে জাত-তাদৃশ-ক্ষুচি সাধক কি ভাবে রাগানুগীয় ভজন করিবেন—তাহারই উন্নত উজ্জ্বল আদর্শ জ্বন্ত অক্ষরে জীবন্তভাবে দেখাইয়াছেন প্রীপাদ সরস্বতীঠাকুর। তাঁহার প্রতি অক্ষরে বৈহ্যতিক শক্তি নিহিত আছে—তিনি যেন অগ্নিমন্তের উপাসক ছিলেন।
- (৫) এই গ্রন্থ একবিষয়াত্মক কাব্য বলিয়া—অতীব বিস্তৃত আকারে গঠিত বলিয়া—ইহাতে আপাততঃ পুনরুক্তিদোষ দেখা গেলেও ভক্তি বিভাবিতচিত্তে কাব্যরসপারদর্শী সাধক এই পুনরুক্তিকে গ্রান্থ না করিয়া ইহাতে স্বার্থকতা ও বৈশিষ্ট্য দেখেন। কোনও বস্তুকে হৃদয়ক্ষেত্রে দৃঢ়রূপে সংস্থাপিত করিতে হইলে এইরূপ বাক্য ভঙ্গীতেই লিখিতে হয়।
- (৬) এই গ্রন্থের স্থলে স্থলে হ্রাচারত্ব, ও হুমার্য ও জঘতা পাপার্মছানত্ব প্রভৃতির প্রতি ওদাসীতা দেখাইয়া শ্রীবৃন্দাবনেরই মহামহিমা কীতিত
 হইলেও ভ্রমবশতঃ যেন কেহ এরপ মনে না করেন যে কোনও ব্যক্তি,
 শ্রীধামে বাসকালে যদি কুপ্রবৃত্তি ও হঃস্থভাব প্রণোদিত হইয়া পাপার্ম্ছানে
 রত হয়, তাহা মার্জনীয় বা সেই সকল হুমর্মের চিন্তা বা কর্মের অর্ম্ছান
 করিলে চিত্তর্ত্তিতে ভগবদ্ভক্তির প্রতিষ্ঠার ব্যাঘাত হয় না; ফলতঃ মনে
 শ্রন্থারণার স্থান দেওয়াও মহাপাপ। শ্রীগ্রন্থকার নিজেই স্বকীয়
 প্রোঢ়িবাদের বিরুদ্ধে যে (১৭।৪৮) স্থাসিনান্ত করিয়াছেন তাহাও স্থানীগণের আলোচ্য ও দ্বিব্য।

(৭) এই গ্রন্থের ধারাটি অপ্টকালীয় নহে, ইহা বিশেষভাবে অনুরাগের ধারা—যাহা প্রীকৃষ্ণ-কর্ণামৃতে, উৎকলিকাবল্লরীতে, বিলাপ-কুসুমাঞ্জলি-প্রভৃতিতে প্রকটিত হইয়াছে—ইহা সেই উৎকটলালসাময়ী ধারা।

মাধুর্য্যকাদম্বিনীকারের মতে 'আসক্তি'-ভূমিকালাভের পর সাধক আর বিধিবদ্ধভাবে চলিতে পারে না। প্রীজীবচরণ বলিয়াছেন—'রুচিঃ বুদ্ধিপূর্বিকা, আসক্তিস্ত স্বাভাবিকী।' আসক্তির পর হইতে ভজন স্বভাবে পরিণত হয়। প্রীচক্রবর্ত্তিপাদ কপিলোপাখ্যানের টীকায় লিখিয়াছেন যে রাগান্থগীয় সাধক প্রথম হইতেই স্বতঃপ্রণাদিত হইয়া ভজন করেন, স্থপূর্বক, আনন্দের সহিত—স্বভাবের প্রেরণায় ভজন করেন। রোগীর মিছরি আস্বাদনের দৃষ্টান্ত রাগান্থগীয় সাধক সম্বন্ধে প্রযোজ্য নহে। যথার্থ রাগান্থগীয় সাধক অতি বিরল—"কচেবিরলত্বাৎ" [ভক্তিসন্দর্ভঃ]; অতএব প্রীসরস্বতীপাদের এই ভজন—বিশেষভাবে অনুরাগের ভজন।

উজ্জ্বনীলমণিতে আছে যে—তুঙ্গবিতাদি দক্ষিণা প্রথবা—কাজেই পূর্বস্থাবারুসরণে শ্রীসরস্থতীপাদকে 'দক্ষিণা' নায়িকা বলিতে হয়; যেহেতু তিনি মান, বাম্য ইত্যাদির বিশেষ পক্ষপাতী নহেন; অথচ মিলন, অনুরাগ ইত্যাদির সবিশেষ পক্ষপাতী, কাজেই শতকগুলির বোঁক নিত্যবিহারের দিকে, নিত্য নিকুঞ্জ মিলনের দিকে—শ্রীগোবিন্দ-লীলামৃতাদির স্থায় অপ্টকালীন ধারা নহে।

সরল কথায় বলিতে গেলে—শ্রীসরস্বতীপাদের ভাবধারায় ও ভজন পদ্ধতিতে তীব্র অমুরাগ, তীব্র ভজন, তীব্র বৈরাগ্য, নিরন্তর স্মরণ, নিরন্তর স্মূর্ত্তি, নিরন্তর আবেশ এবং আত্মহারা ব্যাকুলতা ইত্যাদি স্পষ্টই অমুভূত হয়। 'সাসঙ্গ ভজন'—আসক্তিযুক্ত ভজন—প্রাণের ভজন না হইলে তীব্র ভক্তিযোগ না থাকিলে মৃত্মন্থর ভজনে কোন কালেও ফললাভের আশা নাই। বস্তুতঃ শতকের রসতন্ময়তা, আনন্দ বিহ্বলতা ও অমুরাগোন্মাদনা প্রচুরতর আস্বাত ও উপভোগ্য।

শীরন্দাবন-মহিমামতের প্রতি শতকে শ্লোক-সংখ্যা*

প্রথম শতকে	200	সপ্তম শতকে	205	ত্রয়োদশ শতকে	200
দ্বিতীয় শতকে	66	অষ্টম শতকে	500	চতুৰ্দশ শতকে	>08
তৃতীয় শতকে	200	নবম শতকে	200	পঞ্চদশ শতকে	200
চতুর্থ শতকে	520	দশম শতকে	205	ষোড়শ শতকে	46
পঞ্চম শতকে	200	একাদশ শতকে	229	সপ্তদশ শতকে	>२७
ষষ্ঠ শতকে	36	বাদশ শতকে	न्द	মোট	2992

শ্রীরন্দাবন মহিমায়তের হিন্দী (ব্রজভাষায়) অমুবাদ—
শ্রীগোবিন্দের সেবাধিকারী প্রসিদ্ধ শ্রীহরিদাস গোস্বামীপাদের শিষ্যা
বলিয়া হিন্দী-ভক্তমালে উল্লিখিত শ্রীভগবন্ত মুদ্রিত শ্রীবৃন্দাবনমহিমায়ত
সপ্তদশ শতকের অমুবাদ করিয়াছেন। রচনা-নৈপুণ্য প্রশংসনীয়।
ষোড়শ শক-শতান্দীর প্রথমপাদে ইহার আবির্ভাব হইয়াছিল।

মঙ্গলাচরণ— শ্রীরুষ্ণ চৈত্র জৈ জৈ বিহারী। নাগরী রূপ-গুণ আগরী বিধি সবৈ ভাগরী ভক্তিকো দয়াকারী। ভঙ্কন হো অগম সো স্থগম কিয়ো সহজহী শ্রীরাধিকাকস্তকৌ হিত হিয়ারী। মুদিত ভগবন্ত রসবস্ত জে রসিকজন চরণরজ রহসি কৈ শীশধারী। কিয়ো উচ্চার মৈঁ দয়া অনুসার তে শ্রীরুষ্ণ চৈত্র জৈ জি বিহারী।

দোহা—শ্রীবৃন্দাবনরতি শত কিয়ো বাণী মোদ প্রবোধ। ভগবন্ত সো ভাষা করেঁ। সাখা মনকী সোধ। ইতি

> শ্রীশ্রীগোড়ীয়-বৈষ্ণব-অভিধানে শ্রীল হরিদাস দাস বাবাজী মহারাজ

শ্রীশ্রীগোরগদাধরে বিজয়েতাম্

প্রীপ্রীরন্দাবন-মহিমায়তম্

শ্রীশ্রীল প্রবোধানন্দ-সরস্বতী-গোস্বামিপাদ-বিরচিত্রম্

প্রথমং শতকম্

শ্ৰীশ্ৰীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ

শ্রীরাধা-মূরলী-মনোহর-পদান্তোজং সদ। ভাবয়ন্
শ্রীচৈতন্তমহাপ্রভাঃ পদরজঃস্বাত্মানমেবার্পয়ন্।
শ্রীমন্তাগবতোত্তমান্ গুণনিধীনত্যাদরাদানমন্
শ্রীরন্দাবন-দিব্যবৈভবমহং স্তোতুং মুদা প্রারভে॥১॥
ঈশোহপি ষস্ত মহিমামূত-বারিরাশেঃ
পারং প্রযাতুমনলং বত তত্র কেহন্যে।
কিন্তল্লমপ্যহমিহ প্রণয়াদ্ বিগাহ্
স্থাং ধন্য ধন্য ইতি মে সমুপক্রমোহয়ম্॥২॥

শ্রীরাধা ও শ্রীমুরলী-মনোহরের পাদপদ্ম নিরন্তর চিন্তা করিয়া,—
শ্রীচৈত্তসমহাপ্রভুর পদরজঃ-কণাসমূহে আত্ম সমর্পণ করিয়া,—কল্যাণগুণসাগর ভাগবতোত্তমদিগের চরণকমলে অতিশয় আদর পূর্ব্বক বারংবার
প্রণাম করিয়া—আনন্দের সহিত আমি শ্রীর্ন্দাবনের দিব্য বৈভবের স্তব্
করিতে প্রবৃত্ত হইতেছি॥ ১॥

যে বৃন্দাবনের মহিমামৃত সমুদ্রের পার গমনে স্বয়ং ঈশ্বরও অপারক, সেই কার্য্যে অপর কেই বা সাহস করিবে? কিন্তু প্রণয়ভরে আমি ঐ সমুদ্রে সামান্ত পরিমাণে অবগাহন করিয়াও ধন্ত হইব—এইজন্তই আমার এই প্রচেষ্ঠা॥ ২॥ শ্রীমদ্রুন্দাটবি ! মম হৃদি স্ফোরয়াত্ম-স্থরূপ-মত্যাশ্চর্য্যং প্রকৃতিপরম্ আনন্দ-বিভারহস্তম্। পূর্ণব্রহ্মামৃতমপি ব্রিয়েবাহভিধাতুং ন নেতি ব্রতে যুবোপনিষদহহাত্রত্য বার্তা কুতস্ত্যা ॥৩॥

রাধাকৃষ্ণ-বিলাসপূর্ণ-স্কুচমৎকারং মহামাধুরীসারস্ফার-চমৎকৃতিং হরিরসোৎকর্ষস্থ কাষ্ঠাং পরাম্।
দিব্যং স্বান্থরসৈকরম্যস্কুভগাশেষং ন শেষাদিভিঃ
সেশৈর্গম্য-গুণোঘপারমনিশং সংস্কৌমি র্ন্দাবনম্॥৪॥
প্রেমৌৎক্যেন বিচিন্ত্যতাং বিলুঠনৈঃ সর্বাঙ্গমাযোজ্যতাং
দেহস্যাস্থ সমর্পণেন স্থদূদ্প্রেমা সমাস্থীয়তাম্।

হে শ্রীমদ্রুন্দাটবী! অত্যাশ্চর্য্যজনক অপ্রাক্ত আনন্দ-বিছা-রহস্থযুক্ত যে তোমার স্বকীয় স্বরূপ, তাহা আমার হৃদয়ে স্ফুর্ত্তি করাও।
যথন পূর্ণব্রহ্মামৃতই বর্ণন করিতে লজ্জিত হইয়া "নেতি নেতি" উপনিষৎ
বলিয়া থাকেন, তখন অত্রত্য (এই বুন্দাবনের) বার্ত্তা বিষয়ে আর কি
বলা যাইবে ? ॥ ৩॥

যে স্থান শ্রীরাধারুষ্ণের বিলাস-সোভাগ্যে পূর্ণ চমৎকারিত্ব-জনক, যে স্থান মহা-মাধুর্য্যের সার হেতু অতীব বিশ্বয়কর,— যে স্থান শ্রীহরির রসোৎকর্ষের (শৃঙ্গার রসের) পরাকাষ্ঠা প্রতিপাদক, অপ্রাকৃত ও আস্বাদনীয় মুখ্য উজ্জ্বল-রসের অশেষ সোভাগ্যে গৌরবান্থিত (অথবা— উন্নত উজ্জ্বল রসের দারাই অশেষভাবে একমাত্র রমণীয় ও সোভাগ্য-মণ্ডিত), ঈশ্বর সহিত শেষাদি দেবগণ পর্যান্ত যাঁহার গুণরাশির বর্ণনা করিয়া শেষ করিতে পারেন না,—এমন শ্রীবৃন্দাবনকে আমি দিবানিশি সম্যক্ প্রকারে স্তব করিতেছি॥ ৪॥

প্রেমোৎকণ্ঠাভরে (শ্রীধামের) চিন্তা কর,—বিলুগ্ঠনের জন্ম সর্বাঙ্গের নিয়োগ কর,—এই (ভৌতিক) দেহের সমর্পণ করিয়া স্থদৃঢ় প্রেমার রাধাজানিরূপাস্থতাং স্থিরচর-প্রাণীহ সন্তোষ্ঠতাং
শ্রীরুন্দাবনমেব সর্বরপরমং সর্বাত্মনাশ্রীয়তাম্ ॥৫॥
বেদান্তাঃ প্রতিপাদমন্তি মুখতো নোচেত্তঃ কিং, ন চেন্
মন্যন্তে বত শাস্ত্রগর্তপতিতা হস্তর্কিণঃ কিং ততঃ।
নো চেদ্ বা জগতোহমুভূতিপদবীং যাতস্ততঃ কিং মম
স্মাত্মা বজ্রসহস্রবিদ্ধ ইব ন স্পন্দেত বৃন্দাবনাৎ ॥৬॥
প্রোদঞ্চৎপিকপঞ্চমং প্রবিলসদ্বংশীস্ত্রসঙ্গীতকং
শাখাখণ্ড-শিখণ্ডি-তাণ্ডব-কলং প্রোল্লাদিবল্লিক্রমম্।
ভাজন্মজ্ব-নিকুঞ্জকং খগকুলৈশ্চিত্রং বিচিত্রং মুগৈর্নানাদিব্যসরঃসরিদ্ গিরিবরং ধ্যায়ামি বৃন্দাবনম্ ॥৭॥

আশ্রম লাভ কর,—শ্রীরাধা-নাগরকে উপাসনা কর,—শ্রীধামের স্থাবর-জঙ্গম প্রাণিমাত্রকেই সন্তুষ্ট কর,—এইরূপে সর্বশ্রেষ্ঠ শ্রীবৃন্দাবনই কায়-মনোবাক্যে আশ্রয় কর॥ ৫॥

শ্রীবৃন্দাবন মহিমা—বেদান্তসকল মুখে (মুখ্যবৃত্তিতে) প্রতিপাদন
না করিলেই বা আমার কি? শাস্ত্র-গর্ত্তে নিপতিত কু-তার্কিকগণ যদি
শ্রীবৃন্দাবনের সম্মান না করে, তাহাতেই বা ক্ষতি কি? এবং ঐ ধামমাহাত্র্য জগদ্বাসীর অন্তব গোচর না হইলেই বা আমার কি?
আমার দেহ সহস্র বজ্র কর্তৃক বিদ্ধের মত হইয়া যেন বৃন্দাবন হইতে
অন্তর্ত্ত ঈষ্মাত্রও চালিত না হয়॥ ৬॥

যে ধামে কোকিল-কুল উদাত্ত পঞ্চম স্বরে আলাপ করে,—বংশীর স্থাহন তানের সহিত যে স্থলে স্থাধুর সঙ্গীত শ্রুতিগোচর হয়,—যে ধামের প্রতি বৃক্ষশাখায় ময়ূরগণের তাণ্ডব নৃত্য-সহকারে অস্ফুট মধুর ধ্বনি হয়,—যে স্থানে লতা ও বৃক্ষসমূহ (ফল ফুলে) উল্লিসিত,—যে ধামে জ্বুল নিকুঞ্জ সমূহ শোভমান,—নানা জাতীয় বিহঙ্গ কুল ব্যাপ্ত নানা-

ক্রুলং সূক্ষাং কারণং ব্রহ্মতুর্যাং
ক্রীবৈকুঠো দারকা জন্মভূমিঃ।
ক্রম্মস্থাথো গোষ্ঠবৃন্দান্যনন্তং
গোপ্যাক্রীড়ং ধাম বৃন্দাবনান্তঃ ॥৮॥
অত্যাশ্চর্যা সর্বতোহস্মাদ্ বিচিত্রা
ক্রীমদ্রাধা-কুপ্রবাটী চকাস্তি।
আত্যা ভাবো যো বিশুদ্দোহতি পূর্ণক্রদ্রপা সা ভাদৃশোন্মাদি সর্ববা ॥৯॥
তবৈবাবিভূ'য়া সক্রপশোভাবৈদগ্যান্যোহন্যানুরাগান্তুভোঘো।
নিত্যাভন্সপ্রোন্মদানন্তরকো
রাধাকুষ্ণো খেলতঃ স্বালিজু্টো ॥১০॥

বিধ পশু সমাকীর্ণ এবং নানাবিধ দিব্য সরোবর নদী ও পর্বতাকীর্ণ— সেই বৃন্দাবনকে ধ্যান করি॥ ৭॥

স্থল, স্থা, কারণ ও তুরীয় ব্রহ্ম, শ্রীবৈকুণ্ঠ, দারকা, জন্মভূমি (মথুরা বা গোকুল,) ক্ষের গোচারণ স্থলী সকল এবং অনন্ত গোপীকুঞ্জ ইঁহারা সকলেই বৃন্দাবনের অন্তর্ভুক্ত ॥ ৮॥

অতিশয় আশ্চর্যাজনক ও পরিদৃশুমান্ জগৎ হইতে অতীব স্থলর শ্রীরাধার কুপ্পবাটী শোভা পাইতেছে। বিশুদ্ধ ও অতিপূর্ণ যে আগ্র (শৃঙ্গারাখ্য) ভাব, শ্রীরাধারাণীর কুপ্পবাটী তৎস্বরূপা এবং তদীয় যাহা কিছু সকলই তাদৃশ উন্মাদনাই জন্মাইয়া থাকেন॥ ১॥

সেই স্থানে রূপশোভা-বৈদগ্দী ও পরস্পারের প্রতি অনুরাগের অদ্ভূত সাগর এবং নিত্য ও ভঙ্গরহিত উন্মাদনকারী অনঙ্গ রঙ্গের সহিত আবিভূতি হইশ্বা শ্রীরাধাক্ষ্ণ নিজ স্থীগণের সহিত খেলা করিতেছেন॥ ১০॥ অত্যুৎকৃষ্টে সকলবিধয়া শ্রীলর্ন্দাবনেহিন্মন্
দোষান্ দৃষ্টান্নিজহতদৃশা বাস্তবান্ যে বদন্তি।
তাদৃঙ্ মূঢ়া হরি হরি! মম প্রাণবাধেহপ্যদৃশ্যাঃ
সংভাষ্যা বা কথমপি নহি প্রাণ-সর্বম্বহান্যা॥ ১১॥
ব্রহ্মানন্দমবাপ্য তীব্রতপদা সম্যক্ প্রদান্তেশ্বরং
গোরূপাঃ সকলা ইহোপনিষদঃ কৃষ্ণে রজন্তি ব্রজে।
রন্দারণ্যতৃণং তু দিব্য-রসদং নিতাং চরন্ত্যোহনিশং
রাধাকৃষ্ণপদান্মুজোত্তম-রসাম্বাদেন পূর্ণা হি তাঃ॥ ১২॥
শ্রীরন্দাবনবাসিনি স্থিরচরে দোষান্ মম শ্রাব্যেদ্
যোহসৌ কিং শতধা ছিনত্তি ন স মাং শক্তৈর্থাক্ত্রেঃ শিতৈঃ।
সর্বাধীশিতুরত্র জীবনবনে যো বেষ মাত্রং চরেদ্
একস্থাপি তৃণস্থ ঘোরনরকাত্তং কঃ কদা বোদ্ধরেৎ॥ ১৩॥
শ্রীরন্দারণ্য-শোভামৃতলহরি-সমালোকতো বিহ্বলা মে
দৃষ্টি বাভাতু বৃন্দাবনমহিম-স্থা বারিধো মজ্জতাদ্ধীঃ

সর্বপ্রকারে অতি উৎকৃষ্ট এই প্রীধাম বৃন্দাবনে নিজ তুর্ভাগ্যবশতঃ দৃষ্ট দোষ সমূহকে যাহারা সত্য বলিয়া বর্ণনা করে—অহো! সেই মূঢ় ব্যক্তি-গণকে আমি প্রাণ-সন্ধট উপস্থিত হইলেও দর্শন করিব না। প্রাণ বা যথাসর্বাস্থ হানি হইলেও তাহাদের সহিত বাক্যালাপ করিব না॥ ১১॥

উপনিষৎসমূহ ব্রহ্মানন্দ প্রাপ্ত হইয়াও, তীব্র তপস্থা দারা সম্যকরপে ঈশ্বরারাধনা করিয়া এই ব্রজে গোরূপী হইয়া ক্লঞ্চে অন্তর্বক্ত হইয়াছেন। তাঁহারা দিব্য রসদানকারী বুন্দারণ্য-তৃণ ভক্ষণ করিয়া দিবানিশি নিত্য রাধা-কৃষ্ণ পাদপদ্মের উত্তম রসাস্বাদনে পরিপূর্ণ হইয়া অবস্থান করিতেছেন ॥১২॥

শ্রীবৃন্দাবনবাসী স্থাবর জঙ্গমে দোষ সমূহ আছে বলিয়া যে ব্যক্তি আমাকে শ্রবণ করায়, সে কি আমাকে শাণিত অন্ত্র দ্বারা শতধা ছেদন করে না ? সর্কাধীশের এই প্রাণোপম বনে যে একটি তৃণের প্রতিও স্বন্ন দ্বোচরণ করে, তবে তাহাকে ঘোর নরক হইতে কবে কে-ই বা উদ্ধার করিবে ? ১৩॥

শ্রীরন্দারণ্যভূমো লুঠতু মম তন্তু বিহবলানন্দপূরেঃ
শ্রীরন্দারণ্যসত্ত্বেহু তত ইতো দণ্ডবন্মে নতিঃ স্থাৎ।। ১৪।।

যত্র ক্রীড়ন্তি কৃষ্ণ-প্রিয়-সখ-স্থবলাগ্যভুত্যভীরবালা
মোদন্তে যত্র রাধা-রতিময়-ললিতাগ্যুজ্জ্ল-শ্রীকিশোর্যাঃ।
আশ্চর্যানঙ্গরক্তিরহুই! নিশি দিবা খেলনাসক্ত-রাধাকৃষ্ণো রত্যেকতৃষ্ণো মম সমুদয়তাং শ্রীলরন্দাবনং তৎ।।১৫।।

স্বাচ্ছং স্বাচ্নলমেবাস্ত্যাতিমধুর-রসং নিঝারাগ্যন্থ পাতুং
ভোক্তর্ং স্বাদ্নি কামং সকলতরুতলে শীর্ণপূর্ণানি সন্তি।
কামং নিঃশীতবাতং বিমলগিরিগুহাগ্যস্তি নিভীতি বস্তং
শ্রীরন্দারণ্যমেতত্ত্বদি যদি জিহাসামি হা হা হতোহিস্ম। ১৬

প্রীবৃন্দারণ্যের শোভামৃত তরঙ্গসমূহ অবলোকন করিতে করিতে
নিত্যই আমার লোচন বিহ্বল হউক, প্রীবৃন্দাবনের মহিমা-স্থা-সমুদ্রে
আমার বৃদ্ধি মজ্জন করুক, সান্দ্রানন্দ প্রবাহে বিভোর হইয়া আমার দেহ
প্রীবৃন্দারণ্য-ভূমিতে লুগুন করুক। অহা প্রীবৃন্দারণ্যবাসী সর্বজীবের চরণে
যেন ইতস্ততঃ দণ্ডবৎ প্রণাম করিতে পারি॥ ১৪॥

যে স্থানে শ্রীকৃষ্ণ প্রিয়সথা স্থবলাদি অভুত অভুত গোপবালকগণ ক্রীড়া করেন,—যে স্থানে শ্রীরাধার প্রতি রতিশালিনী ললিতাদি উজ্জল-রস-বিশিষ্টা শ্রীকিশোরীনিচয় আনন্দ পাইয়া থাকেন —দিবানিশি আশ্চর্য্য অনঙ্গ-রঙ্গে খেলনপরায়ণ রতিতেই একমাত্র তৃষ্ণাবিশিষ্ট শ্রীরাধাকৃষ্ণ,— সেই শ্রীকৃদাবনকে আমার হৃদয়ে সমুদিত করুন॥ ১৫॥

স্বচ্ছন্দে পান করিবার জন্ম স্বচ্ছ অতি মধুর-রস-বিশিষ্ট নিঝরাদি আছে,—যথেচ্ছা ভোজনের জন্ম সকল তরুতেই স্থস্বাত্ম শীর্ণ পত্র রহিয়াছে—যথেষ্ট উষ্ণ নির্কাত ও ভয়শূন্ম বিমল গিরিগহ্বর প্রভৃতি বর্ত্তমান
আছে—এই প্রীবৃন্দাবন (সর্ব্বথাই) বাসের উপযোগী বলিয়া প্রতীয়মান
হইতেছে—তথাপি হায়! যদি ইহাকে ত্যাগ করি, তবে আমি অত্যন্ত
মন্দভাগ্য॥ ১৬॥

মহাপ্রেমান্তাধে র্যদন্তপমসারং বদমলং
হরিপ্রেমান্তোধে র্মধুর-মধুরং দ্বাপবলয়ম্।
মুনীন্তানাং র্দৈঃ কলিতরতি-রন্দাবনমহো!
তদেতদ্বেহান্তাবধিকমধিবাসং দিশতু মে॥ ১৭॥
বাপীকপত্তাগ-কোটিভিব্রে দিরাম্মনাভিত্তি

বাপীকৃপতড়াগ-কোটিভিরহো দিব্যামৃতাভিযু তং দিব্যোগ্যৎফল-পুস্পবাটিকমনন্তাশ্চর্য্যবল্লী দ্রুমন্। দিব্যানন্তপতন্মৃগং বনভুবাং শোভাভিরত্যদ্ভুতং দিব্যানেক-নিকুঞ্জমঞ্জুলতরং ধ্যায়ামি বৃন্দাবনম্॥ ১৮॥

শ্রীরাধিকা-মদনমোহন-কেলিকুঞ্জপুঞ্জৈর্ তং দ্রুমলতা-ঘন-রত্নভূমি।
আনন্দমত্ত-মৃগ-পিক্ষিকুলাকুলং শ্রীরন্দাবনং হরতি কস্থ হঠান্ন চেতঃ॥১৯॥
কস্থাপি দিব্য-রতি-মন্মথকোটিরূপধামদ্বয়স্থ কনকাসিত-রত্নভাসঃ।

যাহা মহাপ্রেম সমুদ্রের উপমারহিত বিমল সার বস্তু, যাহা প্রীহরির প্রেম-সাগরের অতি মধুর দ্বীপ বলয় সদৃশ ও যাহাতে মুনিপ্রেষ্ঠগণ পরম রতি প্রাপ্ত হয়েন—সেই বুন্দাবন মৃত্যুকাল পর্যান্ত আমাকে সম্যক প্রকারে আশ্রয় দান করুন্॥ ১৭॥

দিব্য জলে পূর্ণ কোটি কোটি সরোবর, কূপ ও তড়াগযুক্ত, দিব্য দিব্য ফল ও পুষ্পবাটিকা মণ্ডিত, অনস্ত চমৎকারকারী বৃক্ষলতা সমাকীর্ণ, দিব্য দিব্য অসংখ্য ইতস্ততঃ ধাবমান পশু সঙ্কুল, বনভূমির বিচিত্র শোভা সমুদ্রাসিত এবং দিব্য অগণিত মঞ্জুল (মনোহর) নিকুঞ্জপুঞ্জ পরিশোভিত শীর্ন্দাবনের ধ্যান করি॥ ১৮॥

প্রীরাধামদনমোহনের কেলিকুঞ্জসমূহে আকীর্ণ, ঘন ঘন বুক্ষলতা পরি-বেষ্টিত রত্নভূমিযুক্ত এবং আনন্দমত্ত পশু-পক্ষী-সমূহের দারা আকুলিত, সেই প্রীরন্দাবন বলাৎকার পূর্ব্বক কাহার চিত্ত না হরণ করিয়া থাকেন ?॥ ১৯॥ অত্যন্ত র্মানকেলিবিলাসর্কৈন
র্মাবনং মধুরিমাস্থি-মগ্নমীক্ষে॥ ২০॥
গাঢ়াসক্তিমতামপীহ বিষয়েম্বত্যন্ত-নির্বেদতো
দৃক্পাতেহপ্যসহিষ্ণুতাতিশয়িনাং যোগে সমুদ্যোগিনাম্।
ব্রহ্মানন্দরসৈকলীন-মনসাং গোবিন্দ-পাদাস্থুজদুন্দাবিষ্ট-ধিয়াং চ মোহনমিদং বৃন্দাবনং স্বৈগ্রতিশঃ॥ ২১॥

চিরাত্বপনিষদিগরামপি বিচার্য্য তাৎপর্য্যকং ন লব্ধুমিহ শক্যতে যমন্ত্র মাধুরী কাপ্যহো। তমপ্যন্তভবেন্মহারসনিধিং যদাবাসত-

স্তদেব পরমং মম ক্র্রতু ধাম বৃন্দাবনম্॥ ২২॥ সোদ্বা পাদপ্রহারানপি চ শতশতং ধিক্কৃতীনাঞ্চ কোটিঃ ক্রুত্টশীতাদি-বাধা-শতমপি সততং ধৈর্ঘ্যমালম্ব্য সোদ্বা।

কোনও দিব্য কোটি কোটি রতি-কামদেব রূপবিশিষ্ট (অনির্বাচনীয়) বিগ্রহযুগলের স্বর্ণ-নীল-জ্যোতিরুদ্ধাসিত অতীব অভুত কাম-কেলিবিলাসাদির মাধুর্য্য সাগরে মগ্ন শ্রীবৃন্দাবনকে আমি দর্শন করিতে ইচ্ছা করি॥ ২০॥

এই সংসারের বিষয় সমূহে গাঢ় আশক্তিযুক্ত ব্যক্তিদিগের অতি
নির্বেদ (বৈরাগ্য) বশতঃ ঐ বিষয়েই দৃকপাত করিতে ও অত্যন্ত অসহিষ্ণুদিগের—যোগমার্গে সম্যক্ প্রকারে উদ্যোক্তাগণের—কেবলমাত্র ব্রহ্মানন্দরসেই মগচিত্ত ব্যক্তি বর্গের এমন কি গোবিন্দপাদপদ্মে আবিষ্টচিত্ত
ভক্তবন্দেরও মন এই শ্রীবৃন্দাবন স্বকীয় গুণরাশিতে মোহিত করিয়া
থাকেন॥ ২১॥

বহুদিন পর্যান্ত উপনিষৎ বাক্য সমূহের তাৎপর্য্য বিচার করিয়াও হায়। অণুমাত্রও যে মাধুরী লাভ করিতে সাধ্য হয় না, পরন্ত শ্রীর্ন্দাবনে বাস করিয়াই সেই মধুরিমা সমুদ্রের আস্বাদন হইতে থাকে; সেই সর্কোৎ-কৃষ্ট শ্রীধাম বৃন্দাবন আমার স্ফুর্ত্তি প্রাপ্ত হউন॥ ২২॥

শত শত পাদ প্রহারও সহ্য করিয়া, কোটি কোটি ধিকারও সহ্ করিয়া, ধৈর্য্য সহকারে সতত ক্ষুধা, তৃষ্ণা ও শীত গ্রীম্মাদির শত শত বাধা মুঞ্চন্ শোকাশ্রামতিকরুণগিরা রাধিকাকুফ্যনামা-ন্যুদ্গায়ন্ কহি বৃন্দাবনমধি বিকলোহকিঞ্চনঃ সঞ্চরামি॥২৩॥

> অন্ত শ্বো বা যাস্ততীদং কুদেহং সর্বের ভোগা যান্তি তত্র স্থিতেইপি। কস্মাৎ সোখ্যাভাসমুচ্চৈবিভিষি নিত্যানন্দে নন্দ বৃন্দাবনান্তঃ॥ ২৪॥

কিং নো ভূপৈঃ কিং নু দেবাদিভির্বা স্বাপ্নেশ্বর্যোৎফুল্লিতৈঃ কিঞ্চ মুক্তিঃ। শূন্যালন্দে বৈষ্ণবৈ বাপি কিং নঃ শ্রীমদ্রুন্দাকাননৈকান্তভাজাম্॥ ২৫॥

শং সর্বেষামপ্রয়াসেন দাত্রী দ্বি-ত্রৈকান্তি-প্রেমমাত্রৈকপাত্রী।

বিন্ন অতিক্রম করিয়াও কবে শোকাশ্রুধারা পরিত্যাগ করিতে করিতে শ্রীরাধিকা-ক্লফের নামাবলি অতি করুণ ধ্বনিতে উচ্চৈঃস্বরে গান করিতে করিতে বিকলচিত্তে অকিঞ্চন হইয়া শ্রীবৃন্দাবনে ইতস্ততঃ বিচরণ করিব॥২৩॥

অন্ত কিম্বা কল্যই এই কুংসিং দেহপাত হইবে, আর দেহ থাকি-লেও অচিরে সকল ভোগ ফুরাইয়া যাইবে। কেন এই পার্থিব বস্তুসমূহের স্থাের আভাসে মত্ত হইতেছ ? অতএব নিত্যানন্দদায়ী শ্রীবৃন্দাবনেই আনন্দ লাভ কর॥ ২৪॥

একান্তভাবে শ্রীরন্দাবনাশ্রী আমাদের নৃপতিগণেরই বা কি প্রয়োজন ? দেবগণেরই বা কি আবশ্যক ? আর স্বাপ্ন-ঐশ্বর্যাতুলা ঐশ্বর্যা দ্বারা উৎফুল্লিত মুক্তগণের দ্বারাই বা আমাদের কি প্রয়োজন ? অপর শ্যাবলম্বী (পরব্যোম বৈকুণ্ঠাদি প্রাপ্তিই ঘাঁহাদের লক্ষ্য) বৈষ্ণবগণেরই বা আমাদের কি আবশ্যক ? ২৫॥

অনায়াসে সকলের স্থ-বিধানকারী, তুই তিন (মুষ্টিমেয়) একান্তী

আনন্দাত্বাহশেষসত্বানি ধাত্রী শ্রীরন্দাটব্যস্ত মেহন্ধস্থ ধাত্রী॥ ২৬॥

বেণুং যত্র কণয়তি মুদা নীপমূলাবলম্বী
সম্বীত শ্রীকনকবসনঃ শীতকালিন্দিতীরে।
পশ্যন্ রাধাবদনকমলং কোহপি দিব্যঃ কিশোরঃ
শ্যামঃ কাম প্রকৃতিরিহু মে প্রেম রুন্দাবনেহস্তু॥ ২৭॥
তৈস্তৈঃ কিং নঃ পরমপরমানন্দ-সাম্রাজ্যভোগৈঃ
কিংবা যোগেঃ পরপদকৃতে কিং পরে বাভিযোগৈঃ।
বাসেনেব প্রসভমথিলানন্দ-সারাভিসারং
রুন্দারণ্যে মধুর-মুরলী-নাদমাকর্ণয়িয়েয়॥ ২৮॥
শ্রীবস্ত্রাভরণাদিল্লৎ-করপদান্তাৎকর্তদাহাদিভিঃ
নিন্দা-সংস্তব-কোটিভি বহুবিভূত্যত্যন্ত-দৈন্যাদিভিঃ।
জীবন্ধের মৃতো যথা ন বিকৃতিং প্রাপ্তঃ কথঞ্চিৎ কচিৎ
শ্রীবৃন্দাবনমাশ্রেরে প্রিয়মহানন্দৈককন্দং পরম্॥ ২৯॥

জনেরই কেবল প্রেমের পাত্র—আনন্দ স্বরূপ নিখিল জীবের ধারণকারী সেই শ্রীবৃন্দাট্বী মাৃদৃশ অন্ধজনের ধাত্রী (পালয়ত্রী) হউন॥ ২৬॥

শীতল যম্নাতীরে কদম্মূলাবলম্বী স্থন্দর পীতবন্ত্র পরিছিত, শ্রামবর্ণ কাম-প্রকৃতি-বিশিষ্ট কোনও এক দিব্য কিশোর শ্রীরাধার বদন-কমল দর্শন করিতে করিতে যে স্থানে আনন্দে বেণুবাদন করিতেছেন—সেই শ্রীবৃন্দাবনে আমার প্রেম হউক॥ ২৭॥

অতীব পরমানন্দ-বিধায়ক সেই সমস্ত সাম্রাজ্য ভোগেই বা আমা-দের কি? উৎকৃষ্ট (স্বর্গাদি) স্থান প্রাপ্তি উদ্দেশ্যে যোগসমূহ দ্বারাই বা কি লাভ? অন্যান্ত বিষয়ে অভিনিবেশ করিয়াই বা কি ফল? যেহেতু বুন্দাবনে বাস করিলেই ত নিখিল আনন্দের সারাৎসার মধুর মুরলীনিনাদ হঠাৎ কর্ণরন্ধ্রে প্রবেশ করিবে॥ ২৮॥

উত্তম উত্তম বস্ত্র ও আভরণাদি লাভে, হৃদয় ও কর-চরণাদির ছেদন

তুঃখাত্যেব স্থানি বিদ্যাপযশো জানীহি কীর্ত্তিং পরাং মত্যেথা অধমৈশ্চ তুপ্পরিভবান্ সম্মানবৎ সত্তমৈঃ। দৈন্যান্যেব মহাবিভূতিমতিসল্লাভানলাভান্ সদা পাপান্যেব চ পুণ্যমস্তি যদি তে বৃন্দাবনং জীবনম্॥ ৩০॥

ত্যক্তা সঙ্গং দূরতঃ স্ত্রী-পিশাচ্যাঃ
সর্বাশানাং মূলমুদ্ধৃত্য সম্যক্।
দৈবাল্লকেনৈব নির্বাহ্ম দেহং
শ্রীমদ্রন্দাকাননে জোষমাস্ত্র ॥ ৩১॥
ন কুরু ন বদ কিঞ্চিদ্ বিস্মরাশেষদৃশ্যং
স্মর মিথুনমহ শুদ্গৌরনীলং স্মরার্তম্।

বহুজন-সমবায়াদ্ দূরমুদ্বিজ্য যাহি প্রিয় নিবস স্থদিব্য-শ্রীলবৃন্দাবনান্তঃ ॥ ৩২॥

বা দাহাদিতে অথবা কোটি কোটি নিন্দা ও প্রশংসা দ্বারা, কিম্বা বহু ধন-সম্পত্তি বা দৈন্তাদিতেও জীবন্যূতবং কখনও কোনও প্রকারে বিকার প্রাপ্ত না হইয়া পর্ম প্রিয় মহানন্দ বীজম্বরূপ এই শ্রীরুন্দাবন আশ্রয় করিলাম॥ ২৯॥

যদি বুন্দাবনই তোমার জীবন হয়, তবে ছঃখ সমূহকেই স্থখরাশি বলিয়াই গ্রহণ কর, অপ্যশকেই প্রমা-কীর্ত্তি বলিয়া জান, অধম পুরুষগণ কর্তৃক অতিশয় অপমানিত হইলে তাহাকেই সাধুপুরুষের সন্মানবৎ মনে কর। দরিদ্রতা রাশিকেই মহা বিভূতি স্বরূপে, অত্যুত্তম পাথিব লাভ সমূদ্যকে মহা ক্ষতি স্বরূপ এবং পাপসমূহকে পুণ্যরূপে প্রতীত কর॥ ৩০॥

ন্ত্রী-পিশাচীর সঙ্গ দূর হইতে ত্যাগ,—সকল বাসনার মূল সম্যক্ প্রকারে উচ্ছেদ এবং দৈবলব্ধ বস্ত দারা দেহযাত্রা নির্কাহ ও প্রীবৃন্দাকাননে প্রীতিপূর্কক বাস কর॥ ৩১॥

তোমার কর্ত্তব্য বা বক্তব্য কিছুই নাই; অশেষ দৃশ্য বস্ত বিস্মৃত হও; কামাতুর সেই গৌর-নীল মিথুনকেই স্মরণ কর। বহু লোকের

শীর্ন্দাবন-মহিমামূতম্

করনিহিতকপোলো নিত্যমশ্রুণি মুঞ্চন্ পরিহৃতজনসঙ্গোহরোচমানানুষানঃ। প্রতিপদবহুলার্ত্যা রাধিকাক্ষ্ণদাস্থে বসতি পরমধন্যঃ কোহপি বৃন্দাবনেহস্মিন্॥ ৩৩॥

অস্থলভমিহ লোকে লকু মিচ্ছস্তযত্নাৎ যদি বিপুলধন-স্ত্রী-পুত্র-গেহোত্তমাদি। করনিপতিত-মুক্তিং কৃষ্ণভক্তিঞ্চ কাজ্ফ-স্তাধিবস প্রধামৈবাছ্য বৃন্দাবনাখ্যম্॥ ৩৪॥

বৃন্দাটবী ন হি কবীশ্বর-কাব্যকোটি-সম্ভাব্যমান-গুণরত্নগণচ্ছটেকা। এতামপার-রস্থানিমশেষখানি সংরুধ্য মিত্র মতিমধ্যবসায় যাহি॥ ৩৫॥

সমবায় স্থল হইতে উদ্বিগনিতে দূরে যাও; হে প্রিয়! অপ্রাক্ত শ্রীমদ্-বুন্দাবনেই বাস কর॥ ৩২॥

নিতাই কপোলদেশে গ্রস্ত হস্ত হইয়া অশ্র বিসর্জন করিতে করিতে নিঃসঙ্গে সেবকান্ত্রর রহিত হইয়া প্রতিক্ষণে বহু আর্তিসহকারে যিনি শ্রীরাধারুষ্ণের দাস্ত-রসে মগ্র হইয়া এই শ্রীরুন্দাবনে বাস করেন, তিনিই প্রম ধ্যা॥ ৩০॥

যদি ছর্লভ বিপুল ধন, স্ত্রী, পুত্র, উত্তমোত্তম গৃহাদি এই সংসারে অনায়াসে লাভ করিতে চাও, করনিপত্তিত মৃক্তি ক্ষণভক্তি (এবং প্রেম) প্রাপ্তির জন্ম আকাজ্জা কর, তবে অন্ন হইতেই বৃন্দাবন নামক পরম ধামে বাস কর॥ ৩৪॥

কবিশ্রেষ্ঠগণ কোট কোট কাব্য রচনা দ্বারাও অদ্বিতীয় প্রীর্ন্দা-বনের গুণ-রত্ন সমূহের একটি ছটাকেও বর্ণনা করিতে পারেন না। হে মিত্র! নিথিল ইন্দ্রিয় বৃত্তির সংরোধ করিয়া এই অপার রস-খনি-রূপ বৃন্দাটবীতে স্থিরমতি হইয়া প্রস্থান কর॥ ৩৫॥ বৃন্দাটবী জয়তি কামগবী-স্থুরজ্রচিন্তামণীনগণিতানপি তুচ্ছয়ন্তী।

শ্রী-শঙ্কর-দ্রু-হিণমুখ্য-স্থুরেন্দ্রবৃন্দতুজ্ঞের্যদিব্যমহিমৈকরজঃকণেন॥ ৩৬॥
বৃন্দাটবী যদি রবীন্দু-হুতাশ-বিত্যুৎকোটিপ্রভাভিভবকারি-মহাপ্রভাচ্যা।
স্বাত্মপ্রভা সক্রদপি প্রতিভাতি চিত্তে
বিত্রৈশণাদি ন হি তম্ম মনস্থাদেতি॥ ৩৭॥

শ্রীরাধিকা-মুরলিমোহন-কেলিকুঞ্জপুঞ্জেন মঞ্জলতরা রসসিকুদোশ্রী।
স্বানন্দচিন্ময়-মহাদ্তুত স্বত্তবৃন্দাবৃন্দাটবী মম সবীজমঘং নিহন্ত ॥ ও৮॥
বৃন্দাটবী সহজবীত-সমস্তদোশা
দোধাকরানপি গুণাকরতাং নয়ন্তী।

লক্ষ্মী, শঙ্কর, ব্রহ্মা প্রভৃতি সুরশ্রেষ্ঠগণ যাঁহার অপ্রাকৃত মহিমা কদাপি অবগত নহেন, এমন একটি রজঃকণা দ্বারাও যিনি অগণিত কাম-ধেমু, কল্পবৃক্ষ এবং চিন্তামণিরা শিকেও তুচ্ছ করিতেছেন—সেই শ্রীবৃন্দাটবী জয়যুক্ত হউন॥ ৩৬॥

কোটি কোটি সূর্য্য, চন্দ্র, অগ্নিও বিত্যুৎ সমূহের প্রভা পরাজয়কারী মহা দীপ্তিমতী স্বপ্রকাশা বৃদ্দাটবী কাহারও চিত্তে একবারও উদিত হইলে তাহার মনে বিষয় বাসনা ইত্যাদি আর স্থান পায় না॥ ৩৭॥

শ্রীরাধা-মুরলীমোহনের কেলি-কুঞ্জ-পুঞ্জে মনোহরতরা, রস-সমুদ্রের প্রভাবস্থলী স্থানন্দ চিগ্রায়-রসপূর্ণ মহাভূত প্রাণিবৃন্দ নিষেবিতা বৃন্দাটবী আমার পাপ সমূলে (পাপবীজ—অবিতাসহ) বিনাশ করুন্॥ ৩৮॥

এই প্রীবৃন্দাবনে জীবের সমস্ত দোষই সহজে নাশ পায়, ইনি সর্ব দোষে তুইগণকেও গুণমণ্ডিত করেন; ইনি সকল ধর্ম হইতে বিচ্যুত যে পোষায় মে সকলধর্মবহিক্কতন্ত্র
শোষায় তুস্তর-মহাঘচয়ন্ত ভূয়াৎ॥ ৩৯॥
বৃন্দাটবী বহুভবীয় স্থপুণ্যপুঞ্জানাত্রাভিথির্ভবিভি যন্ত মহামহিল্পঃ।
তস্যেশরঃ সকলকর্ম যুষাকরোভি
ব্রন্দাবনে সকলপাবন-পাবনেহিম্মন্
সর্বোত্তমোত্তম-চর-ন্থির-সত্তজাতে।
শ্রীরাধিকারমণ-ভিক্তরসৈককোষে
তোষেণ নিত্য পরমেণ কদা বসামি॥ ৪১॥
বৃন্দাবনে সকলপাবন-পাবনেহিম্মন্
সর্বোভজ্জোজ্জল উদারমতিঃ সদাহস্তে।
সর্বোভ্জলোজ্জল উদারমতিঃ সদাহস্তে।
সর্বোভ্তান্ত্ত-মহারসরাজ-ধান্মি॥ ৪২॥

আমি, সেই আমার পালন করুন এবং ত্তর মহাপাপরাশির শোষণ করুন্ ইহাই প্রার্থনা॥ ৩৯॥

বহু বহু জন্মের স্থ-পুণ্য পৃঞ্জ বশতঃই শ্রীর্ন্দাবন যে মহামহিম পুরুষের নেত্রগোচর হইয়াছেন, তাঁহার সকল (পূর্ব্দিঞ্চিত ও আগামী) কর্মই ভগবান্ মিথ্যা (বিনাশ) করিয়া থাকেন এবং ব্রন্ধাদি তাঁহাকে অতি ভক্তি সহকারে স্তব করেন॥ ৪০॥

সকল পবিত্রতার পবিত্রতা বিধানকারী, সর্ব্বোত্তমোত্তম স্থাবর জঙ্গম কতু কি নিষেবিত এবং শ্রীরাধারমণের ভক্তিরসের একমাত্র কোষ (স্বাধার) স্বরূপা এই শ্রীরুন্দাবনে কবে নিত্য প্রমানন্দে বাস করিব ? ৪১॥

সর্বাপাবন-পাবন সর্বোত্তমোত্তম মহামহিমান্তি সর্বাচমৎকারী মহারাস (শৃঙ্গার) রাজধানী এই শ্রীরুন্দাবনে সর্বশ্রেষ্ঠ উজ্জ্বল

রন্দাবনে স্থিরচরাথিল-সত্তবৃন্দানন্দাস্থি-স্লপন-দিব্যমহাপ্রভাবে।
ভাবেন কেনচিদিহামৃতি যো বসন্তি
তে সন্তি সর্ববপরবৈষ্ণব-লোকমূর্দ্দি, ॥ ৪৩ ॥
রন্দাটবী বিমল-চিদ্যন-সত্তবৃন্দা
রন্দারক-প্রবর্দ্দ-মুনীন্দ্র-বন্দ্যা।
নিন্দ্যানপি স্বরূপয়াহভুত-বৈভবেন
মাদৃক্পশূন্ স্বচরণানুচরীকরোতু ॥ ৪৪ ॥
শাখীক্রৈঃ কোটিকল্পজ্ঞম-পরমমহাবৈভবৈঃ সাত্তশ্রুত্যুদগানোন্মত্ত-কীর-প্রমুখ-খগকুলৈঃ কৃষ্ণরক্তঃ কুরক্তঃ।
দিবোর্বাপী-তড়াগৈরমৃত্যয়-সরঃ-সৎস্বিদ্রভুক্তিশৈলৈঃ
কুঞ্জৈরানন্দপুঞ্জৈরিব কলয় মহামঞ্জু-বৃন্দাবনং ভোঃ॥ ৪৫ ॥

রসের (অধিনায়ক) উদারমতি (খ্রামস্থলর) নিত্যই বিরাজমান আছেন (অথবা সর্ব্বোজ্জ্বলাজ্জ্বল উদারমতি বৈঞ্চব নিত্য বাস করেন) ॥ ৪২॥

স্থাবর জন্ধনাদি নিথিল জীবের আনন্দ-সমুদ্রে মজ্জনকারী, দিব্য মহাপ্রভাবশালী এই বৃন্দাবনে যে কোনও ভাবাশ্রয় করিয়া যাঁহারা আমরণ বাস করেন—তাঁহারাই সর্বশ্রেষ্ঠ বৈষ্ণবগণের শীর্ষস্থানীয়॥ ৪৩॥

শ্রীর্ন্দাটবীতে যাঁহারা বাস করেন, তাঁহারা সকলেই বিমল ও চিনায় দেহ প্রাপ্ত হইয়াছেন; সর্কশ্রেষ্ঠ পূজনীয় মুনীল্রগণ এই ধামের বর্ণনা করি-তেছেন। আমার তুল্য নিন্দনীয় পশুদিগকেও শ্রীর্ন্দাবন স্বীয়ক্তপা ও অদ্ভূত বিভূতি প্রকাশ করিয়া স্বচরণের কিন্ধরী করুন—এই প্রার্থনা॥ ৪৪॥

কোটি কল্পবৃক্ষের পরম মহাবিভূতি সম্পন্ন বুক্ষরাজগণ শোভিত, বৈঞ্চব-শ্রুতিসমূহের উচ্চ গানে উন্মন্ত কীর (শারী) প্রমুখ পক্ষিকুল সংব্যাপ্ত, শ্রীকৃষ্ণের আনন্দপ্রদ হরিণকুল সঙ্কুল, দিব্য দিব্য কৃপ তড়াগাদি মণ্ডিত, অমৃতময় সরোবর, নদী ও রত্নশৈলগণ কর্তৃক সমলঙ্কৃত হইয়া পুঞ্জী-ভূত আনন্দস্বরূপ কুঞ্জরাজি পরিব্যাপ্ত শ্রীবৃন্দাবনের মহামনোহর শোভা হইয়াছে—ওগো! দর্শন কর॥ ৪৫॥ বিশৈশ্বর্য্য-মহাচমৎকৃতিরিয়ং কিং ভাতি সর্বেশিতুব্রহ্মানন্দ-স্থান্থ্রেরনবধেঃ কিংবাহভুতোহয়ং রসঃ।
কিংবা দিব্যস্থকল্প-পাদপ-বনশ্রেণ্যাঃ স্থবীঙ্কং পরং
কৃষ্ণপ্রেম্ন উতাভূতা পরিণতি বৃন্দাটবী কিংশ্বিয়ম্॥ ৪৬॥
শ্রীকৃষ্ণে কান্তভাবং ক মু সকলজনোহবশ্যমাপোত্যযত্নাৎ
কৃষ্ণস্থাশ্চর্য্যসীমা পরমভগবতঃ কুত্র লীলাথ মূর্তিঃ।
কুত্রত্যা কৃষ্ণপাদান্থজভজন-মহানন্দ-সাম্রাজ্যকাষ্ঠা
ভাতর্বন্দ্যে রহস্তং শৃণু সকলমিদং শ্রীলবৃন্দাবনেহত্র॥ ৪৭॥
ভাতস্তিষ্ঠ তলে তলে বিটপিনাং গ্রামেয় ভিক্ষামট
সচ্ছন্দং পির যামুনং জলমলং চীরৈঃ স্থকস্থাং কুরু।
সম্মানং কলয়াতি ঘোরগরলং নীচাপ্মানং স্থধাং
শ্রীরাধামুরলীধরো ভজ রসাদ্ বৃন্দাবনং মা ত্যজ॥ ৪৮॥

এই বৃন্দাটবী কি সেই সর্বেশ্বরের বিশ্বের ঐশ্বর্য্য সমূহের মহা চমৎ-কারকারী কারুকার্য্য বিশেষ ? না, অসীম ব্রহ্মানন্দ স্থা-সমুদ্রের আশ্চর্য্য কোন অনির্বাচনীয় রস-বিশেষ ? অথবা, দিব্য দিব্য উত্তমোত্তম কল্পবৃক্ষযুক্ত বনরাজির সর্বাশ্রেষ্ঠ বীজ বিশেষই কি ? না, এই শ্রীবৃন্দাবন ক্ষপ্তেমের প্রশংসনীয় এক অদ্ভূত পরিণতিই কি ? ৪৬॥

শ্রিক্ষে একান্তভাব অনায়াসে সকল জীব কোথায় প্রাপ্ত হয়? পরম ভগবান্ শ্রীক্ষের মহাশ্চর্যাজনক কেবল লীলা-বিগ্রহই কোথায় দৃষ্ট হয়? আর কোথায়ই বা শ্রীকৃষ্ণ-পাদপদ্মের ভজন জনিত মহানন্দের পরাকাণ্ঠা দেখিতে পাওয়া যায়? ভ্রাতঃ! বলিতেছি, রহস্ত কথা শ্রবণ কর, এই শ্রীবৃন্দাবনেই ঐ সকল বস্তু প্রাপ্তব্য॥ ৪৭॥

ভাতঃ! বৃক্ষ-ভলে-তলে অবস্থান কর, গ্রামে গ্রামে ভিক্ষা কর, স্বাছন্দচিত্তে যমুনার জল যথেষ্ট পান কর,—চীর (ছিন্নবস্ত্র) দ্বারা উত্তমোত্তম কন্থা তৈয়ার কর,—সন্মান অতি ঘোর বিষ বলিয়া মনে কর, নীচাপমানই স্থা বলিয়া জান। ভাই, অনুরাগে শ্রীরাধা-মুরলীধরের ভজন কর, বুন্দাবন ত্যাগ করিও না॥ ৪৮॥

ক্ষানন্দরসাম্বুধেঃ পরতরং সারং বিচিত্রোজ্জলাকারং পারগতৈরপি শ্রুতিশিরোবৃন্দশ্য নেক্ষ্যং মনাক্।
শ্রীবৃন্দাবিপিনং স্কুল ভতরং প্রত্যাশমাসাম্ম ভোঃ
ক্ষুদ্রাশা কু-পিশাচিকা-বশগতো বন্দ্রমাসে কিং বহিঃ॥ ৪৯॥
ভাতস্তে কিমু নিশ্চয়েন বিদিতঃ স্বস্থান্তকালঃ কিমু
বং জানাসি মহামনুং বলবতো মৃত্যোগতিস্তম্ভনে।
মৃত্যুস্তৎকরণং প্রতীক্ষত ইতি বং বেৎসি কিংবা যতো
বারংবারমশঙ্ক এব চলসে বৃন্দাবনাদন্মতঃ॥ ৫০॥
শ্রীবৃন্দারণা-মন্থ-ভক্তিরসদং গোবিন্দপাদাম্বজদক্ষে মন্দধিয়ো বিদন্তি ন হি তদ্বাসঞ্চ নাশাসতে।
সান্দোনন্দরসাম্বুধি নিরবধি র্য্তাবিরস্তি প্রত্বং
নো মজ্জন্তি কুবুদ্ধয়ো বত সমুদ্বিগ্রাঃ স্বুদ্ধংবৈপি॥ ৫১॥
ন বেদাজ্ঞাভন্মে কুরু ভয়ময়ে নাপি বচনং
শুরুণাং মন্থেখাঃ প্রবেশ ন হি লোকব্যবহৃত্তী।

ক্ষণনন্দ-রস-সমুদ্রের বিচিত্র উজ্জ্বলাকার শ্রেষ্ঠতম সারের কিঞ্চিৎ
মাত্রও শ্রেষ্ঠ শ্রেষ্ঠ বেদবিৎ-শিরোমণিগণও দর্শন করিতে পারেন নাই।
ভাতঃ! সেই স্কল্লভিতর শ্রীবৃন্দাবনে আসিয়াও ক্ষুদ্র বাসনারূপ কুৎসিত
পিশাচের বশবর্তী হইয়া বাহিরে রূথা ঘুরিতেছ কেন ? ৪৯॥

ওহে ভাই ! তুমি কি তোমার অন্তকাল (মৃত্যু) কখন হইবে নিশ্চয় জান ? বলবান মৃত্যুর গতি স্তম্ভন বিষয়ে কি তুমি কোনও মহামত্র জান ? মৃত্যু কি তোমার কার্যের জন্ম অপেক্ষা করিবে বলিয়া ধারণা আছে যে তুমি বারংবার নিঃশঙ্কচিত্তে বুলাবন হইতে অন্যত্র চলিয়া যাইতেছ ? ৫০॥

শ্রীবৃন্দাবন,—শ্রীগোবিন্দ পাদপদ্ম বুগলে অন্য ভক্তিরসদান করিয়া থাকেন। ইহা মন্দবুদ্ধি ব্যক্তিগণ অবগত নহে, তাহারা শ্রীবৃন্দাবনে বাস করিতে আশাও করে না। অসীম গাঢ় আনন্দ-সমুদ্র যে স্থলে নিশ্চিতই আবিভূতি হইয়াছেন, হায়! কুবুদ্ধি লোক বহু বহু তুঃখে সমুদ্ধি চিত্ত হইয়াও (সেই রস-সমুদ্রে) মজ্জন করিতে চাহে না॥ ৫১॥

কুটুম্বাতে দীনে দ্রব ন কুপয়া নো ভব সিতোহসক্ত স্নেহৈ র্ন্দাবনমন্ম হঠারিঃসর সথে! ॥ ৫২॥
যত্রাভঙ্গন্মরবিলসিতৈঃ ক্রীড়ভো দম্পতী তো
গোরস্থামো প্রতিপদ-মহাশ্চর্য্য-সোন্দর্যারাশী।
সান্দানন্দোন্মদ-রস-মহাসিন্ধু-সংমজ্জিতালীরন্দো রন্দাবনমিহ মহাঘুর্ভগা নাশ্রয়ন্তে॥ ৫৩॥
রাধানাগর-কেলিসাগর-নিমগালীদৃশাং যৎস্থং
নো তল্লেশলবায়তে ভগবতঃ সর্ব্বোহপি সোথ্যোৎসবঃ।
তত্রাশা যদি কস্সচিন্নিরুপমাং প্রাপ্তস্ত ভাগ্যত্রিয়ং
তদ্রন্দাবননান্মি ধান্মি পরমে স্বীয়ং বপু র্ন্সভু॥ ৫৪॥
রাধাকেলিমৃগস্ত কস্তচিদহো শ্যামস্ত যুনো নবস্থাভীরীগণকাজ্জ্যুমাণ করুণাদুষ্টেঃ স্মরোন্মাদিনী।

বনু হে! বেদাজ্ঞা ভঙ্গে ভয় করিও না,—গুরুজনের (পিতা মাতা প্রভৃতির) বচন মাত্য করিও না,—লোক ব্যবহারে প্রবেশ (লোকাপেক্ষা) করিও না—দীনচিত্ত কুটুম্বাদির প্রতি আর করুণার্ত্র-হৃদয় হইও না; স্নেহে আর বারম্বার ভব (সংসারে) বদ্ধ হইও না; শ্রীবৃন্দাবন উদ্দেশ্যে শীঘ্রই ধাবিত হও॥ ৫২॥

যে স্থলে নিরন্তর কামবিলাসে ক্রীড়া-পরায়ণ হইয়া, প্রতিক্ষণে মহাশ্চর্য্য লাবণ্য-সৌন্দর্য্যরাশি বিস্তার করিয়া, সেই গৌর-শ্রামাঙ্গ যুগল-কিশোর গাঢ়ানন্দে উন্মন্ততাকারী রস-মহাসমুদ্রে স্থীবৃন্দকে নিমজ্জিত করিয়া বিহার করিতেছেন—সেই এই বৃন্দাবন মহা ত্রভাগ্য-ব্যক্তিগণই আশ্রয় করে না॥ ৫৩॥

প্রীরাধা-নাগরের কেলি-সমুদ্রে নিমগ্ন স্থার নয়নের যে স্থুখ হয়,
প্রীভগবানের সকল স্থাথেশবও তাহার লবলেশতুল্য নহে। অনুপম
সোভাগ্য-লক্ষ্মীবান্ কোনও জনের যদি সেই (স্থুখ) প্রাপ্তির আশা থাকে,
তবে শ্রীবৃন্দাবন নামক প্রমধামে নিজের দেহপাত করুক্॥ ৫৪॥

সর্বাহ্নায়-হুরহ-কৃষ্ণরস-সর্বাহ্মক-সঞ্চারিণী
শ্রীরন্দাবিপিনাভিধা বিজয়তে কন্দর্গকেলিস্থলী ॥ ৫৫ ॥
মহারক্ষরে বা পরমবিভবে বা বহুতরে
স্থথে বা ছঃথে বা যশসি বহুলে বাপযশসি ।
মণৌ বা লোষ্ট্রে বা স্থহাদি পরমে বা দ্বিষতি বা
সমা দৃষ্টিনিত্যং মম ভবতু রন্দাবনজুষঃ ॥ ৫৬ ॥
আশ্চর্য্যং ধাম-রন্দাবনমিদমহহাশ্চর্য্যমত্রাপি রাধাকৃষ্ণাখাং গৌরনীলদ্বয়-মধুরমহ স্তৎপদাস্তোক্তহে চ ।
আশ্চর্য্যঃ শুদ্ধভাবঃ পরমপদম্পাক্তহ্য ত্রিষ্ঠ এবাশ্চর্য্যঃ কশ্চিন্মহাত্মা পরমস্থবিরল-স্তদ্বিদাশ্চর্য্য এব ॥ ৫৭ ॥
সথে ন জনরঞ্জনং কুক্ কিদিদ্রোনাং সদা
বিধেহি বহুগঞ্জনং প্রণয়ভঞ্জনং সর্বতঃ।

আভীরীগণ যাঁহার করুণাপূর্ণ দৃষ্টি প্রার্থনা করেন, সেই শ্রীরাধা-কেলি-মৃগ কোনও গ্রামাঙ্গ নবীন যুবকের কামোন্মন্ততাবিধায়ী, সকল বেদের স্থপ্ত রুফ্ডরসের সর্ক্ষেই সম্যক্ প্রকারে বিধারিণী শ্রীবুন্দাটবী নামী কামবিলাসস্থলী সর্কোৎস্থর্ধের সহিত বিরাজমান আছেন॥ ৫৫॥

সুদারিদ্রেই হউক জুর্থবা পরম বিভূতিতেই হউক, বিপুল সুথে অথবা বিষম ছঃখে, বহুল ঘশে অথবা অপ্যশে, মণিতে অথবা লোষ্ট্রে, পরম বন্ধুতে অথবা পরম শক্রতে—বুন্দাবনবাদী আমার নিত্য সমদৃষ্টি হউক॥ ৫৬

এই শ্রীধাম বৃন্দাবন আশ্চর্যা! অহা! ইহাতেও আর এক আশ্চর্যা এই শ্রীরাধারক্ষাথ্য গৌর-নীল বর্ণদ্বয়ের মধুর বিগ্রহ, আর ইহাদের পাদ-পদ্ম শুদ্ধ ভাবও এক আশ্চর্যা! আবার আর এক আশ্চর্যা পরমপদ (শ্রীবৃন্দাবনে) আগমন করিয়া যিনি তরিষ্ঠ হইয়া আছেন, আর এই সকল তত্ত্বজ্ঞাতা পরম স্থ-বিরল কোনও মহাত্মাও আর এক আশ্চর্যাই বটেন॥৫৭

স্থা হে! লোকরঞ্জন বিষয়ে যত্ন করিও না, সর্ব্রদা সকল দিক্ হুইতে যাহাতে প্রণয় ভঙ্গ হুইয়া যায় তজ্রপ এই বিশ্রী ইন্দ্রিয়গণের প্রতি হঠং ন কুরু বন্ধনে স্থত-কলত্রমিত্রাদিকে বপুব্যয়-সমীহয়া নিবস বৎস বৃন্দাবনে ॥ ৫৮॥

রাধামাধবয়োর্যশাংসি সততং গায়ং স্তথা কর্ণয়ন্ তজ্জীবেষু চ বর্ণয়ন্ সমরসৈঃ সন্তুয় সন্তর্কয়ন্। কুঞ্জং কুঞ্জমনারতং বহু-পরিষ্কুর্বন্মহাভাবতো দেহাদো কৃতহেলনো দয়িত হে বৃন্দাটবীমাবস॥ ৫৯॥

মুক্তিশ্রীভিঃ স কলিতপদো নারকং যাতি ধাবন্ লক্ষ্ম চিন্তামণিমথ মহাবারিধো নিঃক্ষিপেৎ সঃ। কৃষ্ম বশ্যং সকলভগবচ্ছেখরং শ্বাহধমঃ স্থাদ্-যো দুর্ক্ম স্তাজতি সহসা প্রাপ্য বৃন্দাবনন্তৎ ॥ ৬০॥ সেবা বৃন্দাবনস্থ-স্থির-চর নিকরেম্বস্ত মে হন্ত কে বা দেবা ব্রহ্মাদয়ঃ স্থ্য স্তত উরুমহিতা বল্লভা যে ব্রজেন্দোঃ।

বহু গঞ্জনার বিধান কর। স্ত্রী-পুত্র-বন্ধু ইত্যাদির প্রতি (আসক্তি) বিষয়ে আর হঠ (আগ্রহ) করিও না ; বৎস ! দেহ পণ করিয়া এই শ্রীরুন্দাবনে বাস কর॥ ৫৮॥

3

হে দয়িত! শ্রীরাধা-মাধবের যশোগীতিকা নিরন্তর গান এবং শ্রবণ করিয়া করিয়া,—শ্রীরাধাগোবিন্দের জীব সমুদয়ের নিকট তাহারই বর্ণনা করিয়া করিয়া,—সমরস-রসিক ভক্তবর্গের সহিত মিলিয়া ইপ্তগোপ্তী করিয়া করিয়া,—অনবরত কুঞ্জসমূহ বারংবার পরিস্কার করিয়া করিয়া—মহাত্রু-রাগ হেতু দেহাদির বিষয়ে নিরপেক্ষ হইয়া বুন্দাটবীতেই আবাস কর॥৫৯

যে হুবু দ্বি মানব বৃন্দাবন আসিয়াও সহসা ত্যাগ করিয়া অগ্রত্র যায়, সে যেন মুক্তিসম্পদ কর্তৃক গৃহীত পদ হইয়াও নরকের দিকে ধাবিত হয়— হাতে চিন্তামণি পাইয়াও তাহা মহাসমুদ্রে নিক্ষেপ করে; আর পরম ভগবানকে বাধ্য করিয়াও সে কুকুরের অধম হয়॥ ৬০॥

শ্রীবৃন্দাবনস্থ স্থাবর জঙ্গমের সেবা আমার লাভ হউক। অহো। যাহারা গোকুলচন্দ্রের বল্লভ (প্রিয়তম), তাঁহারা ব্রহ্মাদি দেবগণ হইতে 7

এতে হাদৈত-সচ্চিদ্রসঘনবপুষো দূরদূরাতিদূরক্ষুজ্জন্মাহাত্মারন্দা বৃহদুপনিষদা-নন্দজানন্দ-কন্দাঃ॥ ৬১॥
নাহং বেলি কিমেতদজুততমং বস্তু ত্রয়ী-মস্তকৈঃ
স্তব্যং প্রীতিভরেণ গোকুলপতি র্যমিত্যমাসেবতে।
কন্দং প্রোমরসম্ম কিং মধুরিমোৎকর্ষান্ত্যসীমাদ্ভূতা
সাক্রানন্দরসম্ম বা পরিণতি বৃন্দাবনং পাবনম্॥ ৬২॥
লোকাঃ স্বচ্ছন্দনিন্দাং বিদধতি যদি মে কিং ততো দীনদীনং
সর্ববঞ্চেৎ স্থাৎ কুটুন্থং কিমিব মম ততো দুর্দ্দশাঃ স্থ্যস্ততঃ কিম্ ?
স্বোধীশম্ম ন স্থাদ্ মদি কিমিব ততঃ শ্রীলর্ন্দাবনেহহং
স্থাস্থাম্যাস্থায় ধৈর্ঘ্যং মম নিজপরমাভীফসিদ্ধি ভবিত্রী॥৬৩॥
কন্থা-কৌপীনবাসা স্তক্তলপতিতৈঃ ক৯প্তবৃত্তি ফ্লাফ্রঃ
কুর্ববন্ধব্যর্থবার্ত্রাং কথমপি ন বৃথা চেফ্রয়া কাল্যাপী।

অধিকতর পূজার্হ হয়েন। এই শ্রীক্লম্বপ্রেজনগণ অন্বয় সচিদানন্দ্রমূর্ত্তি ইহাদের মহিমা সমূহ দূরাতিদূরে (মানববুদ্ধির অগোচরে) স্ফুর্তি পাইতে-ছেন। ইহারা অতি প্রাচীন উপনিষৎ সমূহেরও আনন্দজনক যে মহানন্দ-রাশি, তাহারও কন্দ (মূল বীজ) স্বরূপ ॥ ৬১॥

না জানি তাহা কেমন অদ্ভত্তম বস্ত —বেদসমূহ শির (বহু প্রণতি)
ভারা যাঁহার বন্দনা করিতেছেন, শ্রীগোকুলপতি প্রেমভরে নিত্য যাঁহার
সেবা করিতেছেন, এই স্থপবিত্র বুন্দাবন কি প্রেমরসেরই মূলীভূত বীজ ?
অথবা মাধুর্য্যোৎকর্ষের চরমসীমা প্রাপ্ত অদ্ভূত গাঢ় আনন্দ রসেরই
পরিণাম ? ৬২॥

যদি সকল লোক আমার যথেষ্ট নিন্দা করে, তাহাতে আমার ক্ষতি
কি ? যদি আমার সকল কুটুম্ব দীনাতিদীনই হইয়া যায়, তাহাতেই বা
আমার অপচয় কি ? আমার অশেষ ছর্দ্দশা হইলেই বা কি ? আর অধীশের (হরির) সেবা করিতে না পারিলেও বা আমার হানি কি ? আমি
কিন্তু শ্রিক্লাবনেই ধৈর্যাবলম্বন পূর্বেক বাস করিব—অবগ্রহ আমার
পরমাভীষ্ট বস্তু লাভ হইবে॥ ৬০॥

তাক্ত্বা সর্ব্বাভিমানং প্রতিগৃহমটনং তুচ্ছভৈক্ষায় কুর্ব্বন্ বৃন্দারণ্যে নিবৎস্থাম্যনিশমসুসরন্ রাধিকৈকাত্মলোকান্ ॥৬৪॥ স্ত্রী-মাত্রে মাতৃবুদ্ধিঃ স্থির-চর-সকলপ্রাণিষ্ পাস্থবুদ্ধি-বাহ্যাশেষার্থলাভেম্বপি হৃদয়মুখ্য়ানিকৃদ্ধানিবুদ্ধিঃ। দেহন্ত্রীবিত্তপুল্রাদিষু ন হি মমধী মিত্রবুদ্ধিঃ স্বশত্র-ম্বাপীড়ায়াং সমস্তাৎ স্থমতিরমিতানন্দ-বৃন্দাবনেহস্ত ॥৬৫॥ তিক্তীভূতা বিমুক্তি বিষমনিরয়বদ্ধাতি সর্ব্বেন্দ্রিয়ার্থঃ সর্বেব ভোগা ভবন্তি প্রবল-গরল-বহ্যুদ্ভটজালকল্পাঃ। কীটপ্রায়াঃ সমস্ত-প্রবর-স্থরগণাঃ সিদ্ধয়শ্চেক্রজাল-প্রায়াঃ সংস্বাত্ত বৃন্দাবন-রসিকরসং মাত্ততে মে হৃদত্য॥৬৬॥

কন্থা কৌপীন ধারণ করিয়া, বৃক্ষতলে নিপতিত ফলাদিদ্বারা জীবিকা নির্বাহ করিয়া, অব্যর্থ বার্তারই আলোচনা করিয়া, কোনও প্রকারে বৃথা কাল্যাপন না করিয়া সকল অভিমান ত্যাগ পূর্ব্বক তুচ্ছ ভিক্ষার জন্ম প্রতি গৃহে গমন করিয়া একমাত্র শ্রীরাধিকারই নিজ জনগণের অনুসরণ করিতে করিতে আমি নিরস্তর শ্রীবৃন্দারণ্যেই বাস করিব॥ ৬৪॥

প্রী মাত্রেই আমার মাতৃবুদ্ধি হউক, স্থাবর জঙ্গমাত্রক নিথিল প্রাণিত্রেই আমার উপাস্থ বুদ্ধি, বাহ্য সকল অর্থলাভেও হৃদয় এবং মুথের ম্লানিজনক হানিবুদ্ধি আস্কন। দেহ, স্ত্রী, বিত্ত ও পুল্লাদিতে মমত্ববুদ্ধি তিরোহিত হউক। নিজ শত্রুগণ বিশেষভাবে পীড়াদান করিলেও তাহাদিগের প্রতি আমার মিত্রবুদ্ধি হউক। এই প্রকারে সর্বাদা স্থমগ্রচিত্তে অপরিসীম আনন্দময়ী বুন্দাবনে যেন আমি বাস করিতে পারি॥ ৬৫॥

বিষ্কি তিক্ত বলিয়া প্রতিভাত হইতেছে, সকল ইন্দ্রিরের বিষয়সমূহ বিষম নরকবং প্রতীয়মান হইতেছে; নিথিল উপভোগের বস্তু প্রবল গরল ও অগ্নির উদ্ভট জালার মত মনে হইতেছে। শ্রেষ্ঠ শ্রেষ্ঠ দেবগণ কীটপ্রায় এবং অষ্ট্রসিদ্ধি ইন্দ্রজাল বলিয়াই প্রতীত হইতেছে—যেহেতু অতা আমার হৃদয় বুলাবন-রসিক শ্রীশ্রামন্ত্রনরের রস আস্বাদন করিয়া মত্ত হইয়াছে॥৬৬ ত্যক্তা বৃন্দাবনমিদমহো চেদ্বহি র্যাসি নূনং
ক্ষিপ্তবা কল্লজ্রনবরবনং হন্ত শাখোটমেষি।
হিখা বৃন্দাবন-রসকথামন্থার্তা-ক্রচিশ্চেৎ
জ্ঞাতং ক্ষিপ্তবা পরমমমূতং ভোক্তব্বিচ্ছুঃ শ্বিষ্ঠাম্॥ ৬৭॥
পাপাত্মা পুণ্যবান্ বা প্রসরদপষশা কীর্ত্তিমান্ বা মহাছ্রপ্রাপে-গ্রাসোহথ সমাড়সমজড়মতিঃ সর্কবিচ্ছানিধি র্বা।
যঃ কোহিপি স্থাঃ সথে নো গণয় কথমপীক্ষম্ব বৃন্দাবনন্তৎ
ছিন্ধি ছিন্ধি স্বপাশান্ গুরুনিগমগিরা স্বীয়মোহৈকসিদ্ধান্॥ ৬৮
নাহন্তা-মমতে বৃথা কুরু সথে! দেহালয়ন্ত্র্যাদিকে
ছিন্তা ভুর্জ্জরশৃন্থলে গুরুগিরা তে মোহমাত্রোদিতে।
বৃন্দারণ্যমুপেত্য শীঘ্রমখিলাননৈদক-সাম্রাজ্যসৎকন্দং কন্দফলাদিবৃত্তিরনিশং তল্লাথলীলাং স্মর॥ ৬৯॥

যদি এই বুন্দাবন ত্যাগ করিয়া অন্তত্র যাও, তবে সত্যই তুমি কল্লবুক্ষের শ্রেষ্ঠ বন পরিত্যাগ করিয়া শেওড়া বনেই যাইতেছ। যদি বুন্দাবন
রস কথা ব্যতীত অন্ত বার্তায় ক্রচি হয়, তবে জানিতে হইবে উত্তমোত্তম
অমৃত ত্যাগ করিয়া কুকুর-বিষ্ঠা ভোজনেই তোমার ইচ্ছা হইয়াছে ॥ ৬৭॥

F

পাপী বা পুণ্যাত্মা, বিশ্রুতাপকীর্ত্তি বা কীর্ত্তিমান্, মহাদরিদ্র কি মহা সমাট, বিষম জড়বুন্ধি বা সর্ক্র বিত্যাবিশারদ,—তুমি যাহাই হওনা কেন, হে স্থা! তুমি তিন্ধিয়ে কোনও গণনা (চিন্তা) করিও না; কিন্তু যে কোনও প্রকারে সেই বৃন্দাবন দর্শন কর, আর গুরু ও শাস্ত্র নির্দ্দেশক্রমে নিজ মোহৈকমূলক নিজ পাশসমূহ ছেদন কর॥ ৬৮॥

হে সথে ! দেহ, আলয়, স্ত্রী প্রভৃতিতে আর বুথা 'অহং' 'মম' বুদ্ধি করিও না, মোহ-মাত্র মূলক এই ছুর্জের শৃঙ্খলকে গুরুবাক্য দারা ছেদন করিয়া নিখিল সাম্রাজ্যস্থখ-বীজস্বরূপ বুন্দারণ্যে শীঘ্র উপনীত হইয়া কন্দ-ফলাদি দ্বারা জীবন ধারণ করিয়া বুন্দাবনচন্দ্রের লীলা নিরন্তর স্মরণ কর॥ ন কুরু ন কুরু মিথ্যা দেহগেহাছ্যপেক্ষাং
মৃতিমখিলপুমর্থভাংশিকাং বিদ্ধি মূদ্মি।
চল চল স্কুদ্রেতাভিমুখ্যেন বজ্ঞাদপি চ হৃদি কঠোরঃ শ্রীলরন্দাবনস্থা। ৭০॥
অতৈব মূর্থ চল সর্ব্রমিদং বিহায়
বুন্দাবনায় সকলার্থ-স্থরক্রমায়।
শ্রীরাধিকাস্থরতনাথ-বিশুদ্ধভাব-

সত্রায় মৈব কুরু কৃত্য-সমাপ্ত্যপেক্ষাম্॥ ৭১॥
সাধো শর্কোষি নো চেৎ সকলমপি হঠাৎ স্বপ্নকল্পং বিহাতুং
তহি বং ধ্যায় বুন্দাবনমনিশমথোপাস্ব বুন্দাবনেশো।
তল্লামান্তেব নিত্যং জপ সতত্মথো তৎকথাং সংশৃণুষ
শ্রীমদ্বন্দাবনস্থানথ পরিচর ভো ভোজনাচ্ছাদনাত্তঃ॥৭২॥
বস্তঃ কোটিগুণং শ্রুতং হি স্কৃতং বাসোহন্নবাসাদিভিঃ
তীর্থে বাসয়িতুঃ স্বয়ং স হি তরেত্রো দ্বো স যত্রারয়েৎ।

মিথ্যা দেহ গেহাদিতে আর কদাচ অপেক্ষা করিও না, অথিল পুরুষার্থনাশক মৃত্যু মস্তকোপরি দণ্ডায়মান আছে জান; হে বন্ধো! অগ্নই শ্রীবৃন্দাবনোদ্দেশে বজ্র হইতেও কঠোর মূর্ত্তি হইয়া চলিতে থাক॥ ৭০॥

অরে মূর্থ! অগ্নই এই সকল (বিষয় সম্পদ্ ইত্যাদি) পরিত্যাগ করিয়া সর্কা-বাঞ্ছা-কল্লতক শ্রীরাধা-স্থরতনাথের বিশুদ্ধভাবসত্র (বিশুদ্ধভাবের স্থলভ প্রাপ্তি স্থল) এই বৃদ্ধাবনে যাত্রা কর। আরক্ষ কার্য্যের সমাপ্তি পর্য্যন্ত আর অপেক্ষা করিও না॥ ৭১॥

হে সাধা। তুমি এই সকল স্বপ্থ-কল্প-বস্তু সহসা ত্যাগ করিতে না পারিলে শ্রীবৃন্দাবন কিশোর-যুগলের উপাসনা করিয়া নিরন্তর শ্রীবৃন্দাবনে-রই ধ্যান কর। (অথবা—শ্রীবৃন্দাবনের ও উপাসনীয় শ্রীবৃন্দাবনেশ্বর শ্রীবৃন্দাবনেশ্বরীর ধ্যান কর)। অকুক্ষণ তাঁহার নামাবলি জপ কর, সতত তাঁহার কথাই শ্রবণ কর, আর বৃন্দাবনবাসী সকলের ভোজন বসনাদি প্রদান দ্বারা সেবা কর॥ ৭২॥ প্রেমানন্দরসাত্মধামনি পরে বুন্দাবনে বাসয়ংস্থান্চর্যাং ব্যভাপুজাপ্রিয়রতিং প্রাপ্রোত্যনায়াসতঃ॥৭৩॥
নিক্ষিঞ্চনান্ ক্ষণ্ডরসে নিময়ান্
মহানিরীহান্ জনসঙ্গভীতান্।
বুন্দাবনস্থান্ বসনাশানাছৈর্ফারণ্যমনগুভাব-মধুরাকারেহিতো রাধিকাক্ষণ্ডক্রীড়িত-রঞ্জিত-প্রবিলসৎ কুঞ্জাবলীমঞ্জুলম্।
যোহগুত্রাপি কৃতস্থিতি বিধিবশাচেছাচন্ সদা চিন্তয়েরিত্যং তিন্যলনং বিচিন্তয়দহং তদ্ধাময়ুয়ং ভজে॥ ৭৫॥
রাজ্যং নিক্ষণ্টকমপি পরিত্যজ্য দিব্যাশ্চ রামাঃ
কামান্ সর্বানপি চ বিহিতাং স্তিক্তিক্তান্ বিদন্তঃ।

যিনি বস্ত্র অন বা বাদস্থানাদি দ্বারা তীর্থে কাহাকেও বাস করান, তিনি তীর্থে বাসকারী হইতেও কোটি গুণ অধিক স্ক্রুতির ভাজন হইয়া থাকেন; কারণ, যিনি বাস করেন, তিনি নিজেই উত্তীর্ণ হয়েন, আর যিনি অপরকে বাস করান, তিনি নিজেকে এবং যাঁহাকে বাস করান তাঁহাকে উদ্ধার করেন। শ্রেষ্ঠ প্রেমানন্দ-রস-স্বরূপ শ্রীধাম বুন্দাবনে যিনি অগ্রকে বাস করান, তিনি শ্রীর্ষভান্থ-তুলালীর প্রিয় শ্রীক্নফ্টে আশ্চর্য্য রিতি অনায়াসে পাইয়া থাকেন॥ ৭৩॥

নিষিঞ্চন, রুষ্ণরসে নিমগ্নচিত্ত মহানিরীহ ও জন-সঙ্গ-ভীত বুন্দাবনস্থ ব্যক্তিদিগকে যিনি বস্ত্র ও ভোজনাদি দ্বারা সেবা করেন, তিনি যুগল-কিশোরকেই বশীভূত করেন॥ ৭৪॥

যিনি অন্ত স্থানে বাস রূপ তুর্ভাগ্য জন্ত তুঃখ করিতে করিতে অনত্ত-ভাবে মধুরাকৃতি বৃন্দাবন বিষয়ে লালসান্থিত হইয়া শ্রীরাধাকৃষ্ণের ক্রীড়িত রঞ্জিত ও বিলাসময় কুঞ্জসমূহ পরিশোভিত বৃন্দাবনকৈ সর্ব্ধদা চিন্তা করেন, তাঁহার সহিত (শ্রীবৃন্দাবনে) মিলন যাঁহাদের নিত্য ভাবনার বিষয় সেই জ্যোতিশ্র্য বিগ্রহদ্যুকেই আমি ভজনা করি॥ ৭৫॥

হিন্না বিত্যা-কুল-ধন-জনাতাভিমানং প্রবিষ্টা যে প্রারন্ধাবিপিনমপুননির্গমা স্তান্ নমামঃ॥ ৭৬॥ রাধাক্ষেতা পরমঞ্চানো কুর্বতঃ সর্বতঃ প্রী-বিফোধাল্লঃ স্ফুর্দভিমহানন্দ-রন্দাবনস্থান্। জন্তুন্ হন্তং বিরচিতকুতীন্ স্থং পুরুপ্রেমভাজো দানৈ র্মানে রহহ ভজতো ধন্ত-ধন্তান্ নমামঃ॥ ৭৭॥ মরিশ্রাসি কদা সথে! ত্বমিতি কিং বিজানাসি কিং শিশোঃ স্কুতরুণস্থ বা ন খলু মৃত্যুরাকস্মিকঃ। তদত্য নিরব্যধীরবপুরিন্দ্রিয়াসক্তিকো ন কিঞ্চন বিচারয় দ্রুতমুপৈহি রন্দাবনম্॥ ৭৮॥ স্কুন্নাত্যরতিং সমস্তভগবদ্রত্যুচ্ছ্রিত-শ্রীমতীং ত্বং চেৎ কাঞ্জিসি মাধুরীভর-ধুরীণানন্দ-সন্দোহিনীম্।

নিষ্ণটক রাজ্যকে এবং দিব্য দিব্য রমণীগণকেও পরিত্যাগ পূর্ব্বক সর্বপ্রকার বিহিত বাসনা রাশিকেও অতীব তিক্ত জ্ঞান করতঃ এবং বিহ্যা-কুল-ধন-জনাদির অভিমানও ত্যাগ করিয়া, যাহারা প্রাক্রদাবনে প্রবিষ্ট হইয়া পুনরায় বাহিরে না আসেন, তাঁহাদিগকে নমস্বার করি॥ ৭৬॥

সর্ক বিষ্ণু ধাম (পরব্যোম) হইতেও অতিশয় স্ফূর্ত্তিশীল মহানন্দময় যে প্রীবৃন্দাবন, সেই ধামবাসী জীব সকল নিজকে হত্যা করিতেও আসিলে যাঁহারা দান ও মান দারা তাঁহাদিগকে ভজনা করেন এবং যাঁহারা প্রীরাধাক্ষকেই পরম ঋণী করিয়াছেন, সেই বহু প্রেমভাজন ধন্ত ধন্ত পুরুষগণকে আমরা নমস্বার করি॥ ৭৭॥

হে সংখ! কোন্দিন মরিবে তাহা জান কি? শিশু বা নবীন যুবকেরও কি আকস্মিক মৃত্যু হয় না? তাহা হইলে অনিন্দনীয় বুদ্ধি ও দেহ ইন্দ্রিয়াদিতে আসক্তিরহিত হইয়া কোন বিচার না করিয়া অগু শীঘ্রই শীবৃন্দাবন যাত্রা কর॥ ৭৮॥

সমস্ত ভগবদ্-রতি হইতেও উন্নত শ্রীযুক্ত এবং মাধুর্য্য-রস-শ্রেষ্ঠ

ধর্ম-জ্ঞান-বিরক্তি ভক্তিপদবীং তৎসাধ্যমপ্যস্পৃশন্
ছর্ভেদং সহসা বিভিন্ন নিগড়ং সংগ্রস্থ বৃন্দাবনে ॥ ৭৯॥
মহাভাগ্যৈরাপ্তং বপুরিদমিহাকণি মহিমাহভূতো বৃন্দাটব্যাঃ কলিতমখিলং স্বপ্নসদৃশম্।
শুভায়ামাশ্বাসো নহি নহি মতো নাপি বপুষি
ক্ষণেহিস্মিন্নেব জং তদভিচল বৃন্দাবনবনম্॥ ৮০॥
ভাত র্যহি নিমীলিতোহিস নয়নে তত্র ক কান্তাত্মজভাতৃ-স্বাপ্ত-স্কল্যণাঃ ক চ গুণাঃ কুত্র প্রতিষ্ঠাদয়ঃ।
কুত্রাহংকৃতয়ঃ প্রভুত্বধনবিভাগৈ স্ততঃ সর্বতস্থং নির্বিভ সবিভ ! কিং মুন চলস্থান্তব বৃন্দাবনম্॥ ৮১॥

আনন্দযুক্ত বিশুদ্ধ আগ (মধুরা) রতি যদি তুমি আকাজ্জা কর তবে ধর্মা, জ্ঞান, বৈরাগ্য ও ভক্তিরূপ সাধন ও তং (সমুদয়ের) সাধ্যকে স্পর্শ না করিয়া (ত্যাগ করিয়া) হুর্ভেগ্য শৃঙ্খলকে সহসা (বলপূর্ব্বক) ছেদ্ন করিয়া শ্রীবৃন্দাবনে চিরবাসরূপ সন্ন্যাসত্রত গ্রহণ কর॥ ৭৯॥

মহাভাগ্যে এই দেহ পাইয়াছ, (মহাভাগ্যে) শ্রীবৃন্দাবনের অদ্ভূত মহিমাও শুনিয়াছ, (মহাভাগ্যে) নিথিল সংসারই স্বপ্ন সদৃশ ইহাও বুঝিয়াছ; শুভ মতিতে আশ্বাস করা যায় না, (অত্য সদ্বুদ্ধি হইয়াছে, কল্য নাও থাকিতে পারে), আর দেহেতেও বিশ্বাস নাই (ক্ষণভঙ্গুর); অতএব এইক্ষণেই তুমি বৃন্দাবনাভিমুখে প্রস্থান কর॥৮০॥

হে ভ্রাত! তুমি যখন নয়ন যুগল নিমীলন করিবে, তথন তোমার স্ত্রী, পূত্র, ভ্রাতা বা আপ্ত স্থল্লগণ কোথায় থাকিবে বল ত ? তোমার স্তর্ণ, তোমার প্রতিষ্ঠাদি কি কাজে আসিবে ভাব ত ? প্রভুত্ব, ধন বা বিজ্ঞাদিত যে অহন্ধাররাশি তাহারাই বা কোথায় থাকিবে হে ? অতএব, হে স্থবিজ্ঞ! সর্ব্ব স্থান হইতে নির্বেদ লাভ করিয়া অতাই কি বুনাবনে যাইবে না ? ৮১॥

রুদদিপি পিতৃমাতৃ-বন্ধুপুত্রা-দিকমপহায় নিশম্য নার্হত্নক্তীঃ।
ক্রদি পরমকঠোরতাং দধানো, দ্রুতমবলোকয় কৃষ্ণকেলিকুঞ্জান্॥৮২॥
রতি-রতিপতি-কোটি-স্থন্দরং তৎ-

প্রমুষিত-কোটিরমা-রমাপতি শ্রি। কনক-মরকতাভমূর্ত্তি রুন্দা-

বিপিনবিহারি-মহোদ্বয়ং ভজামি॥ ৮৩॥

তদখিল-ভগবৎস্বরূপ-রূপা-

মৃত-রসতোহপাতি-মাধুরীধুরীণম্। কুবলয়-কমনীয়-ধাম রাধা-

পদরসপূর্ণবনে ভ্রমদ্ ভ্রজামঃ॥ ৮৪॥
অলক্ষ্যাঃ শ্রীলক্ষ্যা অপি চ ভগবত্যা ভগবতঃ
সদা বক্ষস্থায়া মধুরমধুরাঃ কেচন রসাঃ।
অহাে! যদ্দাসীভিঃ সতত্যসুভূয়ন্ত উরুভিঃ
প্রকারৈস্তাং রাধাং ভক্ষ দয়িত ! বৃন্দাবনবনে॥ ৮৫॥

রোরুগ্রমান পিতা, মাতা, বন্ধু ও পুলাদিকেও ত্যাগ করিয়া, পূজ-নীয় ব্যক্তিগণের বাক্য না শুনিয়াই হৃদয়ে পরম কঠোরতা পোষণ করিয়া শীঘ্রই শ্রীক্লঞ্চ-কেলি-কুঞ্জ (শ্রীবৃন্দাবন) অবলোকন কর॥ ৮২॥

কোটি কোটি রতি কামদেব হইতেও অধিক সৌন্দর্যশালী কোটি কোটি রমা ও নারায়ণের শোভা তিরস্কারকারী, স্বর্ণ ও ইন্দ্রনীলাভ মূর্তিধারী এবং শ্রীবৃন্দাবন্বিহারী সেই জ্যোতিশ্র্য় বিগ্রহ যুগলকে ভজনা কর॥ ৮৩॥

অথিল ভগবৎ স্বরূপের রূপামৃত রস হইতেও অতিশয় মাধুর্যমণ্ডিত শ্রীরাধাপদ-কমল-রসে পূর্ণ বনে ভ্রমণকারী সেই স্থ্রপ্রসিদ্ধ কুবলয়বং কমনীয় বিগ্রহ (খ্রামস্থুন্দরকে) ভজন করি॥ ৮৪॥

ভগবতী শ্রীলক্ষীদেবী সদাসর্বাদা শ্রীভগবানের বক্ষবিলাসিনী হই
য়াও যে কোনও কোনও মধুরতম রস আস্বাদন করিতে পারেন না—

অহা ! যাঁহার দাসীগণও বহু প্রকারে সেই রস সর্বাদা আস্বাদন করিতে
ছেন, প্রিয় হে ! বুন্দাবনে বাস করিয়া সেই শ্রীরাধাকেই ভজন কর ॥ ৮৫ ॥

বিষয়-বিষ-কৃমীণাং বোধমাত্রাত্মভাজাং
সময়-সভয়-সর্বেবশৈকভক্ত্যাশ্রিতানাম্।
ন নিজরুচিকরং বর্জ্মোৎসজন্তঃ স্থিতাঃ স্মো
বয়মমলস্থাম্য-স্থান্দ-বৃন্দাবনাশাঃ ॥ ৮৬ ॥
উন্মত্তপ্রায়বাচঃ পরিমুষিতিধিয়ো মায়য়াহনর্থবীজং
স্বার্থং মন্বা কুতার্থা অথ ন স্থা-বিবেকাদয়ো গ্রাহ্থবাচঃ।
স্বীয়াঃ সর্বেব জিঘাংসন্ত্যুহহ বহুমুষা স্নেহপাশে নিবধ্য
শ্রীরন্দারণ্য! যায়ামহমহিতসমাজাৎ কদা নিঃস্ত স্থাম্॥ ৮৭
গৃহান্ধকূপে পতিতং কদা মামুদ্ধৃত্য মূঢ়ং কুপয়া স্বব্যেব।
কামাদি-কালাহিগণৈ নিগীর্নিং, মাতেব বৃন্দাটবি! নেয়াসেহক্ষম্॥৮৮
নিজিঞ্চনো নিত্যবিবিক্তসেবী, বৃন্দাবনে দৈবতবৃন্দবন্দ্য।
শ্রীরাধিকামাধ্ব-নাম ধাম,-দুয়ং কদা ভাবভরেণ সেবে॥ ৮৯।।

বিষয়-বিষের ক্রমিদের (লোলুপ), বোধমাত্রাত্ম-বাদীদের এবং বৃদ্ধ-বয়সে ভয়বশতঃ সর্বাধীশের একান্তভজনকারীদের পন্থা নিজ ক্রচিকর নহে বলিয়া তৎপরিত্যাগপূর্বক আমরা বিমল স্থারাশিদায়ী বৃন্দাবনেই আশা করিয়া বসিয়াছি॥ ৮৬॥

আত্মীয়গণের বাক্য উন্মন্তের মত, মায়া মোহিত হইয়া তাহাদের বুদ্ধি-রুত্তি লুপ্ত হইয়াছে; অনর্থ বীজকেই স্বার্থ মনে করিয়া ক্বত-ক্বতার্থ হইতেছে এবং যথার্থ স্থথ ও বিবেকাদির উপদেশ গ্রহণ করিতেছে না। অহা ! আমার স্বজনগণ বহু মিথ্যা স্নেহপাশে বন্ধন করিয়া আমাকে মারিবার চেষ্টা করিতেছে। হে শ্রীবৃন্দাবন ! কবে আমি এই অনিষ্টকর সমাজ হইতে নিঃস্ত হইয়া তোমার আশ্রয়ে যাইব ? ৮৭॥

হে বৃন্দাটবী! তুমি কবে ক্লপাবলোকনে এই গৃহান্ধকূপে পতিত, কামাদি বিষম কালসর্পগ্রস্ত ও মৃঢ় আমাকে উদ্ধার করিয়া মাতৃবৎ নিজ কোলে স্থান দিবে ? ৮৮॥

নিষ্কিঞ্চন ও নিভ্য নির্জ্জনবাসী হইয়া কবে দেবগণকর্ত্ত্ব বন্দনীয় এই শ্রীবৃন্দাবনে শ্রীরাধামাধবনামক বিগ্রহযুগলকে ভাবভরে সেবা করিব ? ৮৯ ॥ নিজ-সর্বনাশকরমাত্মস্ক্রৎ, স্কৃত-দার-মিত্র-পরিবারগণম্। পরিবঞ্চা কহি দূঢ়বুদ্ধিরহং, প্রপলায্য যামি হরিকেলিবনম্ ॥৯০॥ জন্মান্সসংখ্যানি গতানি মে রুথা, ব্যগ্রাত্মনো দেহ-গৃহাদিকেহয়। ত্রভাপি মুহ্থাম্যতি বুদ্ধিমান্সহ-ন্তবৈব বৃন্দাটবি! নাম মে গতিঃ॥ ৯১

খাণগ্রস্তো যায়াং কথমহহ বৃদ্যাবনমহং
ত্যজেয়ং বা বৃদ্ধাবগতিপিতরো দারশিশুকান্।
কথং বা মজ্জীবান্ বত পরিহরেয়ং নিজজনান্
সতাং শ্লাঘ্যো ভূত্বেত্যফলকলনো মুছতি কুধীঃ।। ৯২।।
জানমপ্যমৃতং বিহায় গরলং ভুঞ্জে স্বয়ং বন্ধনং
স্থাতিব্রাত-নিবন্ধনং দৃঢ়তরং কুর্বের স্থান্ক স্বয়বৎ।
শ্রীবৃদ্ধাটিবি! মাতরেকমিহ মজ্জীবাতুরস্তি স্বয়ং
যত্তং স্নেহময়ী বিকৃষ্য জনতাং স্বাঙ্কং সমানেষ্য সি।। ৯৩।।

নিজ সর্কাশকর নিজ স্থহৎ, স্ত্রী, মিত্রাদি পরিবারগণকে বঞ্চনা করিয়া কবে আমি দূঢ়-বুদ্ধি হইয়া পলায়ন পূর্কাক এহিরির কেলিবন আশ্রেষ করিব ? ৯০॥

দেহ গৃহাদির চেষ্টায় ব্যগ্র চিত্ত হইয়া আমার বহু বহু জন্ম রুথা নষ্ট হইয়াছে। হায়! বুদ্ধিমান্ হইয়াও অগু পর্যান্তই মোহগ্রন্তই হইয়াছি। হে বুন্দাটবি! তোমার নামই আমার একমাত্র গতি॥ ১১॥

অহা। ঋণী হইয়া কি প্রকারে শ্রীর্ন্দাবনে যাইব? অগতি বৃদ্ধ পিতা, মাতা বা স্ত্রীপুত্রাদিকেই বা কি প্রকারে ত্যাগ করিতে পারি? আর কি প্রকারেই বা মদগতি-প্রাণ নিজ পরিবারগণকে ত্যাগ করিব? এই প্রকারেই বিফল চিন্তা করিয়া সজ্জনগণের প্রশংসনীয় হইয়া কুরুদ্ধি লোক মোহমাত্র পাইয়া থাকে॥ ১২॥

অমৃত জানিয়াও তত্ত্যাগে স্বয়ং গরল পান করি, স্থন্দর চক্ষু থাকিতেও মহান্ধবং ত্রংথরাশির কারণ বন্ধনকে আরও দূঢ়তর করি; হে মাতঃ বৃন্দাটবি! আমার এইমাত্র এক জীবনাশা দেখিতেছি যে তুমি স্বেহময়ী এবং জনতা হইতে আকর্ষণ করিয়া আমাকে নিজের অক্ষে আনয়ন করিবে॥১৩॥ রাধাকৃষ্ণরহস্ত-দাস্তরস এবেষ্টঃ পুমর্থো মম
তাজ্বা সর্বমহং কদাপি নিয়তং বৎস্থামি বৃন্দাবনে।
ইত্থং স্থাদপি বাচি যস্ত পরমাসক্তস্ত গেহাদিকে
নাসক্তাবপি সক্ততা-পরিহৃতো তং পাতি বৃন্দাটবা ॥ ৯৪ ॥
সংক্রান্তং নিজকান্তিমগুলমুদীক্ষ্যোরঃস্থলে তর্কিতাং
নীলাং কপুলিকাং পরামপনয়াশক্ত্যা প্রিয়ে বিস্মিতে।
যাতায়া নবকেলিকুঞ্জশয়নং শ্রীরাধিকায়াঃ পরীহাসাঃ সন্ত মুদে মমাপি হসিতালীতি বহিস্তদ্রসাৎ॥ ৯৫॥

কদাচিৎ শ্রীরাধাচরণকমল-দ্বন্দ্ব-পতিতং কদাচিৎ শ্রীরাধামুখকমল-মাধ্বীরস-পিবম্। কদাচিৎ শ্রীরাধা-কুচকমল-কোষদ্বয়-রতং বিলোকে তং কৃষ্ণভ্রমরমধিবৃন্দাবনমহম্॥ ৯৬॥

নির্বিত্ত কৃত্যাদখিলাৎ কদাহং, ছিত্তা সমস্তাশ্চ জগত্যপেকাঃ। প্রবিশ্য বৃন্দাবনমত্যসঙ্গ, স্তদীশবার্ত্তাভি রহানি নেয়ে॥ ৯৭॥

শ্রীরাধারুক্ষ-রহস্থ দাস্থ-রসই আমার অভিলয়িত পুরুষার্থ, আমি কোনদিন এই সব ত্যাগ করিয়া নিয়ত কালের জন্ম বুন্দাবনে বাস করিব, এই প্রকারে যিনি গৃহাদিতে পরমাসক্তিহেতুও তৎ ত্যাগে অসমর্থ হইয়াও বাক্য ছারাই কেবল ঘোষণা করিয়া থাকেন, তাহাকে বুন্দাটবী রক্ষা করিয়া থাকেন॥ ১৪॥

নব-কেলিকুঞ্জে শ্যান্থিতা শ্রীরাধিকার বক্ষঃস্থলে প্রতিবিশ্বিত নিজ কান্তিমণ্ডল দর্শন করতঃ অন্ত একটি নীল কঞ্ছলিকা অনুমান করিয়া তাহা অপনয়ন করিবার ব্যর্থ চেষ্টায় বিস্মিত প্রিয়ের (শ্রীক্ষের) প্রতি কুঞ্জ-বহিঃস্থিতা হাস্তযুক্তা স্থীগণের যে রসপূর্ণা পরিহাস বাণী—তাহা আমার অতিশয় আনন্দ বিস্তার করুক॥ ১৫॥

কথনত বা শ্রীরাধা-চরণ-কমলে পতিত,—কখনত বা শ্রীরাধা-মুখ-পদ্ম-মধুরস পানোনত, আবার কখনত বা শ্রীরাধার কুচ-কমল কোষ্বর্মে নিমগ্ন—কৃষ্ণ-ভ্রমরকে (বিট, মধুকর) আমি বৃন্দাবনেই দর্শন করিব ॥১৬॥

শ্ৰীবৃন্দাবন-মহিমামূতম্

কদা শ্রীমদ্রন্দাবননিহ মৃষা স্নেহনিগড়ং
সমুচ্ছিত্য স্বানাং শরণমূপ্যাস্থামি বিকলঃ।
কচিৎ স্বান্তঃ শল্যোদ্ধরণমবিপশ্যন্ নন্তু মনাগপি শ্রোতে বল্পগ্রথিল-বিতুষামপ্যন্তুমতে॥ ৯৮॥
বন্দাবনেশৈক-পদস্পৃহোহপি, মহন্তমানাং শ্রুতভাষিতোহপি।
বিদর্গি স্বার্থবিঘাতি সর্ববং, হা ধিক্! ন বৃন্দাবনমাশ্রয়ামি॥৯৯॥

সকৃদপি যদি দৃষ্টা হন্ত বৃন্দাটবি ! বং
সকৃদপি যদি রাধাকৃষ্ণ-নামাভ্যধায়ি।
সকৃদপি যদি ভক্ত্যা সন্নতা স্বৎপ্রপন্না
ধ্রুবমহহ তদা মামন্ব নোপেক্ষিতাহসি॥ ১০০॥

ইতি প্রাবৃন্দাবন-মহিমামৃতে প্রাপ্রবোধানন্দ-সরস্বতী-বিরচিতে প্রথমং শতকম্।

অথিল কর্ত্তব্য হইতে নির্কেদ প্রাপ্ত ও জগতের সকল অপেক্ষা রহিত হইয়া কবে আমি নিঃসঙ্গভাবে শ্রীবৃন্দাবনে প্রবেশ করিয়া শ্রীবৃন্দাবনেশ্বর শ্রাকৃষ্ণ শ্রীবৃন্দাবনেশ্বরী শ্রীরাধার বার্তা দারা দিন যাপন করিব॥ ৯৭॥

কবে আমি নিজ পরিকরগণের মিথ্যা স্নেহপাশ সমুচ্ছিন্ন করিয়া এবং নিথিল বিদ্বজ্ঞনানুমোদিত শ্রোত (বৈদিক) মার্গে কখনও নিজ অন্তঃকরণের শল্য উদ্ধারের কোনই আশা না দেখিয়া বিকলচিত্তে শ্রীবৃন্দা-বনেরই শরণ গ্রহণ করিব ? ১৮॥

শ্রীবৃন্দাবনচন্দ্র-পাদপদ্মে স্পৃহাবান হইয়াও,—মহাজনদিগের বাক্য শ্রবণ করিয়াও এবং সর্কা পদার্থ স্বার্থ-বিধ্বংসী জানিয়াও শ্রীবৃন্দাবন আশ্রয় করিতে পারিতেছি না—হায়! আমাকে ধিক্! ১৯॥

হে মাতঃ বুন্দাটবি! জীবনে একবারও যদি তোমার দর্শন করিয়া থাকি, (জীবনে) একবারও যদি শ্রীরাধারুষ্ণ নাম উচ্চারণ করিয়া থাকি, জার (জীবনে) একবারও যদি ভক্তিভরে তোমার শরণাপর ব্যক্তিগণকে প্রণাম করিয়া থাকি, তবে নিশ্চয়ই তুমি আমাকে উপেক্ষা করিবে না॥১০০ শ্রীপ্রবোধানন্দসরস্বতী বিরচিত শ্রীবুন্দাবনমহিমামূতের প্রথমশতক সমাপ্ত।

শ্রীশ্রীরাধাক্ষণভাগং নমঃ

শ্রীরন্দাবন-মহিমায়তম্

-000-

দ্বিতীয়-শকতম্

রন্দারণ্যে বরং স্থাং কৃমিরপি পরতো নো চিদানন্দ দেহো
রক্ষোহপি স্থামতুল্যঃ পরমিহ ন পরত্রাদ্ভুতানন্ত-ভূতিঃ।
শৃত্যোহপি স্থামিহ শ্রীহরিভজন-লবেনাতিতুচ্ছার্থমাত্রে
লুকো নাখ্রত গোপীজন-রমণ পদান্তোজ-দীক্ষা-স্থথেহপি॥ ১॥
দিব্যানেক-বিচিত্র-পুপ্পফল-বদ্মীতরূণাং ততি,
দিব্যানেক-ময়ূর-কোকিল-শুকান্তানন্দ-মাৎগ্রকলাঃ।
দিব্যানেক-সরঃ-সরিদিগরিবর-প্রত্যগ্রকুঞ্জাবলী
দিব্যা কাঞ্চনরত্নভূমিরপি মাং বৃন্দাবনেহমোহয়ৎ॥ ২॥

অনুবাদ—শ্রীরুন্দাবনে বরং আমি রুমি হইয়াও থাকিব, কিন্তু অগ্রত্ত্র চিদানন্দদেহও প্রার্থনা করি না। এখানে অতুলনীয় দরিদ্রও বরং হইতে ইচ্ছা করি, তথাপি অগ্রত্র অনন্ত বিভূতি ইচ্ছা করি না; বরং শ্রীহরিভজন লবশৃগ্র হইয়াও অতি তুচ্ছ বিষয়ে লুক্ক হইয়াই ব্রজে বাস করিব; তথাপি শ্রীগোপীজন-রুমণ পাদপদ্ম দীক্ষা স্থেখ লুক্ক হইয়া অগ্রত্র যাইব না॥ ১॥

বৃন্দাবনে—দিব্য দিব্য বহু বিচিত্র পুষ্প-ফলশালী বৃক্ষ-লতা সমূহ—
দিব্য দিব্য অনেক ময়ুর কোকিল শুকাদি পক্ষিনিচয়ের আনন্দ উন্মন্ত
ধ্বনি, দিব্য দিব্য বহু সরোবর-নদী-পর্বত প্রভৃতি শোভিত নৃতন নৃতন
কুঞ্জ সমূহ এবং দিব্য কাঞ্চন রত্নভূমি—আমাকে মোহিত করিয়াছে॥ ২॥

ভুবঃ স্বচ্ছাশ্চিন্তামণিভি রতিচিত্রৈ বিরচিতাশিচদানন্দাভাসঃ ফল-কুস্থম-পূর্ণ ক্রমলতাঃ।
খগশ্রেণীঃ সামস্বর-কলকলা-শিচদ্রস-সরিৎসরাংসি শ্রীরন্দাবনমন্থ মনো মে বিমৃশতু॥ ৩॥
মরকতময়-পত্রৈ হীর-পুল্পৈঃ স্থমুক্তা-

নিকর-কলিকয়াতিয়ঃ কৌরবিন্দ-প্রবালেঃ। বহুবিধরসপূর্টেণঃ পদ্মরাগৈঃ ফলাছৈ-

রবিরলমধুবর্ধি নীলরত্নালি-মালৈঃ।। ৪।।
অগণিত-রবি-কোটি-প্রস্ফুরদ্দিব্য ভাতিঃ
সকৃদপি হৃদি ভাতেঃ শীতলানন্দর্ফ্যা।
প্রশমিতভবতাপৈ গুল্লভার্থান্ ছুহন্ডিঃ
পরমক্রচির-হৈমাসংখ্যবৃক্ষৈঃ পরীতম্॥ ৫ [বিশেষকম্]

প্রীবৃন্দাবনস্থ স্বচ্ছ ও অতি বিচিত্র চিন্তামণিগণ দারা বিরচিত ভূভাগ, চিনার আনন্দ বিকীরণণীল ফল পুষ্পাযুক্ত বৃক্ষলতা, সামবেদ গানের অব্যক্ত মধুর ধ্বনিতে কলকলায়মান বিহঙ্গম সমূহ, চিনায় রস বিশিষ্ট নদী ও জলাশয় প্রভৃতিকে আমার মন চিন্তা করুক॥ ৩॥

পত্র সমূহ মরকতময়, পুষ্প সমূহ হারাসদৃশ, কলিকা সমূহ স্থানর স্থানর স্থাবৎ, প্রবাল (অঙ্কুর) সমূহ কু ফ বিন্দের আয়, বহুবিধ রস পূর্ণ ফল সমূহ পদ্মরাগমণির মত, অবিরল মধুবর্ষী ও নীল রত্ন সদৃশ অলি (ভ্রমর) মালা কর্তৃক পরিবেষ্টিত বৃন্দাবনস্থ বৃক্ষরাজি শোভা পাইতেছে॥ ৪॥

অগণ্য কোটি কোটি সূর্যপ্রভা সমূতাসিত পরম রমণীয় হেম বৃক্ষ সমূহে পরিপূর্ণ শ্রীবৃন্দাবন। সেই সমস্ত বৃক্ষনিচয় সক্ষাত্র হৃদয়ে প্রতিভাত হইলে শীতলানন্দ বৃষ্টি দারা ভবতাপ প্রশমন করেন এবং হুর্লভ পুরুষার্থ দান করিয়া থাকেন॥ १॥ রুন্দাটব্যামগণিত-চিদানন্দ-চন্দ্রোজ্জ্বলায়াং
সাত্রপ্রেমায়তরস-পরিস্পন্দনৈঃ শীতলায়াম্।
কূজন্মত-দ্বিজকুলর্তানল্প-কল্পদ্রমায়াং
রাধাক্ষণবিচলবিহ্নতো কস্ম নো যাতি চেতঃ॥॥
স্ব-পর-সকল-বস্তুম্মত্র সূর্য্যেন্দু-কোটিচ্ছবি-বিমল-লসচ্চিদ্-বিগ্রহে সদ্গুণোঘে।
বহিরগতদৃগন্ত-ধৈর্য্যমালম্য নিত্যস্মৃতি-রধিবস রুন্দারণ্যমন্মানপেক্ষঃ॥॥॥
দেহেহিস্মিন্নতিকুৎসিতে তাজ রুথাহধ্যাসং যতঃ সংস্কৃতির্যোরা চিন্তুয় চিদ্যনং নিজবপুঃ সর্ববং চ রুন্দাবনে।
যোরাঃ সন্তু বিপত্তিকোটয় ইহ ত্বং যাহি নো বিক্রিয়ান্মারকক্ষয়মাবসৈতদথ তন্নাথো সদা খেলয়। ৮।।

অসংখ্য চিদানন্দ চন্দ্র চন্দ্রিকা দ্বারা উজ্জ্বলীকৃত, নিবিড় প্রেমামৃত রসের পরিস্পান্দন দ্বারা শীতলীকৃত, কলকলায়মান পক্ষিকুল সন্ধূল এবং বহু কল্লবৃক্ষ শোভিত শ্রীবৃন্দাবনে নিরন্তর বিহারণীল শ্রীরাধা-ক্ষের প্রতি কাহার চিত্ত না ধাবিত হয় ? ৬॥

এ স্থানের নিজ বা পরকীয় বস্তু মাত্রই কোটি কোটি সূর্য্য-চন্দ্র কান্তিযুক্ত, নির্মাল চিন্ময় মূর্ত্তি ও উত্তম গুণসমূহপূর্ণ—ইহা নিত্য স্মরণ করিয়া বাহ্য বিষয়ে দিক্পাত না করিয়া ধৈর্য্যসহকারে নিরপেক্ষ হইয়া শ্রীবৃন্দারণ্যে বাস কর॥ १॥

ঘোর সংসারের কারণ এই কুৎসিত দেহে বৃথা অধ্যাস (আমি আমার জ্ঞান) ত্যাগ কর, নিজ দেহ এবং বৃদাবনের সকলেই চিদ্বন বৃলিয়া ধারণা কর; ওই স্থানে কোটি কোটি ঘোরতর বিপত্তিপাত হউক, তথাপি তুমি বিকারগ্রস্ত হইও না, প্রারক্ষ ক্ষয় না হওয়া পর্যস্ত এই বৃদ্ধাবনেই বাস কর এবং নিত্য বুগলকিশোরের খেলা চিস্তা কর॥৮॥

দিব্য-স্বর্গস্থনীলরত্বস্থভগং লীলা-সনালারুণা-স্বের্গজ্ঞলম্।
সন্ধীতোজ্জ্লশোণপীতবসনং কন্দর্পলীলাময়ং
শ্রীরন্দাবনকুঞ্জ এব কিমপি জ্যোতির্দ য়ং সেব্যতাম্ ॥৯॥
রাধাক্ষ্ণী পরম-কুতুকাদ্যল্লতাপাদপানাং
চিত্রা পুস্পাদিকমুরুবিধং শ্লাঘমানো জুষাতে।
স্মানাত্তং যৎ সরসি কুরুতঃ খেলতো যৎখগাত্তিঃ
বুন্দারণ্যং পরমপরমং তন্ন সেবেত কো বা ? ১০॥
অবাল্যং জলসেচনেন বরণেনাবাল-নির্মাণতঃ
স্বেন শ্রীকরপল্লবেন মৃতুণা শ্রীরাধিকামাধবোঁ।

কন্দর্গলীলাময় কোনও অনির্বাচনীয় জ্যোতির্বাহকে শ্রীবৃন্দাবন কুঞ্জেই সেবা কর—তাঁহাদের একজন দিব্য স্বর্ণবর্ণা, অপর জন স্থন্দর ইন্দ্রনীল রভ্রের বর্ণ বিশিষ্ট, একজনের হস্তে সনাল রক্তবর্ণ লীলাপদ্ম, এবং অপরের হস্তে মোহনমুরলী; একজনের শিরে পৃথু (বিশাল) বেণী, এবং অত্যের শিরে ময়ূরপুচ্ছ শোভা পাইতেছে; একজনের পরিধানে উজ্জন রক্তবর্ণ বসন এবং অপরজন স্থন্দর পীতবস্তে স্থসজ্জিত হইয়াছেন॥ ৯॥

পরম কৌতুকবশতঃ শ্রীরাধার্কষ্ণ যে স্থানে বৃক্ষলতার বহুবিধ পুষ্পাদি
চয়ন করিয়া প্রশংসা পূর্ব্ধক তাঁহাদের নিজ সেবায় নিয়োজিত করেন,
যে স্থলের সরোবরে তাঁহারা স্নানাদি নির্ব্ধাহ করেন এবং যে স্থানের
বিহঙ্গাদির সহিত খেলা করেন—সেই সর্ব্ধস্থলর শ্রীবৃন্দাবনকে কাহার না
সেবা করা উচিত ? ১০॥

শিশুকাল হইতে নিজ মৃত্ন করপল্লব দারা আবরণ ও আলবাল নির্মাণ করতঃ তাহাতে জল সেচন করিয়া প্রীরাধামাধব সমস্ত স্থমনোহর বৃক্ষলতাদিকে অতি যত্ন সহকারে বর্দ্ধিত করিয়া বিবাহ দিয়াছেন এবং যাহাদের নূতন নূতন কুস্থমাদি অবলোকন করিয়া উভয়ে পরিহাস যান্ সম্বর্দ্ধ্য বিবাহ্য নব্য কুসুমাদ্যালোক্য সন্ধর্মভি
মেনিদেতে স্থলতা তর্জনহহ তান্ বৃন্দাবনীয়ান্ন মঃ ॥১১॥

দ্রবন্ধি হরি ভাবতস্তরণ তারণেহ তি ক্ষমাস্তবো ক্রমতরু প্রথা ব্রতত্যশ্চ কৃষ্ণব্রতাঃ।

স্মুরন্তি হরিণ। ইহ প্রেকট-কৃষ্ণসার-প্রথা

মুগাশ্চ পদমার্গিণঃ প্রবিলসন্তি বৃন্দাবনে।। ১২।।

অনন্তরুচিমৎ স্থলং স্ফুরদনন্তবল্লীক্রমং

মুগদ্বিজমনন্তবং দধদনন্তকুঞ্গোভ্জ্ললম্।

অনন্ত স্থসরিৎ সরোবরমনন্ত রক্তাচলং
স্মরাম্যহমনন্ত তদ্দুয় রসেন বৃন্দাবনম্।। ১৩।।

ভাত ভোগাঃ স্থভুক্তাঃ ক ইহ ন ভবতা নাপি সংসারমধ্যে

বিদ্যা-দানাধ্বরাদ্যৈঃ কতি কতি জগতি খ্যাতি পূজাদ্যলক্লাঃ।

ক্য বলিতে আনন্দ করেন,—আমরা বুন্দাবনীয় সেই লতাবুশ্ব

বাক্য বলিতে আনন্দ করেন,—আমর। রুদাবনীয় সেই লতারুক্ষ-রাজিতে নমস্বার করি॥ ১১॥

শীরন্দাবনে শীহরির ভাববশতঃ ক্রত (দ্রবীভূত) হইয়া যাওয়ায় অন্বর্থনামধারী 'ক্রম'চয় বিরাজমান আছে; স্ব ও পরকে ত্রাণ করে বিলিয়া তাহাদের 'তরু' আখ্যাও যথার্থই হইয়াছে। লতা সমূহ রুষ্ণ ব্রুত ধারণ করিয়া 'ব্রুতী' নাম সার্থক করিয়াছে; এস্থলের হরিণগণ শীরুষ্ণকেই সারাৎসার জানিয়াছে বলিয়া 'রুষ্ণসার' নাম প্রাপ্ত হইয়াছে এবং শীরুষ্ণেরই পদচিক্ত মার্গণ (অনুসরণ) করিয়া তাহারা 'মূগ' নামেরও সার্থকতা সম্পাদন করিয়াছে॥ ১২॥

অনস্ত মনোমদ স্থলযুক্ত, বহু বৃক্ষ বল্লরী শোভিত, অনন্ত পশুপক্ষি সমাকুল, উজ্জ্বলোজ্জ্বল অনন্ত কুঞ্জবাটিকা মণ্ডিত, অনন্ত স্থমনোহর নদী তড়াগাদিযুক্ত, অনন্ত রত্ন পর্বত সনিবিষ্ট, যুগলকিশোরের অনন্ত রসলীলার স্থান শ্রীবৃন্দাবনকে আমি স্মরণ করি॥ ১৩॥ আদ্যাহারেহপি যাদ্চ্ছিক উরুগুণবানপ্যহো সম্ভাত্মা শ্রীমদ্রুন্দাবনেহিম্মন্ সততমট সথে সর্ববতো মুক্তসঙ্গঃ ॥১৪॥ রন্দারণ্যং ত্যজেতি প্রবদতি যদি কোহপ্যস্থ জিহ্বাং ছিনদ্মি শ্রীমদ্রুন্দাবনামাং যদি নয়তি বলাৎ কোহপি তং হুন্যাবশ্যম্। কামং বেশ্যামুপেয়াং ন খলু পরিণয়ায়াশুতো যামি কামং চৌর্য্যং কুর্য্যাং ধনার্থং ন তু চলতি পদং হন্ত বুন্দাবনামে॥ ১৫॥ পরীহাসেহপ্যশ্রাপ্রিয়-কথন-মূকোহতি-বধিরঃ

পরেষাং দোষাকুশ্রুতিমনু বিলোকেহন্ধনয়নঃ।
শিলাবলিশ্চেষ্টঃ পরবপুষি বাধালব-বিধেনি
কদা বৎস্থাম্যাম্মিন্ হরি দয়িত বৃন্দাবন-বনে।। ১৬।।

প্রতঃ! এই সংসারে তুমি কি কি স্থভোগ উপভোগ কর নাই বলত! এই জগতীতলে বিগ্রা, দান ও যজ্ঞাদি দ্বারা বহু বহু খ্যাতি পূজাদিও কি প্রাপ্ত হও নাই? অগুকার আহারেও যদ্চ্ছালন্ধ বস্তুতে সন্তোষ করিয়া এবং বহুগুণান্তিত হইলেও নিজ গুণ গোপণ করিয়া এই শ্রীবৃন্দাবনে সর্ব্ধ সঙ্গ হইতে মুক্ত হইয়া সর্ব্ধদা ভ্রমণ কর॥ ১৪॥

যদি কেহ আমাকে "বুন্দাবন ত্যাগ কর" এই কথা বলে, তবে তাহার জিহ্বা ছেদন করিব। যদি কেহ আমাকে, বলপূর্বক প্রীবৃন্দাবন হইতে অগুত্র নিয়া যায়, তবে তাহাকে অবশুই হত্যা করিব। ইচ্ছা হইলে বরং বেখাতেও উপগত হইব, তথাপি বিবাহ করিবার প্রয়াসে অগুত্র যাইব না; ধনের জন্ম বরং যথেষ্ট চুরিও করিব, তথাপি হায়! বৃন্দাবন হইতে অগ্রত্র পদ চলিবে না॥ ১৫॥

পরিহাস ছলেও অন্তের অপ্রিয় ভাষণে মৃকবং, অন্তের দোষ শ্রবণ বিষয়ে অতি বধিরবং, পরের দোষ দর্শন বিষয়ে অন্ধবং এবং অন্তের দেহে যাহাতে লেশমাত্র কন্ত প্রদান না হয়, তির্বিয়ে শিলাবং নিশ্চেষ্ট হইয়া কবে আমি এই হরিদয়িত বৃন্দাবনে বাস করিব ? ১৬॥ সোদ্বাহিপি ছঃখানি স্বছঃসহানি,
ত্যক্ত্বাহপ্যহো জাতিকুলাদিকানি।
ভুক্তা শ্বপাকৈরপি থুৎকৃতানি,
বৃন্দাটবীবাসমহং করিস্তো। ১৭॥
নাহং গমিস্তামি সতাং সমীপতো,
নাহং বদিষ্টামি নিজং কুলাদিকম্।
নাহং মুখং দর্শায়িতান্মি কস্তাচিদ্,
বৃন্দাটবী-বাসকৃতেহতি-সাহসী॥ ১৮॥
সর্ববাভাস-জ্যোতিষোহনন্তপারস্থান্তর্জ্যোতি বৈষ্ণবানন্দ সান্দ্রম্।
তস্যাপ্যন্তর্জ্যোতিরস্ত্য প্রমেয়া,
নন্দাস্থাদং তত্র বৃন্দাটবীয়ম্॥ ১৯॥

কিং ক্রীড়ের শরীরিণী স্মরকলা কিং দেহিণী কিং রতিঃ স্বাভা মূর্ত্তিমতী কিমভূতমনো-জন্মাস্ত্র-বিছৈব বা I

স্থানহ ত্রংথরাশি সহা করিয়াও, জাতি কুলাদি ত্যাগ করিয়াও, এবং চাণ্ডালের থুৎক্বত আহার করিয়াও আমি শ্রীবৃন্দাবনে বাস করিব॥ ১৭॥

সজ্জনের সমীপেও যাইব না, (অথবা সৎসমাজ হইতে দূরে যাইব না,) আমি নিজের কুলাদির পরিচয় দিব না। শ্রীবৃন্দাবনে বাস করিতে অতি সাহসী হইয়া অন্ত কাহারও নিকট মুখ দর্শন করাইব না॥ ১৮॥

অনন্তপার সর্বউদ্ভাসী ব্রহ্মজ্যোতির (ধামের) আন্তর জ্যোতি (সার)—আনন্দসাক্র বিষ্ণুধাম (পরব্যোম); তাহারও আন্তর-তর জ্যোতিঃ অপরিমিত আনন্দের আস্বাদনময় (ব্রজ্মণ্ডল)। তন্মধ্যেও এই বৃন্দাটবী আন্তরতম (সারাৎসার)॥ ১৯॥

কিংবা জীবনশক্তিরেব সতন্তঃ শ্যামস্থ ন জ্ঞায়তে সা রাধা বিজরীহরীতি হরিণা বৃন্দাবনেহহর্নিশম্।। ২০।।

সর্বপ্রেমর সৈক-বীজ-বিলসদ্ বিপ্রুগ্মহামাধুরী-পূর্ণস্বর্ণস্থগোরমোহন-মহা-জ্যোতিঃস্ক ধৈকা সুধীন্। একৈ কাঙ্গত উন্মদস্মরকলা-রঙ্গান্ তুহন্ত্যভূতান্ বৃন্দাকানন-সংপ্লবান্ হৃদি মম শ্যামপ্রিয়া খেলতু ॥২১॥

লোলদেশ্যঃ পৃথুস্কজঘনাঃ ক্ষামমধ্যাঃ কিশোরীঃ সংবীত-শ্রীস্তন-মুকুলয়ো রুল্লসদ্ধার-যন্তীঃ। নানাদিব্যাভরণবসনাঃ স্নিগ্ধকাশ্মীরগৌরীঃ বৃন্দাটব্যাং স্মর রসময়ী রাধিকা-কিঙ্করীস্তাঃ।। ২২।।

আঃ কীদৃক্পুণ্যরাশেঃ স্থপরিণতিরিয়ং কেয়মাশ্চর্য্যরূপা কারুণ্যোদার্য্যলীলা স্ফুরতি ভগবতঃ কো মু লাভোহদ্ভুভোহয়ম্ ?

ইনি কি দেহবিশিষ্টা ক্রীড়াই, না শরীর পরিগ্রহ করিয়া কামকলাই আবিভূ ত হইয়াছেন? স্থদীপ্রিযুক্ত মূর্ত্তিমতী রতিই কি? নাকিঅদ্ভূত কামাস্ত্র বিষ্ঠাই প্রাত্তভূ ত হইয়াছেন? অথবা তন্ত্রধারণ করিয়া খ্যামের জীবনশক্তিই উপস্থিত হইয়াছেন—ইহার কিছুই ত জানা যাইতেছে না। হাঁ, শ্রীরাধাই শ্রীহরির সহিত অহনিশি বুন্দাবনে অশেষ বিশেষে বিহার করিতেছেন ॥২০॥

বৃন্দাবন প্লাবনশীল সর্ব্যপ্রেমরসের মুখ্য বীজের বিন্দুশালী, মহা
মাধুর্য্যপূর্ণ স্বর্ণ-গৌরমোহন মহাজ্যোতিঃ পূর্ণ অমৃত রসের একমাত্র সমুদ্ররূপ
অন্তুত উন্মন্ত কামকলা রঙ্গ রাশী প্রতি অঙ্গ হইতে দোহন (প্রকাশ)
করিতে করিতে খ্রামপ্রিয়া আমার হৃদয়ে খেলা করুন॥ ২১॥

যাঁহাদের বেণীসকল লোলমান, জঘনদেশ পৃথুল, মধ্যদেশ ক্ষীণ এবং আরত স্থানর স্তানমুকুল ঘয়ের মধ্যে হার শোভা পাইতেছে, তাঁহারা বয়সে কিশোরী, বহু দিব্য বসনে ভূষণে স্থাসজ্জিতা মস্থা কুল্পমবং গৌরান্ধিণী এবং রসময়ী—সেই শ্রীরাধা কিন্ধরীগণের স্মরণ কর॥ ২২॥

যদ্বা নাশ্চর্য্যমেতরিজ্ঞ-সহজ-গুণং মোহিত-শ্রীবিধীশাগ্রুত্যুকৈর্বস্ত বৃন্দাবনমিদমবনো যৎ শ্বয়ং প্রাত্মরাস্তে।। ২০।।
রটন্ বৃন্দারণ্যেহত্যবিরতমটং স্তত্র পরিতো
নটন্ গায়ন্ প্রেম্না পুলকিতবপু স্তত্র বিলুঠন্।
ক্রেটৎসর্বগ্রন্থিঃ স্ফরদতি রসোপাস্তি-পটিমা
কদাহং ধন্যানাং মুকুটমণিরেষোহস্মি ভবিতা।। ২৪।।
সৌন্দর্য্যাদি মহাচমৎকৃতিনিধী দিব্যো কিশোরো মহাগোরশ্যামতনুচ্ছবী নিশি দিবা যত্রৈব চাক্রীড়তঃ।
যত্রবাথিল দিব্যকানন-গুণোৎকর্ষোহতি কান্ঠাং গতস্তদ্ব্ন্দাবিপিনং কদা মু মধুর-প্রেমানুর্ত্ত্যা ভজে।। ২৫।।
অনাদৌ সংসারে কতি নরকভোগা ন বিহিতাঃ
কিয়ন্ত্রো ব্রক্ষেন্দ্রাগ্রুত্র স্থভোগাশ্চ ন কৃতাঃ।

আহা! ইহা কি জাতীয় পুণ্যরাশির শেষ পরিণতি? আহা! ভগবানের ইহা কি আশ্চর্য্য কারুণ্য এবং উদারতার লীলা স্ফুর্ত্তি প্রাপ্ত হইতেছে!! আহা! কি অদ্ভূত লাভই বটে! অথবা ইহা আশ্চর্য্যের বিষয় কিছুই নহে; যেহেতু যাহা অত্যুৎকৃষ্ট বস্তু এবং যাহাতে প্রী (লক্ষ্মী), বিধি (ব্রহ্মা), ঈশ (শিব) প্রভৃতি দেবগণও মোহিত হন, এমন ভগবানের স্বকীয় সহজ গুণই প্রীবৃন্দাবন-রূপে অবনীতলে প্রাহ্নভূতি হইয়াছেন!! ২০॥

গুণ বর্ণনা পূর্ব্বক অবিরত শ্রীরন্দাবনে ইতস্ততঃ পরিভ্রমণ করিতে করিতে নাচিয়া গাহিয়া প্রেম পুলকাঞ্চিত কলেবরে ঐ রজে লুঠনাদি পূর্ব্বক সর্ব্ব গ্রন্থি ছিন্ন করতঃ স্ফুতি প্রাপ্ত অত্যুত্তম রসোপাসনার নিপুণতা লাভে কবে আমি ধন্য শিরোমণি হইব ? ২৪॥

যে স্থানে সৌন্দর্য্য প্রভৃতি মহা চমৎকারের নিধি, গৌর শ্রাম তুরু মহাকান্তিশালী দিব্য কিশোর যুগল দিবানিশি ক্রীড়া করিতেছেন, যে স্থানে নিখিল অপ্রাক্ত কাননের গুণ সমূহ চরম কাষ্ঠা প্রাপ্ত হইয়াছে সেই শ্রীকুলাবনকে কবে মধুর প্রেমের অনুবৃত্তি দারা ভজনা করিব ? ২৫॥ তদাস্মিন্নকস্মিন্ বপুষি স্থুখতুঃখে ন গণয়ন্
সদৈব শ্রীবৃন্দাবনমখিলসারং ভজ সখে।। ২৬।।
শ্রীবৃন্দাবনবাসি-পাদরজসা সর্ববাঙ্গমাগুণ্ঠয়ন্
শ্রীবৃন্দাবনমেকমুজ্জলতমং পশ্যন্ সমস্তোপরি।
শ্রীবৃন্দাবনমাধুরীভিরনিশং শ্রীরাধিকাকৃষ্ণয়োরপ্যাবেশমনুস্মারমধিবস শ্রীধাম-বৃন্দাবনম্।। ২৭।।
বৃন্দাকানন! কাননস্থ পরমা শোভা পরাতঃ পরানন্দ! স্বদ্গুণবৃন্দমেব মধুরং যেনানিশং গীয়তে।
হা বৃন্দাবন! কোটিজীবনমপি স্বত্তোহতিতুচ্ছং যদিজ্ঞাতং তহি কিমস্তি যতুণকবচ্ছক্যেত নোপেক্ষিতুম্।।২৮।।
স্বাত্মের্য্যা মমান্ত প্রণয়রস-মহামাধুরী-দারমূর্ত্ত্যা
কোহপি শ্যামঃ কিশোরঃ কণকবরক্রচা শ্রীকিশোর্য্যা কয়াপি।

হে সংখ। এই সংসারে কতই না নরক ভোগ করিয়াছ? কত কত ব্রহ্মা, ইন্দ্র, প্রভৃতির অতুল স্থভোগাদিকেও না গুকার করিয়াছ? স্থতরাং এই বর্ত্তমান্ একটি দেহের স্থুথ তঃখু গণনা না করিয়া সর্ব্যাই অখিল সার বৃন্দাবনে বাস কর॥ ২৬॥

শীবৃন্দাবন বাসির পাদরজের দ্বারা সর্বাঙ্গ লিপ্ত করিয়া, একমাত্র উজ্জ্বলতম শীবৃন্দাবনকেই সর্ব্বোপরি বিগুমান জানিয়া, শীবৃন্দাবন মাধুর্য্যে সর্বাদা শীরাধাক্তফের আবেশ অনুস্মরণ করিয়া করিয়া শীধাম বৃন্দাবনেই বাস কর।। ২৭।।

হে বৃন্দাবন! তোমার বন-শোভা পরাৎপরা, হে পরানন্দ!
তোমার মধুর গুণবৃন্দ যিনি দিবানিশি গান করেন এবং হে বৃন্দাবন যিনি
কোটি জীবনও তোমা হইতে অতি তুচ্ছ বলিয়া জানেন, তবে সংসারে এমন
কি বস্তু আছে যাহা তিনি তৃণবং উপেক্ষা করিতে না পারেন ? ২৮॥

ক্রীড়ভ্যানন্দসারান্তিম-পরম-চমৎকারসর্ববস্বমূর্তি।
বিত্যানপোত্রকৈ র্যদধি ভজ তদেবাল্ল বৃন্দাবনং ভোঃ।।২৯।।
নব কণক চম্পকাবলি, দলিতেন্দীবর-স্থবন্দ-নিন্দিত-শ্রি।
বৃন্দাবন-নবকুঞ্জে, কিশোরমিথুনং তদেব ভজ রসিকম্।। ৩০।।
পরিচর চরণসরোজং, তদ্গোরশ্যাম-রসিক-দম্পত্যোঃ।
বৃন্দাবন-নবকুঞ্জা-বলিষু মহানজ-বিহ্বলয়োঃ।। ৩১।।
অতিকন্দর্প-রসোন্মদ,-মনিশং বিবর্দ্ধিষ্ণু তন্মিথঃ প্রেম।
ঘনপুলক-গোরনীলা,-কৃতি-নব-মিথুনং নিকুঞ্জমণ্ডলে স্মর।। ৩২।।
পূর্ণ-প্রেমানন্দ-চিচ্চন্দ্রিকাব্দে-র্মধ্যে দ্বীপং কিঞ্চিদাশ্চর্যারূপম্।
তত্রাশ্চর্যাভাতি বৃন্দাটবীয়ং, তত্রাশ্চর্যো গৌরনীলকিশোরো ।।৩৩।।
ধত্যো লোকে মুমূক্ষু র্রভিজনপরো ধন্যধন্য স্ততোহসৌ
ধন্যো যঃ কৃষ্ণপাদামুজরতিপরমো ক্রিকাশ-প্রিয়োহতঃ।

আনন্দসারের পরম কাষ্ঠাভূত পরম চমৎকার সর্বস্ব মূর্ত্তি কোনও শ্রামিকিশোর নিত্য অনঙ্গ তরঙ্গে উন্মন্ত হইয়া মদীয় প্রাণেশ্বরী আগ্য-প্রণয়-রস-মহামাধুর্য্য-সার-মূত্তি কোনও স্বর্ণকান্তি কিশোরীর সহিত যে স্থলে নিত্য ক্রীড়া করিতেছেন, অগ্ন হইতেই সেই বৃন্দাবনেরই ভজন কর॥ ২৯॥

প্রীবৃন্দাবনের নব কুঞ্জে সেই রসিক কিশোর যুগলকেই ভজন কর— তাঁহাদের একজনের দেহ কান্তিতে নূতন স্বর্ণ ও চম্পকাবলি নিন্দিত হয় এবং অপরের দেহজ্যোতিতে উত্তম ইন্দীবর শোভা তিরস্কৃত হইয়া থাকে ॥৩০॥

শ্রীবৃন্দাবনের নৃতন কুঞ্জ সমূহে মহানন্দ বিহুবল সেই গৌরশ্রাম রসিক যুগলের চরণ সরোজের পরিচর্য্যা কর॥ ৩১॥

কন্দর্প রসে অত্যুদ্মত্ত সেই কিশোর যুগলের পরস্পরের প্রেম নিয়তই বৃদ্ধি পাইতেছে। পুলকাবলি শোভিত সেই গৌর-নীল কান্তি বিশিষ্ট নবীন যুগলকে নিকুঞ্জ মণ্ডলে স্মরণ কর॥ ৩২॥

পূর্ণ প্রেমানন্দ চিজ্জ্যোৎসা সমুদ্রের মধ্যে একটি আশ্চর্য্য দ্বীপ আছে, তাহাতে আবার এই বৃন্দাটবী আরও আশ্চর্য্য—তাহার মধ্যেও পরমাশ্চর্য্য এই গৌর-নীল কিশোর যুগল॥ ৩৩॥

যাশোদেয়-প্রিয়োহতঃ স্থবলম্বন্ধতো গোপকান্তাপ্রিয়োহতঃ
শ্রীমদ্রন্দাবনেশ্র্যাতিরস-বিবশারাধকঃ সর্ব্যুদ্ধি, ॥ ৩৪।।
একং সখ্যাপি নো লক্ষিতমুর্সি লসন্নিত্য-তাদাত্ম্যকান্তং
তদ্দৃশ্যং দূরতোহন্তদ্রততি-নবগৃহেহন্ততু তন্নর্মশর্ম।
অন্তদ্রন্দাবনান্ত বিহরদথ পরং গোকুলে প্রাপ্তযোগং
বিচ্ছেল্নভাতদেবং লস্ভি বহুবিধং রাধিকা-কৃষ্ণরূপম্॥ ৩৫॥

নিত্যোত্ত ক্লদনঙ্গ-রঙ্গ-বিলসল্লীলাতরঙ্গং সদা রাধামানসদিব্যমীননিলয়ং তদ্বক্ত চন্দ্রোচ্ছিত্ম।

এই পৃথিবীতে যাঁহারা মুমুক্ল, তাঁহারা ধন্য। যাঁহারা হরি ভজন পরায়ণ, তাঁহারা ধন্য ধন্য। তাঁহাদিগের হইতে উৎকৃষ্ট—যাঁহারা কৃষ্ণ পাদপদ্মে পরমাসক্তিযুক্ত হইয়াছেন। তাঁহাদিগের হইতেও আবার কক্মিণীবল্লভের প্রিয়গণ ধন্য, তাঁহাদিগের হইতে যশোদানন্দন প্রিয়গণ আরও প্রশংস্ত; তাহা হইতে স্থবল স্থার প্রিয়গণ আরও ধন্য, আবার তাহা হইতে গোপকান্তাপ্রিয়ের (গোপীবল্লভের) ভজনপরায়ণ গণ আরও ধন্য—কিন্তু শ্রীমদ্বুন্দাবনেশ্বরীর পর্মরস্বিবশ্লারাধকই স্কলের শিরোমণি॥৩৪॥

প্রাধাকষ্ণরপ বছভাবে বিলাস পরায়ণ হইয়া বিরাজমান আছেন।

এক অবস্থা—সখীগণেরও অলক্ষিতভাবে কান্তা ও কান্ত পরস্পরকে বক্ষে
গাঢ় আলিঙ্গন করিয়া নিত্য তাদাত্ম্য ভাব প্রাপ্ত: অপরাবস্থা—সখীগণ
কর্ত্বক দূর হইতে দৃশুমান লতা নিশ্মিত নূতন মগুপে মিলন। অন্তটি—
(নিকুঞ্জ মধ্যে) উভয়ের পরিহাস মঙ্গল বাকোবাক্যযুক্ত, অপরাবস্থা—
বুন্দাবন মধ্যে নিত্য বিহারশীল, অন্তাবস্থা—(কুঞ্জ হইতে গোষ্ঠে এবং
গোষ্ঠ হইতে কুঞ্জে গমনাগমনযুক্ত) গোকুলে মিলন, এবং অন্তবিধ প্রকাশে
তাঁহারা (মাথুর) বিরহ দশা প্রাপ্তঃ॥ ৩৫॥

^{* [} এবং তদনন্তর সমৃদ্ধিমান্ সম্ভোগযুক্ত মিলন। এ বৃহদ্ভাগবতামৃত দ্রন্তব্য।]

তৎ কন্দর্পস্থমন্দরেণ মথিতং সংগ্রাক্ষি-পীযৃষদং
কঞ্চিচ্যাম-রসাম্বুধিং ভজ সংখ! বৃন্দাটবী-সীমনি॥৩৬॥
শ্যামপ্রাণম্বৈকখেলন-বনশ্রেণী সদা শ্যামলোৎখেলমানসমীন-দিব্যসরসী শ্যামালি-সৎ-পদ্মিণী।
শ্যামানঙ্গ-স্তুতপ্ত-ক্রচ্ছিশিরতাকারি-স্কুরচ্চন্দ্রিকা
শ্যামানশ্যস্থনাগরেণ বিহরত্যেকা মম স্বামিনী॥৩৭॥

শ্রীমদ্রন্দাকাননে রত্নবল্লী, রকৈশ্চিত্র-জ্যোতিরানন্দ-পুল্পৈঃ। কীর্ণে স্বর্ণস্থল্যুদঞ্চৎকদন্থ-,

চ্ছায়ায়াং নশ্চক্ষুষী গৌরনীলে॥ ৩৮॥ শ্রীবৃন্দাকাননেহত্যদ্ভুত্ত-কুস্থম-লসদ্রত্নবল্লী-নিকুঞ্জ-প্রাসাদে পুষ্পাচন্দ্রাতপচয়রুচিরে পুষ্পপল্যঙ্ক-তল্লে।

হে সথে! বৃন্দারণ্যবাসী সেই অনির্কাচনীয় শ্রামরস সমুদ্রেরই ভজন কর—সেই শ্রামরস সমুদ্রে নিত্যই কামরঙ্গ-বিলাস লীলাময় উত্ত্ব তরঙ্গ সমূহ প্রকাশ পাইতেছে, তাহাতে শ্রীরাধার মানসরূপ দিব্য মংশ্রু নিরস্তর বাস করিতেছে—তাহা শ্রীরাধার মুখচন্দ্র দারা উচ্চলিত ও শ্রীরাধার কামরূপ স্থমন্দর পর্কতি দারা মথিত হইতেছে এবং তাহা স্থীগণের লোচনের অমৃত দান করিতেছে॥ ৩৬॥

খ্যাম প্রাণরূপ মৃগের একমাত্র ক্রীড়াস্থলী, উজ্জ্বল রসে ক্রীড়া পরায়ণ মানসমীনের দিব্য সরোবর সদৃশী, খ্যামরূপ অলির পক্ষে পদ্মিণীরূপা, খ্যামের কামতপ্র হৃদয়ের স্থান্মির বিধায়ী উজ্জ্বল জ্যোৎস্নারূপিণী, আমার স্বামিনী একা খ্যামাই (শ্রীরাধাই) অতুলনীয় খ্যাম স্থনাগরের সহিত্বিহার করিতেছেন॥ ৩৭॥

রত্নতা বৃক্ষ মণ্ডিত বিচিত্র জ্যোতিঃ বিকিরণশীল আনন্দময় পূম্পাস্তীর্ণ শ্রীবৃন্দাবনে স্বর্ণস্থলী শোভিত কদম্ব ছায়াতে গৌর-নীল বপুধারী কিশোরযুগলেই আমাদের লোচনযুগল সদা বিরাজমান থাকুক॥ ৩৮॥

শ্রীরন্দাবন-মহিমামূতম্

রাধাকৃষ্ণে বিচিত্রস্মরসমরকলা-খেলনো বীক্ষ্য বীক্ষ্যা-নন্দাদ্বিভ্রামিতং তৎলুঠদবনিতলে বন্দ্যতামালিরন্দম্॥৩৯॥

প্রেষ্ঠদন্দ-প্রসাদাভরণবর পট শ্রগ্ নবাভীর বালামালালস্কার-কস্তৃর্যা গুরু ঘুসণ সদ্গন্ধতাস্থূল বস্ত্রৈঃ।
বাদ্যৈঃ সঙ্গীতনৃত্যেরসুপম-কলয়া লালয়ন্তীঃ সতৃষ্ণা
রাধাক্ষাবখণ্ড-স্বরস-বিলসিতো কুপ্পবীথ্যামুপৈমি।। ৪০।।
কাশ্চিচ্চন্দন্মর্যিণীঃ সঘুস্পং কাশ্চিৎ শ্রজো গ্রথাতীঃ
কাশ্চিৎকেলিনিকুপ্পমণ্ডনপরাঃ কাশ্চিদ্বহন্তী র্জলম্।
কাশ্চিদ্ব্যিত্বকূলকুপ্থনপরাঃ সংগৃহ্লতীঃ কাশ্চনাহলক্ষারং নবমন্নপানবিধিষু ব্যগ্রাশ্চিরং কাশ্চন।। ৪১।।
তন্মূলোভ্রমবীটিকাদিকরণে কাশ্চিন্নিবিষ্টা নবাঃ
কাশ্চিন্নর্ত্ন-গীত-বাগ্রস্থকলা-সামগ্রি-সম্পাদিকাঃ।

প্রীবৃন্দাবনে অতি অতুত কুস্থম শোভিত রত্ন লতা নিকুঞ্জ প্রাসাদে পূপাময় চন্দ্রাতপ সমূহ দ্বারা মনোজ্ঞ কুস্থম পালক্ষের শয্যায় বিচিত্র কামযুদ্ধে খেলন পরায়ণ শ্রীরাধারুঞ্চকে দেখিয়া দেখিয়া আনন্দে বিহবল হইয়া পৃথিবীতে অবলুঠনকারী স্থীবৃন্দকে বন্দনা করা হউক॥ ৩৯॥

প্রিয়তমযুগলের প্রসাদীকৃত অলক্ষার, শ্রেষ্ঠ বদন মাল্যাদি ভূষিত নবীনা গোপবালাগণ মালা, অলক্ষার, কস্তৃরী, অগুরু, কুরুম, মনোমদগন্ধ, তামূল, বস্ত্র প্রভৃতির সমাহরণ দ্বারা এবং নিরুপম তাল লয় সমন্বিত বাতা ও নৃত্য-গীতাদি দ্বারা নিকুঞ্জবিলাদী অথও-স্ব-রদ বিনোদী শ্রীরাধাক্ষ যুগলকে যাঁহারা সভ্ষভাবে দেবা করিতেছেন—আমি তাঁহাদের শরণাপর হইতেছি॥ ৪০॥

কোনও কোনও গোপবালা উত্তম কুদ্ধম সহিত চন্দন ঘর্ষণ করিতে-ছেন—কেহ কেহ বা মাল্যরচনায় নিযুক্ত হইয়াছেন—অপর কেহ কেহ কেলিনিকুঞ্জ স্থাজ্জিত করিতেছেন—কেহ কেহ বা নৃতন নৃতন অলঙ্কারা-দির সংগ্রহকার্য্যে ব্যাপৃতা হইয়াছেন—অপর কেহ কেহ বা ব্যগ্রচিত্তে খাত্ত পানীয় প্রভৃতির চেষ্টায় বহু ক্ষণযাবং নিযুক্ত হইয়াছেন॥ ৪১॥ সানাভ্যন্তবিধা চ কাশ্চন রতাঃ সংবীজনালৈঃ সদা
কাশ্চিৎসন্নিধিসেবনাতিমুদিতাঃ কাশ্চিৎ সমস্তেক্ষিকাঃ॥ ৪২॥
কাশ্চিৎ স্বপ্রিয়মুগাচেপ্টিতদৃশঃ স্তরাঃ স্বকৃত্যে স্থিতাঃ
ক্ষিপ্ত্বাহত্যালিপ্রবিত্তি দয়িতয়োঃ কাশ্চিৎ স্থখেলা-পরাঃ।
ইথং বিহ্বল-বিহ্বলাঃ প্রণয়তঃ শ্রীরাধিকা-কৃষ্ণয়োঃ
দাসীরজুতরূপকান্তিবয়সো বৃন্দাবনেহন্তীয়তাম্॥৪০॥ [বিশেষকম্]
একং চিত্রশিখণ্ডচূড়মপরং শ্রীবেণীশোভাজুতং
বক্ষশ্চন্দনচিত্রমেকমপরং চিত্রং স্কুরৎ-কঞ্কম্।
একং রত্রবিচিত্রপীতবসনং জঞ্জান্তবস্ত্রোপরিভাজদ্রস্থুচিত্র-শোণ-বসনেনাক্যচ্চ সংশোভিতম্॥ ৪৪॥

কোনও কোনও নবীনা গোপবালা উত্তম তামূলবীটিকা প্রভৃতির
নির্মাণে নিবিষ্টচিত্ত হইয়াছেন—কয়েকজন বা নৃত্য গীত বাখাদির উত্তম
উত্তম কলা বিখ্যা প্রকাশনের বস্তু সমূহের আয়োজন তৎপর—কেহ কেহ
বা স্নান উন্বৰ্ত্তন প্রভৃতি সামগ্রী আহরণ করিতেছেন—অপর কেহ কেহ বা
বীজন হস্তে নিকটে থাকিয়াই শ্রীঅঙ্গ সেবনে অতিশয় হাইচিত্ত হইয়াছেন
আবার কয়েকজন সকল বিষয়েরই তত্ত্বাবধান করিতেছেন॥ ৪২॥

কেহ কেহ বা নিজ প্রিরতম যুগলের চেষ্টাতে নয়ন দিয়া নিজকার্য্য বিশ্বত হইয়াছেন—অপরাপর গোপী অন্ত সথী কর্তৃক আক্ষিপ্ত (অনুযোগ প্রাপ্ত) হইয়া স্বকার্য্যে প্রবর্ত্তিত হইয়াছেন এবং দয়িত্যুগলের সহিত স্থান্তর থেলায় যোগদান করিয়াছেন—এইভাবে শ্রীরাধারুফের অতিশয় প্রাণয়ভরে বিভার, অদুত রূপ কান্তি বয়স বিশিষ্ট দাসী (স্থী) দিগকে ব্রুদাবনেই অন্বেষণ কর॥ ৪৩॥

একজন বিচিত্র ময়ূরপুচ্ছের চুড়া পরিয়াছেন—অপরের শিরোদেশে স্থানর বেণীর শোভায় চমৎকারিত্ব ধারণ করিয়াছে; একজনের বক্ষোদেশ চন্দন চিত্রিত এবং অপরের বক্ষে বিচিত্র কঞ্তক (কাঁচুলি) স্ফুর্তিপাইতেছে; একজন রত্ন বিচিত্রিত পীত্রসনধারী এবং অপরজন জঙ্ঘা পর্য্যস্ত বিস্তৃত্ব বস্ত্রের উপরে নানা রত্নময় বিচিত্র রক্তবন্ত্র দ্বারা সংশোভিত॥ ৪৪॥

ইত্থং দিব্য-বিচিত্রবেশ-মধুরং তদ্গোরনীলং মিথঃ
প্রেমাবেশ-হসৎকিশোরমিথুনং দিখ্যাপি চিত্রচ্ছটম্।
কাঞ্চী-নূপুরনাদ-রত্নমূরলী গীতেন সংমোহয়ৎ
শ্রীবৃন্দাবন চিদ্যন স্থিরচরং রঙ্গে মহাশ্রীমতি ॥ ৪৫॥
অন্ধালীমুখশন্দকে মণিময়ে মীলন্ম দঙ্গধ্বনো
প্রোৎসার্য্যেব প্রবিষ্টবন্ধ্ জবনিকামুৎকীর্য্য পুস্পাঞ্জলীম্।
অত্যাশ্চর্য্য সন্ত্য হস্তক মহাশ্চর্য্যাঙ্গ দৃগ্ভিন্সিমোত্তুঙ্গানন্ধরসোৎসবং ভজতি মে প্রাণদ্বয়ং কঃ কৃতী ॥৪৬॥ (যুগ্মকম)
অনন্তরতি মৎ প্রিয়চ্ছবি বিলাস সম্মোহনং
মহারসিকনাগরাভুত কিশোরয়ো স্তদ্বয়ম্।
বিচিত্র রতিলীলয়া নবনিকুঞ্জ পুঞ্জোদরে
স্মরামি বিহরন্মহাপ্রণয় ঘূর্ণিতাঙ্গং মিথঃ॥ ৪৭॥

এইরপে দিব্য বিচিত্র বেশ মাধুর্য্য মণ্ডিত, দিগন্তব্যাপী চিত্রচ্ছটাশীল সেই গৌর নীল বপুধারী, পরস্পার প্রেমাবেশ বশতঃ হাস্তকারী যুগল-কিশোর—মহাসৌন্দর্যাশালী রঙ্গে প্রীবৃন্দাবনস্থ স্থাবর-জঙ্গমাত্মক চিদ্বন বস্তু মাত্রকেই কাঞ্চী নূপুর নাদে ও মুরলীর মোহন গীতে সংমুদ্ধ করিয়া বিরাজমান আছেন॥ ৪৫॥

এবং সেইমণিময় রঙ্গে (রঙ্গমঞ্চে) সখীগণ-মুখোচ্চারিত শব্দ ও
মৃদঙ্গ ধ্বনি উত্থিত হওয়া মাত্রই জবনিকা দূরে নিক্ষেপ করতঃ পুজ্পাঞ্জলি
বিকীরণ করিতে করিতে প্রবেশ পূর্ব্বক অতি আশ্চর্য্যজনক নানাবিধ
হস্তভঙ্গী সহকারী নর্ত্তন পরায়ণ ও মহাশ্চর্য্য অঙ্গ ও নয়ন ভঙ্গিমা দ্বারা
স্থমহান্ কাম রসোৎসব বিধায়ক আমার প্রাণপ্রিয়তম যুগলকে কোনও
স্থক্তি ভজনা করে॥ ৪৬॥

অনন্ত রতিশালী মনোমদ কান্তিবিশিষ্ট ও বিলাস সম্মোহিত সেই
মহারসিক নাগর দ্বের—সেই অভূত যুগল কিশোরের বিচিত্র রতিলীলা

কদা কণক চম্পকত্যতি বিনিন্দিতেন্দীবরবরং নব কিশোরয়োর্ছ য় মগাধভাবং মিথঃ।
পুরঃ স্ফুরতু মন্মথ ক্ষুভিতমূর্ত্তি বৃন্দাটবীং
মমাধিবসতো মহাসরস দিব্য চক্ষুযুজঃ॥ ৪৮॥
প্রেমানন্দোজ্জ্জল রসময় জ্যোভিরেকার্ণবান্তস্তাদাত্ম্যেন স্ফুরতু বহুধান্চর্য্য বৃন্দাবনং মে
কুঞ্জে কুঞ্জে মধুরমধুরং তত্র খেলৎ-কিশোরঘন্দং গৌরাসিত রুচি মন স্তদ্ রসার্হং ক্রিয়ান্মে॥ ৪৯
দবিষ্ঠে য স্তিষ্ঠেদতি কুক্তিনিষ্ঠঃ কুবিষয়ে
সকৃদ্ বৃন্দাটব্যা স্থাকমপি বন্দেত স্তক্কতী!

হেতু নিত্য নৃতন নিকুঞ্জ সমূহ মধ্যে বিহার পরায়ণ মহাপ্রণয় রসে ঘূণিত বিগ্রহ যুগলকে স্মরণ করিতেছি॥ ৪৭॥

মহা সরস দিব্য চক্ষুমান ও বৃন্দাবন বাসকারী আমার সমুখে কবে স্বর্ণচম্পক কান্তি ও নীলপদ্ম বর নিন্দিত রূপ বিশিষ্ট নব কিশোর দম্পতীর পরস্পরের প্রতি অগাধ ভাব বিশিষ্ট কামদেব বিমোহিত মূর্ত্তি হইবে ? ৪৮॥

প্রেমানন্দের উজ্জ্বল রস বিশিষ্ট জ্যোতিঃপূর্ণ কোনও এক অনির্বাচনীয় সমুদ্রগর্ভস্থিত আশ্চর্য্য বৃন্দাবন তাহার (তথাবিধ জ্যোতির্ময় সমুদ্রের) সহিত তাদাত্ম্য প্রাপ্ত হইয়া বহুধা আমার নিকটে প্রতিভাত হউন—এবং তাহার প্রতি কুঞ্জে মধুর হইতেও স্থমধুর ক্রীড়া বিনোদী গোর-শ্রাম-বর্ণ বুগল-কিশোর আমার মনকে তদ্ রসাবিষ্ট করিয়া দিন—এই প্রার্থনা ॥ ৪৯॥

দূরতম প্রদেশে থাকিয়াও, কুবিষয়ে কুকার্য পরায়ণ হইয়াও যদি কোনও স্কুকতী একবার মাত্রও শ্রীবৃন্দাবনস্থ ক্ষুদ্র তৃণ্টীকেও বন্দনা করিতে স তৎপ্রাণস্থোচ্ছুছাল-নিথিলশক্তেঃ করুণয়া
ধ্রুবং দেহস্থান্তে হরিপদমলভ্যঞ্চ লভতে ।। ৫০ ।।
কুবেরাণাং কোটা র্হসতি ধনসম্পত্তিভি রহো
তিরস্কুর্য্যাদ্ব্যানপি স্থরগুরুন্ বুদ্ধি-বিভবৈঃ ।
অশোচ্যঃ স্ত্রীপুল্রাদিভি রসম ঈড্যো হরিরসাচছুক-প্রহলাদালৈ রতিকৃদিহ রন্দাবন-বনে ।। ৫১ ।।
তাক্ত্বা সর্বান্ গৃহদ্বার সকল গুণালক্কত স্ত্রীস্থৃতাদীন্
সর্বত্রাত্যন্তসম্মাননমথ মহতঃ সৎকুলাচারধর্ম্মান্ ।
মাতাপিত্রো গুরুণামপি চ ন হি মনাগাগ্রহৈঃ কোমলাত্রা
যো যায়াদেব রন্দাবনময়মখিলৈঃ স্ত্যুতে ধন্যধন্যঃ ? ৫২ ।।

পারেন, তবে তিনি দেহান্তে অমর্য্যাদ নিখিল শক্তিপূর্ণ তাঁহার জীবাতু (জীবনীভূত শ্রীরাধাশ্যামের) করুণায় অলভ্য শ্রীহরি পাদপদ্মও পাইয়া থাকেন॥ ৫০॥

এই শ্রীরন্দাবনে রতিশালী পুরুষ—ধন সম্পত্তি দারা কোটি কোটি কুবেরকেও উপহাস করেন, বুদ্ধি বিভব দারা স্থর-গুরু রহস্পতিকেও তিরস্কার করিয়া থাকেন; স্ত্রীপুত্রাদি পরিজন তাঁহার জন্ম আর শোক করে না, তিনি শ্রীহরি রস বিষয়ে শুক প্রস্লাদাদি কর্তৃকও অতুল প্রশংসাভাজন হইয়া থাকেন॥ ৫১॥

যিনি গৃহ দার, সর্বপ্তণযুক্ত স্ত্রীপুলাদি সকল ত্যাগ করিয়া এবং সর্বত্র অতিশয় সম্মান ও মহা মহা সংকুলাচার ধর্ম ইত্যাদিও বিসর্জন দিয়া, মাতা পিতা এবং গুরুজনদিগের আগ্রহে বিন্দুমাত্রও কোমলচিত্ত না হইয়া প্রীবৃন্দাবনে যাইতে পারেন, অথিললোক কর্তৃক তিনিই ধত্য-বাদার্হ হয়েন॥ ৫২॥

সকল জীবের দোষ বা গুণ কোথাও শ্রবণ বা গ্রহণ না করিয়া,

নো শৃথন্ নৈব গৃহন্ সকল তনুভূতাং কাপি দোষং গুণং বা বৃন্দারণ্যন্থ সন্থান্থথিল গুরুধিয়া সংনমন্ দণ্ডপাতৈঃ। ত্যক্তাশেষাভিমানো নিরবধি পরমাকিঞ্চনঃ কৃষ্ণরাধা-প্রেমানন্দাশ্রু মুঞ্চন্ নিবসতি স্থক্তী কোহপি বৃন্দাবনান্তঃ।।৫০।। ক্রন্দনার্ত্তমরেণ ক্ষিতিযু পরিলুঠন্ সংনমন্ প্রাণবন্ধুং কুর্ববন্ দন্তে তৃণান্থাদধদন্ম করুণা-দৃষ্টয়ে কাকুকোটীঃ। তিষ্ঠমেকান্ত বৃন্দাবিপিন তরুতলে সব্যপাণো কপোলং ন্যস্থাশ্রুণ্যেব মুঞ্চনমতি দিননিশাং কোহপি ধন্যোহত্যনন্তঃ।।৫৪।। মুঞ্চন্ শোকাশ্রুধারাং সতত মরুচিমান্ গ্রাসমাত্রাগ্রহেহপি ক্ষিপ্তো বদ্ধো হতো বা গিরিবদ্বিচলঃ সর্বব্দকৈ বিমুক্তঃ। নৈক্ষিপ্তত্যক কাষ্ঠাং গত উরুত্রয়োৎকণ্ঠয়া চিন্তয়ন্ শ্রী-রাধাকৃষ্ণাজ্যি, পক্ষেক্রহদল-স্থ্যমাং কোহপি বৃন্দাবনেহস্তি।।৫৫।।

অথিল লোকের গুরুবুদ্ধিতে শ্রীবৃন্দাবনস্থ প্রাণিদিগকে দণ্ডবৎ প্রণিপাত করিয়া, অশেষ অভিমান ত্যাগ করিয়া এবং নিরন্তর পরম অকিঞ্চনভাবে শ্রীরাধারুষ্ণের প্রেমানন্দে অশ্রু মোচন করিয়া করিয়া কোনও স্কৃতি শ্রীবৃন্দাবনে বাস করেন॥ ৫৩॥

ক্রন্দনার্ভম্বরে ভূমিতে লুগ্ঠন করিতে করিতে, প্রাণবন্ধুকে দণ্ডবৎ প্রণতি করিতে করিতে, দন্তে ভূগ ধারণ করিয়া রূপাকটাক্ষপাতের জন্ম কোটি কোটি কাকুবাদ পূর্ব্বক শ্রীবৃন্দাবনের তরু তলে তলে নির্জনে বাস করতঃ করদেশে কপোল বিস্তাস করিয়া শোকাশ্রু মোচন করিতে করিতে দিবারাত্রি যাপন করেন—এবম্বিধ অতি অনন্ত ধন্ত (মহাজনও) তথায় আছেন॥ ৫৪॥

নিরন্তর শোকাশ্রুপাত করেন, গ্রাসমাত্র আহারেও অরুচি হইয়াছে; উন্মত্ত, বদ্ধ, হত, অথবা পর্বতবং অবিচল হইয়া সর্ব্রসঙ্গ ত্যাগ করিয়া মালাং কঠেহর্পয় স্থললিতং চন্দনং সর্ববগাত্রে
তাম্বূলং প্রাশয় কুরু স্থাং সাধু সংবীজনেন।
ব্যত্যাশ্লেষাৎ স্থাশয়িতয়ো লালয়নজিব্ন মিথাং
রাধাক্ষে পরিচর রহঃ কুঞ্জশয্যামুপেতো।। ৫৬।।
রাধাক্ষে রহিল লতিকামন্দিরে সূপবিষ্টো
রত্যাবিষ্টো রসবশ লসদৃষ্ঠি বাগঙ্গ চেষ্টো।
দৃষ্টাহন্যাদৃগ্বর বিলসিতো সাধু যান্তী বহি স্তাঃ
তাভ্যামাতাঃ সহসমবনম্যাঃ স-ব্লী-সোখ্যমগ্লাঃ।। ৫৭।।
কিশোর বয়সঃ স্ফুরৎ পুরট রোচিষো মোহিনীঃ
স্থচারুকুশমধ্যমাঃ পৃথুনিতম্ব বক্ষোক্রহাঃ।

পরম নিষিঞ্চন ব্রতাবলম্বনে অধিকতর উৎকণ্ঠা সহকারে শ্রীরাধারুষ্ণ পাদ-পদ্মদল স্থমা চিন্তা করেন—এবম্বিধ কোনও (ভাগ্যবান্) পুরুষও বিরাজমান আছেন॥ ৫৫॥

শ্রীরাধাক্ষ নির্জ্জন কুঞ্জশয্যায় গমন করিয়াছেন—তাঁহাদের কণ্ঠে স্থগন্ধি মাল্য অর্পণ কর, সর্ব্ব গাত্রে স্থললিত চন্দন লেপন কর, (অধরে) তামূল প্রদান কর, মৃত্ব মধুর ব্যজনান্দোলন দারা তাঁহাদিগকে স্থখ দান কর, তাঁহারা স্থখে শয়ন করিয়া পরস্পর গাঢ় আলিঙ্গনাবদ্ধ আছেন—তাঁহাদের পাদপন্ম সেবা কর—এইভাবে যুগলিকশোরের পরিচর্য্যা কর॥৫৬

লতামন্দিরে বহঃ স্থানে প্রীরাধারুক্ষ উপবিষ্ট আছেন, রত্যাবিষ্ট হইয়া রস বিবশ হেতু তাঁহাদের দৃষ্টি, বাক্য ও অঙ্গ চেষ্টা সাতিশয় শোভ-মান হইরাছে; তাঁহাদের অতি মনোহর বিলাস দর্শন করিয়া অন্তাদিকে দৃষ্টিপাত পূর্ব্বক সেই (স্থীগণ) বহির্দেশে যাইতে থাকিলে যুগলকিশোর হাসিতে হাসিতে তাঁহাদিগকে ধরিলেন—তখন তাঁহারা লজ্জা ও সৌখ্য রসে মুগ্র হইয়া অবনত শিরে অবস্থান করিলেন॥ ৫৭॥ স্থবত্ব কণকাঞ্চিত ক্ষুৱিত নাসিক মোক্তিকাঃ
স্থবেশীঃ পটভূষণাঃ স্মরত রাধিকা-কিঙ্করী।। ৫৮।।
স্থরম্যা দোর্বল্লী বলয়গণ কেয়ূর রুচিরাঃ
কণৎকাঞ্চী মঞ্জীরকমণি স্থতাটঙ্ক ললিতাঃ।
লসদ্বেণী বক্ষোরুহ মুকুলহারাবলিরুচঃ
স্মরাহনন্যপ্রেমাঃ কণকরুচিরাধান্ত্যু দুকরীঃ।। ৫৯।।
অহো বৃন্দারণ্যে সকল পশুপক্ষি ক্রমলতাত্যনত্তি ল বিশ্যৈ মধুর মধুরৈঃ কাঞ্চননিভিঃ।
মহাপ্রেমানন্দোন্মদ স্থরস নিপ্সান্দ স্থভগৈঃ
কিশোরং মে সংমোহয়দহহ সর্বস্ব মুদিতম্।। ৬০।।
অহো শ্যামং প্রেম প্রসর বিকলং গদগদিরির।
সরোমাঞ্চং সাম্রুং সমন্মুনয়দালীঃ প্রিয়তমাঃ।

তাঁহারা বয়সে কিশোরী, স্থন্দর স্বর্ণবর্ণা, মোহিনী মূর্ত্তি, তাঁহাদের মধ্যদেশ অতি স্থন্দর ও রুশ, নিতম্ব ও স্তনযুগল পৃথুল, নাসাদেশে রত্ন ও স্থবর্ণ জটিত মুক্তা সমূহ দোহল্যমান, মস্তকে স্থন্দর বেণী, পরিধানে পট্রস্ত্র—এবম্বিধ শ্রীরাধা সখীগণকে স্মরণ কর॥ ৫৮॥

পরম রমণীয়া, বাহুলতায় বলয় সমূহ ও কেয়ূর ভূষণে অতি স্থন্দরী, শব্দায়মান কাঞ্চী, নূপুর ও মণিময় তাটন্ধ (তাড়) প্রভৃতি দ্বারা অতি কমনীয়া, বেণী শোভিতা, স্তনমুকুলোপরি হার সমূহের কান্তি প্রতিবিশ্বিতা এবং অন্ত প্রেমণীলা স্বর্ণবর্ণা শ্রীরাধা-দাসীগণের স্মরণ কর॥ ৫৯॥

অহা ! বৃন্দারণ্যে সকল পশুপক্ষী বৃক্ষলতাদিকে নিজ অনন্ত কাঞ্চন তুল্য মধুর হইতেও মধুর লাবণ্যরাশি দ্বারা এবং মহাপ্রেমানন্দে উন্মন্তকারী স্থরস অক্ষুন্ন সৌন্দর্য্য দ্বারা কিশোরকে সম্মোহন করিয়া আমার সর্বস্থ (শ্রীরাধা) উদিত হইতেছেন॥ ৬০॥ পদং বেণ্যা বদ্ধা ক্ষণমহহ সংপ্রেষ্ঠ দয়িতং
কচিদ্ বৃন্দারণ্যে জয়তি মম তজ্জীবনমহঃ ॥ ৬১ ॥
নবোগ্তৎ কৈশোরং নব নব মহাপ্রেম বিকলং
নবানঙ্গজোভাত্তরলতরলং নব্য ললিতম্ ।
নবীনাদৃষ্ট্যক্ষোক্তিমু মধুরভঙ্গী দ্বদহো
মহো গৌরশ্যামং স্মরত নবকুঞ্জে ততুভয়ম্ ॥ ৬২ ॥
মিথো গ্যস্তপ্রাণং কথমপি ন হি স্নান-শয়নাহশনাদৌ বিচ্ছিন্নং গুরুভিরন্মুরাগৈ নবনবৈঃ ।
সদা খেলদ্ ন্দাবন নব নিকুঞ্জাবলিষু তদ্
ভজে গৌরশ্যামং মধুরমধুরং ধাম যুগলম্ ॥ ৬৩॥
উত্তু ক্লানঙ্গরন্ধ ব্যতিকর রুচিরাভঙ্গ সঙ্গীত ব্লৈঃ
রক্তৈ স্থারুণ্যভঙ্গীভর মধুর চমৎকারি রোচিস্তরক্তিঃ।

অহা। কোনও সময়ে (প্রবল বিরহাবস্থায়) শ্রীমতী প্রেমাতিশয়া হেতু বিকল হইয়া গদগদ বাক্যে সরোমাঞ্চেও অশ্রুপূর্ণ লোচনে নিজ প্রিয়তম স্থীগণকে অনুনয় বিনয় করিয়া দয়িত শ্রামস্থানরের নিকট পাঠাইয়া ক্ষণকাল্যাবং (তীব্র অসহিষ্ণুতা বশতঃ) বেণী দ্বারা নিজ চরণ বন্ধন করিতেছেন—আমার সেই জীবাতু (শ্রীরাধা) বৃন্দাবনে সর্কোৎ-কর্ষের সহিত বিরাজমান থাকুন॥ ৬১॥

নব কৈশোর প্রাপ্ত, নব নব মহাপ্রেমবিবশ, নব অনঙ্গক্ষোভবশতঃ অতীব চঞ্চল, নব ললিত, দৃষ্টিতে অঙ্গে ও বাক্যে নবীন মধুর ভঙ্গী ধারণ-কারী, নবীন কুঞ্জে সেই গৌরখ্যাম-জ্যোতিঃ যুগলকিশোরকে স্মরণ কর ॥৬২

পরস্পর গ্রস্ত-প্রাণ, স্নান ভোজন বা শয়নাদিতেও সর্বাদা অবিচ্ছিন্ন নব নব প্রচুর অনুরাগ বশতঃ শ্রীবৃন্দাবনের নব নব নিকুঞ্জ সমূহে সদা খেলনশীল দেই মধুর মধুর গৌরখ্যামাক্ততি যুগলকিশোরকে ভজনা করি॥৬৩ অত্যন্তাহেক্যান্তসক্ত্যা নিমিষমমিলনাদার্ত্তিমূর্ত্তী ভবন্তে।
তো বৃন্দারণ্যবীথ্যাং ভজ ভবিত-রসৌ দম্পতী গোরনীলো ।।৬৪।।
নশ্বর স্থৃত ধন জায়া,-দিয়ু হরিমায়াময়েয়ু মা প্রয়াসম্।
কুরু পুরুষার্থশিরোমণি,-মাচিন্ম বৃন্দাবনে স্বয়ং পতিতম্।।৬৫।।
বৃন্দাবনে তরুমূলে, কূলে শ্রীমৎ কলিন্দ-নন্দিত্যাঃ।
ভজ রতি কেলি সতৃষ্ণে, রাধাকৃষ্ণে তদেকভাবেন।। ৬৬।।
বরমিহ বৃন্দারণ্যে, স্থবরাকী মদনমোহন-দ্বারি।
অপি সরমাপি রমাপ্রিয়,-সখ্যপি নান্তত্র নো রমাপি স্থাম্।।৬৭।।
প্রত্যন্তোচ্ছলদভূত, নব কাঞ্চন চন্দ্রচন্দ্রিকা জলধিঃ।
নব কৈশোর চমৎকার, রূপা বৃন্দাবনেশ্বরী স্ফুরতু ।। ৬৮।।

উদ্দাম অনঙ্গ রঙ্গ হেতু পরস্পার মিলনে মনোরম, অবিচ্ছিন্ন বিবিধ নৃত্য গীতাদি দ্বারা এবং যৌবনরসে নানাবিধ মধুর ও চমৎকারকারী দীপ্তি লাবণ্যদ্বারা পরস্পারের প্রতি অতিশয় আসক্তি হেতু নিমিষকালের বিরহেও আর্ত্তি ধারণকারী পূর্ণরস গৌর-গ্রাম দম্পতীকে বৃন্দারণ্য পথে ভজন কর॥ ৬৪॥

নশ্বর পুত্র, ধন, বা জায়াদি শ্রীহরির মায়াময় বস্ততে প্রয়াস ত্যাগ কর। শ্রীবৃন্দাবনে স্বয়ং-পতিত পুরুষার্থ-শিরোমণি চয়ন (সংগ্রহ) কর ন ৬৫

শ্রীবৃন্দাবনে শ্রীমৎ কলিন্দনন্দিনীর (যমুনার) কূলে তরুমূলে রতি কেলি-তৃষ্ণাশীল শ্রীরাধারুষ্ণকে অনগ্রভাবে ভজন কর ॥ ৬৬॥

এই শ্রীবৃন্দাবনে শ্রীমদনমোহনের দ্বারে বরং অতি তুচ্ছা ভিখারিণী বা কুকুরী হইয়াও থাকিব, তথাপি অগ্রত লক্ষীর প্রিয় স্থী বা স্বয়ং লক্ষীও হইতে ইচ্ছা করি না॥ ৬৭॥

যাঁহার প্রতি অঙ্গে উজ্জ্বল অদ্ভূত নবীন স্থবর্ণ চন্দ্রচন্দ্রিকার সাগর উচ্চলিত হইতেছে, সেই নবীন কৈশোর হেতু চমৎকারকারিণী বৃন্দাবনেশ্বরী আমার হৃদয়ে স্ফুর্ত্তি প্রাপ্ত হউন॥ ৬৮॥ কুর্ববন্তি সর্বনাশং, ধ্রুবমতি-মায়াময়-প্রমদাঃ।
তচ্চদশ্রু-বৃদ্দা, রণ্য প্রদেশে বসেত্তশ্চতুরঃ।। ৬৯।।
উত্তীর্য্য বিষ্ণুমায়া, মপি বনিতায়ামবিশ্বসন্ প্রাজ্ঞঃ।
তদ্ভয়চকিতঃ সততং, নিবসতি বৃদ্দাবনেহতি নির্বিবয়ঃ॥৭০॥
পরদার-বিত্তহারিষু, সত্যপদেশে মহাপ্রহারিষু চ।
নহি বৃদ্দাবনবাসিষু, দোষং পশ্যন্তি চিদ্মনেষু ধীরাঃ॥ ৭১॥
বৃদ্দাকানন! কাহহননে স্কুভগতা ন স্তৌতি য ত্ত্বাং সদা
কিং তদ্দেহমপাস্য গেহমমতাং যন্ন ত্বিফ্রীয় ন স্থীয়তে
কেং তৎ পৌক্রষমৌরসং চ তনয়ং বিক্রীয় ন স্থীয়তে
যেন ত্ব্যথ তত্তবিৎ স খলু কো যস্তে তৃণং নাশ্রায়েৎ॥ ৭২॥

অতি মায়াশীলা নারী নিশ্চয় সর্বনাশ করিয়া থাকে; অতএব চতুর ব্যক্তি এই (মায়াবিস্তারী নারী) শকশূত বুন্দাবনপ্রদেশে বাস করুন॥ ৬৯॥

বিষ্ণুমায়া হইতে উত্তীর্ণ হইয়াও প্রাক্ত ব্যক্তি বনিতাকে অবিশ্বাস করিয়া অতি নির্বেদ প্রাপ্ত হইয়া নারীভয়ে চকিত চিত্তে সতত শ্রীবৃন্দাবনে বাস করেন॥ ৭০॥

শীর্দাবনবাসীগণ পরদার গমন করিলে, কি পরবিত্ত হরণ করিলেও এবং ছলক্রমে (নিজকে) মহাপ্রহার করিলেও, ধীরব্যক্তিবর্গ সেই (বৃদাবনবাসী) চিদ্যন ব্যক্তিগণের দোষ দর্শন করেন না॥ ৭১॥

হে প্রীবৃন্দাবন! যে আনন (বদন) সদাসর্বাদা তোমার স্তব করে
না, তাহার সৌন্দর্য্য কোথায়? গৃহমমতা পরিত্যাগ করিয়া যে দেহ
তোমাতে স্থাস (পাত) না করা যায়, তাহাই বা কেমন দেহ? নিজ
ওরস সন্তানক্ষেও বিক্রেয় করিয়া যে বৃন্দাবনে বাস করে না, তাহার পুরুষত্বই
বা কি প্রকার? সে কি (প্রকৃতপক্ষে) তত্ত্ববিৎ, যে প্রীবৃন্দাবনের একটী
তৃণকেও আশ্রয় করিতে পারে নাই ? ॥ ৭২॥

বৃন্দারণ্যমনগুভাবরসিকঃ শ্রীরাধিকা-নাগরে
বৈদশ্দীরসসাগরে নবনবানকৈকথেলা-করে।
রাধায়াঃ ক্ষণকোপ-কাতরতরে তদ্জ্রবিলাসাক্ষুশাহহ
কৃষ্টাত্মেন্দ্রিয়-সর্বরগাত্র উরুভি বিদ্রৈ রচাল্যঃ শ্রয়ে ।। ৭৩ ।।
মদনমোহন-বক্ত্র-স্থাকরে, মুদিত গোপবধূ-কুমুদাকরে।
সরস রাধিকয়া পরিচুন্বিতে, মম মনো নবকুঞ্জ বিলম্বিতে ।। ৭৪ ।।
নিলয়নায় নিকুঞ্জকুটীগতাং, বর সথী নয়নেন্দিত সূচিতাম্।
স্থামিলিতাং হরিণা স্মর রাধিকামনু চ তাং পরিরম্ভিত-চুন্বিতাম্ ॥৭৫॥
মদনকোটি মনোহর মূর্ত্তিনানবলতাভবনোদর বর্ত্তিনা।

মদনকোট মনোহর মৃত্তিনানবলতাভবনোদর বর্ত্তিনা।
প্রিয়স্থীমিষ-নন্দিত রাধিকাং
স্মার বলাদ্ রমিতাং প্রণয়াধিকাম্।। ৭৬।।

যিনি বৈদ্দ্ধীরদ সাগর, নবনব কামরদেই ক্রীড়াপরায়ণ, শ্রীরাধার স্বীষ্ণ কোপেই অতি কাতর এবং তাঁহার ক্রবিলাস রূপ অঙ্কুশ দারা যাঁহার আত্মা, ইন্দ্রিয় ও সর্ব্ধ দেহ আরুষ্ট হইয়া থাকে, সেই শ্রীরাধা-নাগরে অনন্ত ভাব রিসিক হইয়া এবং বহু বহু বিদ্বেও অবিচল থাকিয়া এই শ্রীরন্দাবন-কেই আশ্রয় করিলাম॥ ৭৩॥

নবনিকুঞ্জবিলাসী, গোপবধূরূপ কুমুদিনী সমূহের আনন্দ বিধানক, রসবতী শ্রীরাধা কর্তৃক পরিচুম্বিত শ্রীলমদনমোহনের মুখচন্দ্রে আমার মন অবস্থান করুক॥ ৭৪॥

পলায়ন জন্ম নিকুঞ্জ গৃহ মধ্যে গমন করিলে শ্রেষ্ঠ স্থী (ললিতা)
কর্তৃক নয়নভূঙ্গী ক্রমে স্থাচিত হইয়া শ্রীহারির সহিত স্থামিলিতা এবং তদনন্তর
(নাগর কর্তৃক) আলিঞ্চিতা ও চুম্বিতা শ্রীরাধাকে স্মরণ কর॥ ৭৫॥

মদন কোটি মনোহর মূর্ত্তি নবলতাগৃহ—মধ্যবর্ত্তী শ্রীহরি অতি প্রাণয়বতী আনন্দপূর্ণ শ্রীরাধাকে প্রিয়সখী ছলে বলপূর্বক রমণ করিতেছেন —ইহা স্মরণ কর॥ ৭৬॥

প্রিয়তমেন নিজ প্রিয় কিন্ধরী-জন স্থবেশ-ধরেণ পদাসুজম্। কিমপি লালয়তা রমিতাং স্মরা-ম্যুকুরীং ক্ষিপতীমথ রাধিকাম্।। ৭৭।।

একৈকান্সচ্ছটাভি ভঁরিতদশদিগা ভোগ মত্যুন্মদাঢ্যং প্রেমানন্দাত্মকাভি বিদ্রুত কনক সূদ্রাস্বরাভিঃ কিশোরম্। তদ্ধাম শ্যামচন্দ্রোরসি রসবিবশং কেলিশিঞ্জানভূষং ভ্রশ্যদ্বাস স্ত্রুটৎস্রক্ ফ্রুরতি রতি-মদানিস্ত্রপং কুঞ্জ-সীম্নি॥१৮॥

কলিন্দ গিরিনন্দিনী তট কদম্বকুঞ্জোদরে
দরেণ নলিনীভ্রমান্মধুকরাদিবাধাবতঃ।
স কৃষ্ণ ইতি কৃষ্ণ তে শরণমাগতাস্মীতি বাক্-•
প্রিয়া স্থপরিরন্তণাদতি মুমোদ দামোদরঃ॥ ৭৯॥

প্রিয়তম নিজ প্রিয় কিন্ধরীর স্থবেশ ধারণ করিয়া শ্রীরাধার পাদপদ কোনও (অনির্বাচনীয় মধুর) ভাবে লালন করিতে করিতে শ্রীরাধাকে রমণ করায় যিনি নিজ অনুচরীর প্রতি তর্জন করিতেছেন—আমি তাঁহাকে স্মরণ করি॥ ৭৭॥

যাঁহার প্রেমানন্দাত্মক, উত্তপ্ত স্থবর্ণসদৃশ, স্থন্দর ও উদ্ভাষর প্রত্যেক অদ্পত্নটায় দশ দিল্পগুল পরিব্যাপ্ত হইতেছে—দেই অতি উন্মাদী, কিশোর মূর্তি, রস-বিবশ ও কেলিভূষণ—শোভিত জ্যোতির্মায় বিগ্রহ (প্রীরাধা) শ্রামচন্দ্রের বক্ষোদেশে রতিমদভরে নির্লজ্জচিত্তে ভ্রষ্ট-বসন ও ছিন্নমাল হইয়া কুঞ্জমধ্যে শোভা বিস্তার করিতেছেন॥ ৭৮॥

প্রীকালিন্দীর তটবর্ত্তী কদম্বকুঞ্জ মধ্যে নলিনী ভ্রমে ধাবমান মধুকরের ভয়ে যেন "সে (ভ্রমর) ক্রফবর্ণ বলিয়া আমার প্রতি ধাবিত
হইতেছে; অতএব হে ক্রফা! তোমারই শরণ গ্রহণ করিলাম"—এই বাক্য
উচ্চারণকারিণী প্রিয়তমার স্থন্দর আলিঙ্গন লাভে দামোদর অতিশয়
আমোদ প্রাপ্ত হইলেন॥ ৭৯॥

শ্রীরন্দাবিপিনে মহাপরিমল-প্রোৎফুল্ল মল্লীবনে
শ্রীরাধা-মুরলীধরাবতি-রসোল্লাসান্মিথঃ স্পর্শতঃ।
আসীনো কুস্থমৈঃ পরস্পার বপু ভূষাং বিচিত্রাং মুহুঃ
কুর্ববন্তের রতিকোতুকেন বিগমাল্লকাহনবন্থে ভজে ॥৮০॥

শ্যামানন্দর সৈক-সিন্ধু-বুড়িতাং বৃন্দাবনাধীশ্বরীং
তৎ স্থানন্দরসাম্বুধে নিরবধো মগ্নঞ্চ তং শ্যামলম্।
তাদৃক্ প্রাণপরার্দ্ধ বল্লভ যুগক্রীড়াবলোকোন্মদানন্দৈকান্ধি রস ভ্রমত্তনু ধিয়ো ধ্যায়ামি তা স্তৎপরাঃ॥ ৮১॥

নিমিষে নিমিষে মহাজুতাং, মদনোন্মাদকতাং বহন্মহঃ।
দ্বয়মেব নিকুঞ্জ-মণ্ডলে, নব গৌরাসিত-নাগরং ভজে॥৮২॥

শ্রীবৃন্দাবনে মহা স্থগন্ধ-বিস্তারী প্রস্ফুটিত মল্লিকা বনে শ্রীরাধামুরলীধর অতি রসোল্লাস বশতঃ পরস্পারকে স্পর্শ করিয়া উপবিষ্ট আছেন।
তাঁহারা কুস্তম দারা মুহ্মুহঃ পরস্পারের জন্ম বিচিত্র বিচিত্র ভূষা নির্দ্মাণ
করিতেছেন। রতি কৌতুক বশতঃ তাঁহাদের ভূষণ সমূহ স্থানচ্যুত হওয়াতে
তাঁহারা অনবস্থা প্রাপ্ত হইয়াছেন—এবিদ্বিধ বুগলকে ভজনা করি॥৮০॥

শ্রামানল-রসসিন্ধুমধ্যেই নিমজ্জিত। শ্রীবৃন্দাবনাধীশ্বরীকে, (শ্রীরাধার) অসীম স্থানল রস সমুদ্রে মগ্ন যেই শ্রামস্থলরকে এবং প্রাণ পরার্দ্ধ হইতেও অতি প্রিয়তম তাদৃশ যুগলের ক্রীড়া দর্শনে উন্মত্তকারী আনল সাগরেরই রসে যাঁহাদের দেহ ও বুদ্ধি ঘূর্ণিত হইতেছে—সেই তৎপরা সখী সমূহকে ধ্যান করি॥ ৮১॥

যাঁহার। নিমিষে নিমিষে মহা অভূত মদনোনাদ প্রকাশ করিতেছেন, সেই নিকুঞ্জ মণ্ডল স্থিত গৌর নীলবর্ণ জ্যোতির্ময় নাগর যুগলকেই ভজন করি॥ ৮২॥

শ্ৰীবৃন্দাবল-মহিমামূতম্

সিঞ্চত্তো বাল-বল্লীক্রম মতিরুচিরং কুত্রচিৎ পাঠয়ন্তো।
শারীকীরো কচিৎ কাপি চ শিথিমিথুনং তাওবং শিক্ষয়ন্তো।
পশ্যন্তো কাপ্যপূর্ববাগত সদসুচরী দশিতং সৎ কলোঘং
তো শ্রীবৃন্দাবনেশো মম মনসি সদা খেলতাং দিব্যলীলো ॥৮৩॥
নবীন কলিকোদগতিং কুস্থমহাস-সংশোভিনীং
নব স্তবক মণ্ডিতাং নব মরন্দধারাং লতাম্।
তমাল তরু সঙ্গতাং সমবলোক্য বৃন্দাবনে
পতিষ্ণু মতি বিহ্বলামধৃত কাহপি মে স্থামিনীম্।।৮৪।।

শুদ্ধানন্দরসৈক বারিধি মহাবর্ত্তেমু নিত্যং ভ্রমন্ নিত্যাশ্চর্য্যবয়ো বিলাস স্থম্মা মাধুর্য্যমুন্মীলয়ৎ। অত্যানন্দমদান্মুত্তঃ পুলকিতং নৃত্যৎ স্থীমণ্ডলে শ্রীবৃন্দাবন-সীম্মি-ধাম যুগলং তদ্ গৌরনীলং ভজে।। ৮৫।।

কোথাও অতি সুন্দর ক্ষুদ্র বৃক্ষ লতাতে জল সিঞ্চন করিতেছেন, কোথাও বা শারী কোকিলাকে পাঠাভ্যাস করাইতেছেন; কোথাও ময়ূর ময়ূরীকে তাওব নিত্য শিক্ষা করাইতেছেন, আবার কোথায়ও বা কোনও নবাগত দাসী কর্তৃক প্রদর্শিত স্থন্দর স্থন্দর কলা বিতা দর্শন করিতেছেন—এইভাবে দিব্যলীলাবিনোদী সেই বৃন্দাবনাধীশ যুগল আমার মনে সর্বাদা থেলা করুন॥ ৮৩॥

নবীন লতাতে নবীন কলিকা উলাত হইয়াছে, কুসুমের বিকাশ চ্ছলে তাহা হাস্ত শোভায় সংশোভিত হইয়াছে, তাহা নব স্তবকের দ্বারা মণ্ডিত হইয়াছে এবং নব মধুধারা ক্ষরিত হইতেছে—এম্ববিধ লতাটি তমাল তরুর সহিত সঙ্গত (সম্যক মিলিত) হইয়াছে দেখিয়া অতি বিহবল চিত্তে আমার স্থামিনী বুলাবনে (মুচ্ছিতা হইয়া) পড়িতেছিলেন—তথন কোনও সখী তাঁহাকে ধরিয়া রাখিলেন॥ ৮৪॥

নিত্য শুদ্ধানন্দরদৈক সমুদ্রের মহাবর্ত্তে (জলঘূর্ণায়) ভ্রমণকারী, নিত্য আশ্বর্য্য বয়স, বিলাস, স্থমা ও মাধুর্য্যাদি প্রকাশশীল, এবং অতিশয় শ্রীরাধা-পাদপদ্ম-চছবি-মধুরতর প্রেম চিজ্জ্যোতিরেকা-ভোধে রুদ্ভূত ফেনস্তবকময়তনূঃ সর্বব বৈদগ্ম্য পূর্ণাঃ। কৈশোর-ব্যঞ্জিতা স্তদ্মনরুগপঘন শ্রীচমৎকারভাজ্যে দিব্যালঙ্কার বস্ত্রা অনুসরত সথে রাধিকা-কিঙ্করী স্তাঃ।। ৮৬।। ভূঙ্গীগুঞ্জরিতং পিকীকুলকুহূরাবং নটৎ-কেকীনাং কেকাস্তাগুবিতানি চাতিললিতাং কাদম্বযূনো গতিম্। আশ্রেষং নববল্লরী ক্ষিতিরুহাং ত্রস্তৎ কুরঙ্গেক্ষিতং শ্রীরুন্দাবিপিনেহনুকুর্ববদনুষাহ্যাক্রৈকবন্ধুদ্বয়ম্।। ৮৭।। অহা পতিতমুরোত্তর বিবর্জমান শ্রমা মহারয় মহোজ্জ্ল প্রণয়বাহিনী স্রোতিসি। কিশোর মিথুনং মিথোহবশ বিচিত্র কামেহিতং করোত্যহহ বিস্ময়স্থগিতমেব বুন্দাবনম্॥ ৮৮ ম

আনন্দ প্রাচুর্য্য বশতঃ মুহুর্মূহঃ পুলকিত দেহে স্থীসমাজে নৃত্যপরায়ণ শ্রীবৃন্দাবন মধ্যে বিরাজমান সেই গৌরনীল বিগ্রহ যুগলকে ভজন করি.॥৮৫॥

হে সথে! শ্রীরাধার পাদপদ্মের কান্তি দ্বারা মধুরতর প্রেম চিদ্বন জ্যোতির একমাত্র সমুদ্র হইতে উৎপন্ন ফেন সমূহই হইয়াছে যাঁহাদের দেহযাঁহারা সর্কা বৈদগ্য পূর্ণা, ব্যক্তকৈশোরা এবং ঘনীভূত তারুণ্যছটা দ্বারা
যাঁহাদের অবরব সমূহ পরম স্থন্দর ও চমৎকারভাজন হইয়াছে, সেই
দিব্যালঙ্কার বস্ত্র শোভিতা কিঙ্করীগণের অনুসরণ কর॥ ৮৬॥

শীবৃন্দাবনে ভৃঙ্গীর গুঞ্জন, কোকিলা সমূহের কুহু কুহু রব, নৃত্যপরায়ণ ময়ূর সমূহের কেকাধ্বনি ও তাগুব নৃত্য, কলহংস যুগলের অতি স্থললিত গতি, নব নব বৃক্ষলতার আলিঙ্গন, এবং ভীত হরিণ সমূহের নয়ন ভঙ্গিমা প্রভৃতির অনুকরণশীল প্রাণ প্রিয়তমযুগলের অনুগমন কর ॥ ৮৭॥

অহো! মহা বেগবতী মহা উজ্জ্বল প্রণয় নদীর স্রোতে উত্তরোত্তর (ক্রমশই) বৃদ্ধি প্রাপ্ত আবর্তে নিপতিত যুগলকিশোর পরস্পার অবশ ক যানং ক স্থানং কিমশনমহো কিং তু বসনং
কিমুক্তং কিং ভুক্তং কিমিব চ গৃহীতং ন কিমপি।
মিথঃ কামক্রীড়া রস বিবশতামেত্য কলম্বৎ
কিশোরদ্বন্দং তৎ পরিচরত বৃন্দাবন-বনে॥ ৮৯॥
কেশান্ বপ্পন্তি ভূষাং বিদধতি বসনং বাসমন্ত্যাশমন্তি
বীণা-বংশ্যাদি হস্তে নিদধতি নটনায়াহহদরাঘাদমন্তে।
বেশান্তর্দিং চ কর্তুং কথমপি নিতরামালয়ঃ শকুবন্তি
শ্রীরাধাক্ষংয়ো রুন্মদ মদন কলোৎকণ্ঠয়োঃ কুপ্পবীথ্যাম্॥ ৯০॥
বিত্যোতদ্বীজরাজাত্মক বিমল মহাজ্যোতিরানন্দ-সাল্রে
শ্রীবৃন্দাকাননেহত্যত্তুত মধুর মহাভাব সর্বন্দ্ব মূর্ত্যা।

হইয়া বিচিত্র কামচেষ্টা প্রকাশ করিতেছেন—অহহ! প্রীরুদাবন তাঁহাদি-গকে বিশ্বয় বিমুগ্ধই করিতেছেন॥ ৮৮॥

কোথায় বা যানবাহনাদি, আর কোথায়ই বা অবস্থান, কিবা খাছ, কিবা বসন, কিবা বাক্য, কিবা ভোজন, কিবা গ্রহণ—এই সব কিছুরই প্রতি লক্ষ্য না রাখিয়া পরস্পর কামক্রীড়া রস বিবশতা প্রাপ্ত হইয়াছেন যে যুগলকিশোর—বুন্দাবনে তাঁহাদেরই পরিচর্য্যা কর ॥ ৮৯॥

স্থীবৃন্দ কুঞ্জবীথীতে উন্মদ মদন কলোৎকণ্ঠ শ্রীরাধারুষ্ণের কেশ বন্ধন করেন, ভূষা বিস্তাদ করেন, বদন পরিধান করান, ভোজন করান, বীণা বংশী প্রভৃতি শ্রীহস্তে তুলিয়া দেন, নৃত্য করাইবার অভিপ্রায়ে বাত্তন্ত্র আদর পূর্বেক তান ধরেন, এবং কোনও প্রকারে বেশভূষাদির শোভা সমৃদ্ধির জন্ত সাতিশয় ষত্রবতী হইয়া থাকেন॥ ১০॥

বিত্যোত্মান বীজরাজ (কামবীজ) স্বরূপ বিমল মহাজ্যোতিঃ পূর্ণ আনন্দঘন শ্রীবৃন্দাবনে যিনি অতি অদ্ভুত মধুর মহাভাবের সর্বস্থিষ্ এবং যাঁহার প্রতি অবয়বে হেমকান্তি রস সমুদ্র বিচ্ছুরিত হইতেছে এবিষধ প্রত্যঙ্গোৎসর্পি হৈমচছবি রস জলধি শ্রীকিশোর্যা কয়াচিৎ
কোহপি শ্যামঃ কিশোরোহন্তুত মধুর রসৈকাত্মমূর্ত্তি শ্চকাস্তি ॥৯১॥
বিমল কলিত বীজ জ্যোতিরেকার্ণবান্তঃ
ফ্রুরতি মধুরমেতকাম রন্দাবনাখ্যম্।
তদধি নিরবধীনাং মাধুরীণাং ধুরীণাবন্সর রতিলোলো দম্পতী গোরনীলো ॥ ৯২ ॥
অঙ্গাদঙ্গাদনন্তা কুলিত পুলকিতাদ্ গোররোচি স্তরঙ্গাঃ
প্রোত্তু জাঃ প্রোচ্ছলন্তঃ সকলমপি জগন্মগুলং প্লাবয়ন্তি।
শ্রীরাধায়া বিধায়াহহত্মন উরু মধুরাভীক্ষয়ে বাত্যধীনং
শ্যামেন্দুং নিত্য বৃন্দাবন রতি-বিহৃত্তো যেহতুতাং স্তান্ স্মরামঃ ॥৯৩॥
বৃন্দাবন নব কুঞ্জে, রস পুঞ্জে খেলদাশ্চর্য্যম্।
তদ্ গৌর-নীল মোহন, কিশোর মিথুনং স্মরাকুলং স্মরত ॥৯৪॥

কোনও (অনির্কাচনীয়) শ্রীকিশোরীর সহিত কোনও অদ্ভুত মধুর-রুসৈকাত্ম-মূর্ত্তি শ্রাম-কিশোর শোভা পাইতেছেন॥ ১১॥

বিমল সবীজ জ্যোতিঃ পূর্ণ সমুদ্রগর্ভে শ্রীবৃন্দাবন নামক এই ধাম স্ফুত্তি পাইতেছেন। তন্মধ্যে অসীম মাধুর্য্য বহনকারী রতি লোল (রতি লম্পট) গৌরনীলকান্তি দম্পতিকে অনুসরণ কর॥ ১২॥

প্রীরাধার অতি মধুর অপাঙ্গ বিক্ষেপ দারাই খ্যামচন্দ্রকে নিজের অতি অধীন করিয়া তাঁহার (প্রীমতীর) অনঙ্গাকুলিত পুলকিত প্রতি অঙ্গ হইতে যে গৌরকান্তি তরঙ্গ রাশি উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া চারিদিকে বিস্তীর্ণ হইয়া সকল জগন্মগুলকেই প্লাবিত করিতেছে, সেই নিত্য বৃন্দাবন রতি বিহারের অদ্ভূত (তরঙ্গাদি) বস্তু নিচয়কে স্মরণ করিতেছি॥ ৯৩॥

রস পুঞ্জ বৃন্দাবন নব কুঞ্জে আশ্চর্য্যভাবে খেলনশীল স্মরাকুল সেই গোর নীল কান্তি মোহন কিশোর-মিথুনকে স্মরণ কর॥ ১৪॥ শ্রীবৃন্দাবন-তত্ত্বং, শ্রীরাধাকৃষ্ণয়ো স্তত্ত্বম্।
নিজতত্ত্বং চ সদা স্মার, যৎ প্রকটিতমস্তি গৌরচন্দ্রেণ ॥ ৯৫॥
কৃষ্ণান্মরাগ সাগর, সারেম্বতান্ত চমৎকারম্।
বিন্দত বৃন্দাকানন, কুঞ্জ কুটিবৃন্দ বন্দনাদেব ॥ ৯৬॥

*ভেদন্বয় রহিতমস্তি, ব্রহ্ম মহানন্দ সাক্রং যৎ।
তৎ সবিশেষ চমৎকৃতি, ততি রিহ রন্দাবনে গতা কাষ্ঠাম্।।৯৭॥
চিচ্ছক্তি-সিন্ধু-বন্ধুর, মন্বয়মানন্দ মন্তুতাকারম্।

তদিন্দু বুক্ চিদাত্মক, স্মর তত্ত্বং কুঞ্জরোক্ষিতং সরসম্।। ৯৮।।
অপারাবার কন্দর্প নব কেলি-রসান্ধুধা।
মগ্রং বৃন্দাবনে গোর-শ্যাম ধাম দ্বয়ং ভজ ॥ ৯৯॥
ইতি প্রাপ্রবোধানন্দ সরস্থতা বিরচিতে প্রাবৃন্দাবনমহিমায়তে দ্বিতীয়-শতক্ম।

শ্রীগোরচন্দ্র কর্তৃক প্রকটিত শ্রীবৃন্দাবনতত্ত্ব, শ্রীরাধারুষ্ণতত্ত্ব ও আত্মতত্ত্ব সদাসর্বাদা স্মরণ কর॥ ১৫॥

শ্রীবৃন্দাবনস্থ কুঞ্জ কুটী সমূহের বন্দনা হইতেই শ্রীকৃষ্ণানুরাগ সাগরের সারভূত অতি চমৎকার প্রাপ্ত হইবে॥ ১৬॥

যাহা ভেদদ্বর রহিত (সজাতীয়-বিজাতীয়-ভেদ হীন) মহানন্দ্বন ব্রহ্ম বলিয়া অভিহিত হয়, তাহা এই শ্রীবৃন্দাবনে সবিশেষ চমৎকার রাশি রূপে পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছে॥ ১৭॥

হে চিচ্ছক্তি সমুদ্রের বিন্দুর্ক্ত চিৎকণ (জীব!) তুমি চিচ্ছক্তি সাগরের মনোহর, অদ্বিতীয় অদ্ভাকার, সরস এবং (খ্রাম) কুঞ্জর কর্তৃক (প্রেমজলে) সিঞ্চিত বৃন্দাবন তত্ত্বকে স্মরণ কর।। ৯৮॥

প্রীরুন্দাবনে পারাবার বিহীন কাম-নব-কেলি-রস সমুদ্রে মগ্ন গৌরশ্রাম বিগ্রহ যুগলকে ভজনা কর॥ ১১॥

শ্রীপ্রবোধানন্দ সরস্বতী বিরচিত শ্রীরুন্দাবন মহিমামৃতের দ্বিতীয়শতক সমাপ্ত।

^{* &#}x27;ভেদত্রয় রহিতম্' এই পাঠে 'সজাতীয় বিজাতীয় ও স্বগত ভেদহীন' ৰুঝিতে হঠবে! অবগ্য ইহা ঞীলশঙ্করাচার্য্য সম্মত।

শ্রীশ্রীরন্দাবন-মহিমায়তম্

তৃতীয়-শতকম্

স্বান্তর্ভাব-বিরোধিনী ব্যবহৃতিঃ সর্ববা শনৈ স্থাজ্যতাং স্বান্ত শ্চিন্তিত-তত্ত্বমেব সততং সর্বত্র সন্ধীয়তাম্। তদ্তাবেক্ষণতঃ সদা স্থিরচরেহত্যাদৃক্ তিরোভাবতাং বৃদ্দারণ্য বিলাসিনো নিশি দিবা দাস্থোৎসবে স্থীয়তাম্॥ ১॥

প্রকৃত্যন্তং তীন্ত্র্য প্রবিশ বিততে ব্রহ্মমহসি
স্ফ্রেৎ পশ্যানৈকান্তিক কলিত বৈকুণ্ঠ ভবনম্।
তদপ্রুচ্চান্যুচ্চা শুনুসর স্থামাশুথ মহোজ্জলে বৃন্দারণ্যে ভ্রম যদি কিমপ্যত্র মিলতি॥ ২॥

নিজের অন্তরের ভাব বিরোধী ব্যবহার সকল ধীরে ধীরে ত্যাগ কর, অন্তশ্চিন্তিত তত্ত্বই সর্ব্বিত্র সতত অনুসন্ধান কর; স্থাবর জঙ্গমাদিতে তদ্ভাব ভাবিত দৃষ্টিপাত পূর্ব্বক অন্তবিধ ভাবনার তিরোধান কর, শ্রীবৃন্দা-রণ্য বিলাসী যুগলিকশোরের দাস্যোৎসবে অহর্নিশি অবস্থান কর॥ ১॥

প্রকৃতির পার গমন করিয়া বিস্তীর্ণ ব্রহ্মজ্যোতিতে প্রবেশ কর, তৎপরে অনৈকান্তিক অর্থাৎ একেই (অদিতীয় ব্রহ্মেই) অন্ত নহেন যাঁহারা —অতএব অদ্বিতীয় ব্রহ্মবাদিগণ ব্যতীত—ভক্তবর্গ কর্তৃক দৃষ্ট বৈকুণ্ঠভবন দর্শন কর। তহপরি উচ্চ উচ্চতর মনোহর ধাম সমূহ অনুসরণ কর এবং যদিও কোনও অনির্বাচনীয় বস্তু লাভ হয় তহদেশ্রে (সর্বোচ্চতম) মহা উজ্জ্বল বুন্দাবনে ভ্রমণ কর ॥২॥

অঙ্গেংস্থেনস্পলীলা জলনিধি রমিতো মাধুরী বারিধীনা-মেকৈকং তত্র কোটিঃ প্রতিপদ মুদয়ত্যেতদাস্বাদমত্তঃ। শ্যামঃ স শ্রীকিশোরঃ প্রতিনিমিষমহো কোটিকোটিং বিকারান্ ধত্তে কন্দর্পদর্পাৎ পরম রসনিধো কাননে রাধিকায়াঃ॥৩॥

বন্দে বৃন্দাবন-গত-মহং ভক্তি ভারাবনমোধন্মাপ্রণ্যং ক্রিমিমপি ন চান্মত্র সংস্থান্ তৃণায়।
মন্মে ব্রহ্মাদিক স্থরগণান্ কিং বহুক্ত্যা মমেয়ং
প্রোঢ়ি গাঁঢ়া ন থলু পরতো ভাতি ক্ষ্ণোহিপি পূর্ণঃ॥ ৪॥
বৃন্দারণ্যে চিন্চিদ্থিল জ্ব্যোতি রাচ্ছাদকান্তিস্বচ্ছানন্তচ্ছবি-রসস্থা-সীধু নিস্থান্দিনি হুম্।
সর্বানন্দাস্মৃতিকর মহাপ্রেমসোখ্যে রগাধেরাধাকৃষ্ণানবধি-বিহৃতে সংবস ত্যক্তসর্বঃ।। ৫।।

অহা। সেই শ্রীশ্রামিকিশার প্রতি অঙ্গে অনন্ত অনঙ্গলীলা সমুদ্র কর্তৃক রমিত (আনন্দিত) হইতেছেন; মাধুর্য্য সমুদ্র রাশির প্রত্যেককেই আবার প্রতি পদে কোটিগুণিত করিয়া উদয় করাইতেছেন এবং ইহারই অংস্বাদনে মত্ত হইয়া শ্রীরাধার পরম রসনিধি রূপ এই বৃন্দাকাননে কন্দর্প দর্পহেতু প্রতিনিমিষেই কোটি কোটি বিকার প্রাপ্ত হইতেছেন॥৩॥

ভক্তিভরে অবনত হইয়া বুন্দাবনস্থ ধস্যাগ্রণী ক্রিমিকেও আমি বন্দনা করি, কিন্তু অন্তত্তস্থ ব্রন্ধাদি দেবগণকেও আমি তৃণবৎ মনে করি না। অধিক আর কি বলিব ? আমার এই প্রোঢ়োক্তি গাঢ় (গন্তীর); যেহেতু অন্তত্ত শ্রীকৃষ্ণ পূর্ণ রূপে প্রতিভাত হয়েন না॥ ৪॥

চিজ্যোতি বা অচিজ্যোতি সকলেরই আচ্ছাদনকারী কান্তিবিশিষ্ট, স্বচ্ছ অনন্ত জ্যোতি রসামৃত ক্ষরণশীল, (অগ্র) সর্ববিধ আনন্দের বিশ্বরণ কারক—এই শ্রীবৃন্দাবন। অহা ! সর্বত্যাগী হইয়া শ্রীরাধাক্তম্বের মহা সর্বাশ্চর্য মুদেতি যত্র সততং কন্দর্পলীলাময়ং গোরশ্যাম মহামনোহর মহোদ্দং কিশোরাকৃতি। যৎস্বান্তঃ প্রতিবীথি কল্পিতমূজা গন্ধাস্থুসেকং কদা ভাজনাঞ্জু নিকুঞ্জ পুঞ্জ মচলো বৃন্দাবনং সংশ্রায়ে॥ ৬॥

নিত্য ক্রীড়াময়তনু তনুকোমমানীল-পীতং বিভ্রুজাম্বনদ মরকত জ্যোতি রাশ্চর্যালীলম্। নানা নর্দ্ম প্রহসন মহা কোতুকৈ র্যত্র নন্দ-ত্যানন্দান্ধি-দ্বয়মিহ রতিং বিন্দ বৃন্দাবনান্তঃ॥ १॥ নিত্য ব্যঞ্জন্মধুর মধুরাশ্চর্য্য কৈশোর বেশং নিত্যাহন্যোত্য প্রকট স্থম্মা মাধুরী সংনিবেশম্। নিত্যোদ্বন্ধি প্রতিনব মিথঃ প্রেম নিত্যাঙ্গসঙ্গং নিত্যং বৃন্দাবন ভুবি ভজে গৌরনীলং দ্বিধাম॥ ৮॥

প্রেম স্থাথ অগাধ অনন্ত বিহার ভূমি এই শ্রীবৃন্দাবনে বাস কর॥ ॥

যে শ্রীবৃন্দাবনে সত্তই কন্দর্পলীলাময় সর্বাশ্চর্য্যকর কিশোরাক্বতি গোরশ্রাম মহামনোহর বিগ্রহযুগল বিরাজমান আছেন—যাহার অভ্যন্তরন্থ প্রতি পথে মার্জন ও স্থগন্ধি জলদেক করা হইয়াছে, যাহাতে মঞ্জুল নিকুঞ্জ পুঞ্জ দীপ্তি পাইতেছে, সেই শ্রীবৃন্দাবনে কবে অচল হইয়া বাস করিব ? ৬॥ নিত্য ক্রীড়াপরায়ণ তত্ত্ব, সুক্ষ স্বিৎ নীল ও পীতবর্ণ পট্রবন্ত্র পরিহিত,

স্থবর্ণ-মরকত জ্যোতিঃ ও আশ্চর্য্য লীলাযুক্ত—আনন্দ-সমুদ্র যুগল ষে প্রীবৃন্দাবন মধ্যে নানাবিধ নর্ম্ম হাস্ত প্রহসনাদির মহাকৌতুক বিনোদ ছারা আনন্দ উপভোগ করিতেছেন—সেই বৃন্দাবনের প্রতি রতিযুক্ত হও॥ ৭॥

যুগলিকশোর নিতাই মধুর হইতে স্থমধুর আশ্চর্য্য কৈশোর বেশ ধারণ করিতেছেন, নিতাই পরস্পারের স্থম। ও মাধুরী সন্নিবেশ প্রকটন করিতেছেন; নব নবায়মান নিতা অঙ্গ সঙ্গ জাত পরস্পারের প্রেম নিতাই শ্রীগান্ধর্বা-রসিকচরণ দ্বন্দ্ব মাধ্বীক গন্ধাদন্ধা নিত্যং মতি-মধুকরী শ্রীল বৃন্দাবনান্তঃ।
যেষাং ভ্রাম্যতাতি রস ভরাদ্ বিহ্বলা তাদৃশানাং
পাদান্তে মে বিলুঠতু মুহু ভক্তি ভাবেন মূর্দ্ধা॥ ৯॥
স্বচ্ছ প্রোজ্জ্বল দিব্যবাস কুস্থমাতাপূর্ণ সংশীতলচ্ছায়াভাজি তলে নবন্ধিতিরুহাং সংক্রীড়-স্থপ্তা সিকম্ বং।
কুঞ্জে কুঞ্জে উদার কেলি কুস্থমোল্লোচাস্তরে পানকাত্যান্তো যস্ত তদদ্ভূতং দ্বয়মহ স্তৎ পশ্য বৃন্দাবনে॥ ১০॥
তৈত্তিপ্যাতীত পূর্ণোজ্জ্বল বিমল মহা কামবীজাত্মদিব্যজ্জ্যোতিঃ স্থানন্দসিন্ধো কিমপি স্থমধুরং দ্বীপমাশ্চর্য্যমস্তি।

বৃদ্ধি প্রাপ্ত হইতেছে; আমি নিত্যই বৃন্দাবন ভূমিতে সেই গৌরনীলাত্মক বিগ্রহ যুগলকে ভজন করি॥৮॥

শ্রীগান্ধর্কিনা রসিকের চরণযুগলের মধুগন্ধে অন্ধ হইয়া যাঁহাদের মতিরূপ মধুকরী নিত্য অতি রস ভরে বিহ্বলা হইয়া শ্রীরূদাবন মধ্যেই ভ্রমণ করে, তাঁহাদের পাদতলে ভক্তিভাবে আমার মস্তক মহুর্ম্ হিঃ বিলুপ্তন করুক॥ ১॥

যাহার স্বচ্ছ প্রোজ্জল দিব্য বস্ত্র কুস্থমাদি পরিপূর্ণ স্থলীতল ছায়াযুক্ত নৃতন বৃক্ষরাজির তলে উভয়ে সংক্রীড়ন করিয়া স্প্রভাবে অবস্থান করিতে-ছেন এবং যাহার কুস্থমচন্দ্রাতপযুক্ত বিবিধ পানক (সরবং) স্থলভ কুঞ্জে কুঞ্জে উদারকেলি-পরায়ণ অভুত বিগ্রহয়ুগল বিরাজমান আছেন—সেই জ্যোতিশ্রয় য়ুগলকে বৃন্দাবনে দর্শন কর॥ ১০॥

ত্রেগুণ্যাতীত পূর্ণোজ্জ্বল বিমল মহাকামবীজ স্বরূপ দিব্য জ্যোতির †'স্থালিকম্" এই পাঠে অর্থ হইবে—সংক্রীড়ান্তে স্থীগণকে নিদ্রিত করাইয়া বিরাজমান যুগলকিশোর। তিমান্ রন্দাবনং তত্রহসি রসভরৈ র্মঞ্জা কুঞ্চবাটী কাচিত্রতাতি ভাব দ্ ভজ স্থরতিনিধী রাধিকা-কৃষ্ণচন্দ্রো ॥১১॥ দৃষ্টা দৃষ্টা রাধিকা-কৃষ্ণয়োস্ত-

দ্দিব্যং রূপং দিব্যকন্দর্পকেলিম্। শ্রুত্বা শ্রুত্বাযুষবাণীং,

বৃন্দারণ্যে কিং রসাবিং বিগাহে ॥১২॥ ব্রহ্মজ্যোতিঃ পূর্ণমানন্দ সান্দ্রং রাধা-কৃষ্ণাকারমান্চর্য্য সীম।

শুদ্ধসাগ্য প্রীতিশক্তের্নিধানং

বৃন্দারণ্যে যো ভজেৎ সোহতি ধন্যঃ॥ ১৩॥ নবং নবমহো দধদ্ বপু রপুর্বব কৈশোরকং

नवः नवगरः। वरम् वर्ल गगाशाष्यत्र ।

স্বানন্দ সাগরে কোনও (অনির্বাচনীয়) স্থমধুর আশ্চর্য্যজনক দ্বীপ আছে; তাহাতে প্রীবৃন্দাবন অবস্থিত, তাহারই স্থগুপ্ত দেশে রসপূর্ণ কোনও মনোরম কুপ্রবাটী বিঅমান আছে—তত্রত্য স্থরতি-নিধি প্রীরাধিকা-ক্ষণ্ডক্রকে অতি ভাবভরে ভজন কর॥ ১১॥

শ্রীরাধারুষ্ণের সেই দিব্য রূপ ও দিব্য কন্দর্পকেলি দর্শন করিয়া করিয়া এবং তাঁহাদের স্থশীতল অমৃত বাণী শ্রবণ করিয়া করিয়া এই শ্রীবৃন্দাবনে কি আমি রসসমুদ্রে অবগাহন করিতে পারিব ? ১২॥

ব্রন্ধজ্যোতিঃ পূর্ণ, আনন্দঘন, আশ্চর্য্যাবধি শ্রীরাধারুষ্ণাখ্য বিশুদ্ধ আস্বাগ্য প্রীতি শক্তির বীজকে যিনি বুন্দাবনে ভজন করিতে পারেন, তিনিই অতি ধন্য॥ ১৩॥

অহো! নব নবায়মান অপূর্ব্ব কৈশোর দেহ ধারী, নব নব বছবিধ কামাড়ম্বর প্রকটনকারী এবং স্থীদিগের নয়নের নব নব স্থ্যমহাসাগর নবং নবমহো তুহৎ স্থমহানি মালীদৃশাং

দৃশাহহমপি কিং পিবাম্যভয় ধাম বৃন্দাবনে ॥১৪॥
প্রভো মদনমোহন ত্বমতি চারু বৃন্দাটবীনিকুঞ্জ-ভবনে ময়া দয়িত! কহি সেবিশ্বসে ?
প্রসূন-শয়নং গতঃ সরভসং মমাজেশরীসহায় উরু মন্মথ ক্ষুভিত মূর্ত্তি রুত্তৎস্মিতঃ ॥১৫॥
ক্ষণাচ্ছরত্বপাগমং ক্ষণত এব বর্ষাগমং
ক্ষণাৎ স্থরভি বৈভবং ক্ষণত এব চাহ্যর্ত্ত্ মৎ।
সদা জনিত-কৌতুকং কিমপি রাধিকাক্ষ্ণয়োঃ
স্মার প্রতিপদোল্লসদ্ রসময়ং শ্রীবৃন্দাবনম্॥১৬॥
বিলসৎ কদম্মূলা, লম্বী সন্বীত পীত্চারুপটঃ।
রাধাং বিলোক্য মুরলীং, ক্ষণয়ন্ বৃন্দাবনে হরি র্জয়তি॥১৭॥

দোহন (দান) কারী, সেই অভয়দানকারী যুগল বিগ্রহকে আমিও কি (এই) নয়ন দারা বৃন্দাবনে পান (দর্শন) করিতে পারিব ? ১৪॥

হে প্রভো মদনমোহন! হে দয়িত! মোহন বৃন্দাবনস্থ নিকুঞ্জভবনে কুস্থম শর্যার উপরে আমার প্রাণেশ্বরীর সহিত সহর্ষ-চিত্তে সমাসীন, প্রবল কাম দারা বিক্ষুরাকৃতি ও মৃত্ব-মধুর হাস্তযুক্ত তোমাকে কবে আমি সেবা করিব? ১৫॥

শ্রীবৃন্দাবনে ক্ষণেক্ষণে শরৎকাল উপস্থিত হইতেছে, ক্ষণকাল মধ্যেই
আবার বর্ষা আদিতেছে; ক্ষণমধ্যে বসন্ত শোভা প্রকাশ পাইতেছে,
ক্ষণকাল পরেই বা অন্ত ঋতুর আগমন হইতেছে। এই ভাবে সর্বাদা
শ্রীরাধাক্ষকের কোনও (অনির্বাচনীয়) কৌতুক সম্পাদনকারী ও প্রতি
পদেই আনন্দ বিধানকারী শ্রীবৃন্দাবনকেই শ্বরণ কর॥ ১৬॥

কদম্বসূল অবলম্বন করিয়া বিরাজমান—মোহন পীত বস্ত্র পরিহিত

কালিন্দী পুলিন বনে, মোহন নব কুঞ্জ মন্দির দারি।
সহ রাধয়োপবিষ্টং, সরদ সথী জুফ্টমাশ্রায়ে কুষ্ণম্ ॥১৮॥
তদনঙ্গ কেলিরঙ্গা, মর্ম্ম বিনির্দ্মিত্য মণ্ডিত প্রতিভম্ণ।
গৌরশ্যাম স্থনাগর, কিশোর-মিথুনং ভজামঃ কুঞ্জেষু॥১৯॥
মিথোহনঙ্গক্রীড়া রস জলনিধে র্ক্মি-নিবহৈঃ
প্রিয়দ্বন্দ্রেভ্যান্দোলিত বপুষি তীব্র স্মরমদে।
ন শক্তাঃ শ্রীরন্দাবন-ভূবি স্থবেশাদি করণে
বলাদপ্যানন্দং কিমপি রসয়ন্ত্যঃ প্রজহস্তঃ॥২০॥
শ্রীরন্দাবনবৈভবং ভববিরিঞ্চাত্যৈ র্মনাগপ্যহো
দুজ্রের্থং পরমোজ্জ্লন্মদ রসোদার শ্রিয়ামাকরম্।

প্রীরাধাকে দর্শন করিতে করিতে মূরলী বাদনকারী প্রীহরি প্রীরুন্দাবনেই জয়যুক্ত হইতেছেন ॥১৭॥

কালিন্দীপুলিন বনে মোহন নব কুঞ্জ মন্দিরের দারদেশে শ্রীরাধার সহিত উপবিষ্ট ও রসবতী স্থীগণ কর্তৃক সেবিত শ্রীকৃষ্ণকে আশ্রয় করি॥

কুঞ্জে কৃঞ্জে কামকেলি রঙ্গ বশতঃ পরিহাস বাক্য রচনায় প্রত্যুৎপন্ন-মতি গৌরশ্রামবর্ণ স্থনাগর কিশোরযুগলকে ভজনা করি॥১৯॥

শ্রীবৃন্দাবনে পরস্পার কামক্রীড়া রস সমুদ্রের তরঙ্গ সমূহ থারা আন্দোলিত বপু ও তীব্র কামমদযুক্ত প্রিয়তম যুগলকে সখীগণ বলপূর্ব্বকও বেশবিস্তাসাদি করাইতে না পারিয়া কোনও (অনির্ব্বচনীয়) আনন্দ আস্বাদন করিয়া হাস্ত করিয়াছিলেন ॥২০॥

অহো! শ্রীরন্দাবন বৈভব—ভববিরিঞ্চি প্রভৃতি কর্তৃকও হুজ্রের; ইহা পরম উজ্জ্বল উন্মাদনাকারী শ্রেষ্ঠ রসের যে মহা সৌন্দর্য্য (সম্পত্তি),

^{† &#}x27;খণ্ডিত প্রতিভম্' এই পাঠে ব্যাখ্যা হইবে—পরিহাস বাক্য রচনা করিতে করিতে যাঁহাদের প্রতিভা থর্ক হইতেছে।

শ্রীরাধা মুরলী মনোহর মহাশ্চর্য্যাতি সংমোহনং
শ্রীমূর্তিচ্ছবি কেলি কৌতুকভরৈ শ্চাশ্চর্য্যমন্তঃ স্মর ॥২১॥
বুন্দাকানন! কাননস্থ পরমা শোভা পরাতঃপরানন্দ! বুদ্গুণবুন্দমেব মধুরং যেনানিশং গীয়তে।
হা বুন্দাবন! কোটি জীবনমপি ব্রত্তোহতিতুচ্ছং যদি
জ্ঞাতং তহি কিমন্তি যতুণকবচ্ছক্যেত নোপেক্ষিতুম্ণ ॥২২
শ্রীবুন্দাবন-মণ্ডলে যদি শিরঃ শ্রীরাধিকাকৃষ্ণয়োঃ
সংপ্রেমক রসাত্মনোঃ পদতলে অস্থাভয়ে স্থীয়তে।
তর্হ্যান্তে মম লোকতো ন হি ভয়ং নো ধর্ম্মতো নো তুরন্তাধিব্যাধিশতাৎ কিমন্তদখিলাধীশাচ্চ মে নো ভয়ম্ ॥২০॥
শ্রীরাধা-মুরলীধরাতি মধুর শ্রীপাণি পাদামুজস্পর্শোজ্জ ন্তিত পূর্ণহর্ষ জলধাবত্যন্ত মগ্রান্তরাঃ।

তাহার খনি। শ্রীরাধা মুরলীমনোহরেরও মহাশ্চর্য্যভাবে সম্মোহনকারী এবং শ্রীমূর্ত্তির কান্তি কেলি কৌতুকাদির বাহুল্যেও আশ্চর্য্যজনক—ইহাই শুন্তব্যে স্মরণ কর ॥২১॥

হে বৃন্দাবন! তোমার বনশোভা পরাৎপরা, আনন্দসহকারে তোমার মধুর গুণরাজি যিনি দিবারাত্র গান করেন, এবং হে বৃন্দাবন! কোটি জীবনও তোমা হইতে যিনি অতি তুচ্ছ বলিয়াই জানেন, তবে এমন কি বস্তু আছে যাহা তিনি ক্ষুদ্র তৃণবৎ উপেক্ষা করিতে না পারেন ? ২২॥

শ্রীবৃন্দাবন মণ্ডলে সংপ্রেমৈকরসম্বরূপ শ্রীরাধারুষ্ণের অভয় পদতলে মস্তক ন্থাস (অর্পণ) করিয়া অবস্থান করিতে পারিলে—লোকভয়, ধর্মাভয়, কিম্বা তুরন্ত শত শত আধি ব্যাধি হইতে, এমন কি অথিলের অধিপতি হইতেও আমার কোনও ভয় নাই ॥২৩॥

[†] এই শ্লোকটা পুনরুক্ত হইতেছে। [দ্বিতীয় শতকের ২৮ শ্লোক দেখুন।]

সোভাগ্যং রময়াঽপি মৃগ্যমতুলং সংপ্রাপ্তবত্যো মহাভাগানাং শিরসি স্থিতা ব্রত্তরো নন্দন্তি বৃন্দাবনে ॥২৪॥
পুপ্পৎ পুপ্পফলাদি সম্পদখিলাশ্চর্য্যং মহামাধুরীপূরং দূর নিরস্ত তুঃখ তুরিতাত্যুদ্ধমানচ্ছবি।
সান্দানন্দ স্থধার্ণবোদিত মহাদ্বীপেন্দু বৃন্দাবনে
বৃন্দং স্থন্দর শাখিনামনুদিনং বন্দে মুনীল্রৈ নু তম্॥২৫॥
পুপ্পভোণি বিকাশ হাস যুত্য়া গুচ্ছোরু বন্দোজয়া
সংশ্লিষ্টাঃ পুলকালি মণ্ডিতলতা বধ্বাপ্যহো সত্তমাঃ।
কৃষ্ণধ্যান রসা মুক্তঃ পুলকিনো মাধ্বীকধারাশ্রবো
নাত্মানঞ্চ পরপ্ত জানত ইমে বৃন্দাট্বী-শাখিনঃ॥২৬॥

শ্রীরাধামুরলীধরের অতি মধুর শ্রীহস্ত ও পাদপদ্মের স্পর্শে বিক্ষিত, পূর্ণ হর্ষ সমুদ্রে নিমগ্রচিত্ত, এবং স্বয়ং লক্ষ্মীদেবী যে অতুলনীয় সোভাগ্য অনুসন্ধান (বাঞ্ছা) করেন, তাহা যাঁহাদের সম্যক্ প্রকারে হস্তগত হইয়াছে —এতাদৃশ মহাভাগ্যবান্গণের শিরোমণি সদৃশ এই লতা সমূহ শ্রীরন্দাবনে স্থানন্দ করিতেছেন ॥২৪॥

নিবিড় আনন্দ সমুদ্র হইতে উদিত মহাদ্বীপের চক্র সদৃশ বৃন্দাবনে— বিকসিত, পুষ্পফলাদি সম্পত্তিশালী, অথিল আশ্চর্য্যজনক, মহামাধুর্য্যের প্রবাহ সদৃশ, তুঃখপাপাদিকে দ্রে নিঃসরণকারী, নিরন্তর বৃদ্ধিশীল কান্তি-বিশিষ্ট এবং মুনীক্রগণ কর্তৃ কি স্তুত স্থন্দর বৃক্ষসমূহকে প্রত্যহ বন্ধনা করি॥

অহা ! পুষ্পরাজির বিকাশ রূপ হাস্তযুক্তা, স্তবক রূপ পৃথু স্তন শোভিতা এবং পুলকরূপ সথী বেষ্টিতা লতা বধূ দারা সমাগ্রিষ্টদেহ এই বুন্দাবনীয় বৃক্ষরাজ সমূহ শ্রীকৃষ্ণ ধ্যান রুসে মূর্ছ মুহুঃ পুলকিত হইতেছেন, মধুধারা ক্ষরণচ্ছলে অশ্রুপাত করিতেছেন এবং ইহারা আত্মপর কিছুই জানেন না ॥২৬॥ যেযামাদায় দিব্যং কুস্থম-কিশলয়ং তৌ মিথঃ প্রেমমূর্ত্তী গৌরশ্যামৌ কিশোরাবতি চতুরতমৌ বেণিচূড়াদি কৃত্বা। পৌষ্পাং নির্মায় গেহং শয়নমথ ফলং প্রাশ্য সীধূনি পীত্বা কুর্ববাতে দিব্যকেলিং ত উরুতরুবরা ভান্তি বৃন্দাবনীয়াঃ ॥২৭॥ যৎ পুষ্পং ঘ্রাতবন্তঃ সকুদিপ পবনং বা স্পৃশন্তঃ স্বরূপং লোকং বাহলোকয়ন্তঃ কমপি নতিকৃতঃ কর্হিচিদ্ যদ্দিশেহপি। যন্নামাপ্যেকবারং শুভমভিদধতঃ কীকটাদৌ চ মৃত্বা প্রাপ্যান্ত্যে বাঞ্জসা তন্মনিবর মহিতং ধাম যে কেচিদেব ॥২৮॥ যবৈত্রব প্রকটং কিশোর মিথুনং তদ্ গৌরনীলচ্ছবি

যাঁহাদের দিব্য কুস্থম ও পল্লব গ্রহণ করিয়া সেই প্রেমমূর্ত্তি অতি চতুরতম গৌরগ্রাম কিশোরযুগল পরস্পার বেণী চূড়া প্রভৃতি, পুস্পগৃহ ও পুস্পশ্যাদি রচনা করেন; যাঁহাদের ফল ভোজন করিয়া ও বিবিধ মধু পান করিয়া দিব্য কেলিতে প্রবৃত্ত হয়েন, সেই বৃন্দাবনীয় মহা বৃক্ষরাজ সমূহ শোভা পাইতেছেন ॥২৭॥

যাঁহারা (জীবনে) একবারও শ্রীবৃন্দাবনের পুষ্প দ্রাণ করিয়াছেন, তাঁহার বায়ু স্পর্শ করিয়াছেন, তাঁহার স্বরূপ বা তত্রত্য যে কোনও লোককে দর্শন করিয়াছেন, অথবা তাঁহার দিকে লক্ষ্য করিয়া যে কোনও স্থানে দণ্ডবৎ প্রণতি করিয়াছেন, তাঁহার মঙ্গল মধুর নাম একবারও উচ্চারণ করিয়াছেন—তাঁহারা কীকট (বিহার) প্রভৃতি দেশে তন্ত্র্ত্যাগ করিলেও শীদ্রই মুনিশ্রেষ্ঠগণ কর্তৃক বন্দনীয় এই শ্রীবৃন্দাবন ধাম প্রাপ্ত হইবেন—ইহাতে সন্দেহ নাই ॥২৮॥

যে স্থানে লক্ষী ব্রহ্মাদিরও বিমোহনকারী, একমাত্র কামকলা রঙ্গেরই মোহনাকৃতি বিশিষ্ট গৌরনীল কান্তি যুগলকিশোর প্রকট আছেন, সর্বানন্দ কদম্বকোপরি চমৎকারং মহাতুল ভং
কঞ্চিৎ প্রেমরসং শ্রবন্তদখিলং ক্ষিপ্তৈর্হি বৃন্দাবনম্ ॥২৯॥
ব্রহ্মানন্দময়স্থ নির্দ্মলতমস্থান্ত র্মহা জ্যোতিষো
জ্যোতি ভাগবতং চকাস্তি কিমপি স্বানন্দ সারোজ্জ্জলম্।
তস্থাপ্যজুতমন্তরন্তর-সমোদ্ধাশ্চর্য্য মাধুর্য্যভূর্বন্দারণ্যমিহ দ্বয়ং ভজ সথে! তদেগারনীলং মহঃ॥৩০॥
যদঙ্গ রুচিভি র্মহা প্রণয় মাধুরী বীচিভিবিচিত্র মবলোকয়ন্ কনক চম্পক ফুর্তিভিঃ।
বিমুহুতি পদে পদে হরি রপূর্ব্ব বৃন্দাবনে
কিশোর মিদমেদ মে ক্ষর্রতু ধাম রাধাভিধম্॥৩১॥
আশ্চর্য্যাশ্চর্য্য নিত্য প্রবহদতি মহামাধুরী সার রূপশ্রীকেলি প্রেম বৈদগ্যতুল তরুণিমারস্ত-সৌভাগ্য পূরে।।

যে স্থানে সর্বানন্দরাশি হইতেও অধিক চমৎকারশীল মহাত্র্লভ কোনও (অনির্বাচনীয়) প্রেমরস ক্ষরিত হইতেছে, (অথবা প্রেমরস ক্ষরণকারী যুগলকিশোর বিরাজমান আছেন)—সর্বাস্থ ত্যাগ করিয়া সেই শ্রীরন্দাবনেই আগমন কর ॥২৯॥

নির্মালতম ব্রহ্মানন্দময় মহাজ্যোতির অভ্যন্তরে স্থানন্দ সারোজ্জ্বল কোনও ভগবজ্জ্যোতিঃ প্রকাশ হইতেছে, তাহারও অভ্যন্তরের অভ্যন্তরে অদ্ভূত অসমোর্দ্ধ মাধুর্য্য ভূমি—এই বৃন্দাবন। হে সংখ! এইস্থলে সেই গৌরনীলাত্মক বিগ্রহ যুগলকে ভজনা কর॥৩০॥

যাঁহার মহা প্রণয় মাধুরী তরঙ্গ বিশিষ্ট স্বর্ণচম্পকবং স্ফুর্ত্তিণীল অঙ্গ কান্তির বিচিত্রতা অবলোকন করিয়া শ্রীহরি অপূর্ব্ব বৃন্দাবনে পদে পদে বিমোহিত হন, সেই শ্রীরাধা-নামক কিশোর বিগ্রহই আমার স্ফুর্ত্তি হউন॥৩১॥ যাঁহারা অত্যাশ্চর্য্য অতি মহা মাধুরী সার বিশিষ্ট রূপ, শ্রী (শোভা

শ্রীরন্দাবন-মহিমামৃত্য্

তো গোরশ্যামবর্ণে। সহজ রতিকলা লোললোলো কিশোরো
শ্রীরন্দারণ্য কুপ্পাবলিষু স্থললিতৈকান্ত রত্যা স্মরামি॥৩২॥
অসমোর্দ্ধ মহাশ্চর্য্য রূপ লাবণ্য শেবধী।
সদোত্তরঙ্গ-প্রোত্তু সমহানন্ত রসান্মুধী॥৩৩॥
মিথঃ প্রেমাতি বৈক্লব্যা ক্রট্যর্দ্ধেহপ্য বিয়োজিনো।
সদোৎপুলক সর্বান্ধো সদা গদগদ ভাষিনো॥৩৪॥
অনুক্ষণং মদাবিষ্টো ন বিদক্তো চ কিঞ্চন।
কার্য্যমাণো সখীর্নেদ ভোজনাচ্ছাদনাদিকম্॥৩৫॥

নির্ম্যাদ বিবর্দ্ধিষ্ণু মহানন্দ মহোন্মদৌ। গৌরশ্যাম কিশোরো তো নিত্যাহযোগ্যাঙ্গ সঙ্গিনো ॥৩৬॥

সোন্দর্য্যাদি), কেলি, প্রেম বৈদগ্ধা, অতুলনীয় তরুণিমার (যৌবনের)
আরম্ভ ও সৌভাগ্যরাশি নিত্য ধারণ করিয়া বিরাজমান আছেন এবং
বাঁহারা সহজ রতি কলাবেশে অতি চঞ্চল হইয়াছেন—সেই গৌর শ্রামবর্ণ
কিশোরযুগলকে শ্রীবৃন্দারণ্যের কুঞ্জ সমূহে স্থললিত একান্ত রতির সহিত
স্মরণ করিতেছি॥৩২॥

অসমোদ্ধ মহাশ্চ্য্য ক্রপ ও লাবণ্যের নিধি সদৃশ, নিত্য উত্তাল তরঙ্গ সমাকুল মহাকামসমুদ্রবং যুগলকিশোর—॥৩৩॥

পরস্পর প্রেমাতিশয্যের বিকলতা হেতু ক্রট্যদ্ধ (অতি অল্ল) কালের জন্মন্ত পরস্পরের বিরহ সহ্ম করিতে পারেন না, সর্বাঙ্গে সদা উচ্চ পুলকাবলি ধারণ করেন এবং সর্বাদা গদাদ বাক্য বিন্যাস করেন॥৩৪॥

তাঁহারা অনুক্ষণই মদাবিষ্ট চিত্তে থাকেন বলিয়া কিছুই জানেন না (কিছুরই অনুসন্ধান করেন না); ভোজন বা বস্ত্র পরিধানাদি কার্য্যও স্থীগণই সম্পাদন করাইয়া থাকেন॥৩৫॥

নিরবধি বিবদ্ধমান মহানন্দ বশতঃ মহোন্মত্ত ও নিত্য পরস্পারের অঙ্গ সঙ্গী সেই গৌরগ্রাম কিশোর যুগল—॥৩৬॥ অনক্ষৈক রসোদারে শ্রীরুন্দাবন ধামনি।
যাপয়ন্তো দিবানিশং কেবলানঙ্গ-কেলিভিঃ ॥৩৭॥
থুৎকারয়ন্তো ভজতাং সর্বানন্দ রসোন্নতীঃ।
যো ভজেন্নিতা মেকেন ভাবেন তমহং ভজে॥৩৮॥

[ষড্ভিঃ কুলকম্]

ত্রিগুণ্যাতীত পূর্ণোচ্জ্বল বিমল মহা কামরাজাত্মদিব্য-চ্জ্যোতিঃ স্বানন্দ সিন্ধূত্মিত মধুরতরদ্বীপ বৃন্দাবনান্তঃ। শ্রীরাধাকৃষ্ণ তীব্র প্রণয় রস ভরোদঞ্চ-রোমাঞ্চ পুঞ্জাঃ কুঞ্জালিষাত্ম নাথদ্বয় পরিচরণ ব্যগ্র গোপাল-বালাঃ॥৩৯॥

কাঞ্চী-মঞ্জরী কেয়ূরক বলয়ঘটা-রত্নতাটক্ষ-রম্যাঃ শ্রীমন্নাসাগ্র লোলন্মণি-কনক লসন্মোক্তিকা শ্চিত্রশাটীঃ।

একমাত্র কামরসে উদার (উৎসব পূর্ণ) শ্রীরন্দাবন ধামে কেবল কামকেলি সমূহ দারাই দিবানিশি যাপন করিতেছেন; ॥৩৭॥

তাঁহারা ভজনানন্দীগণের সর্ক্রবিধ আনন্দ রসের পরাকাষ্ঠাকেও থুৎকার করিয়া বিরাজমান আছেন; যিনি একান্তভাবে নিত্য এই কিশোর যুগলের ভজন করিতে পারেন, আমি তাঁহাকেই ভজনা করি॥৩৮॥

ত্রৈগুণ্যাতীত পূর্ণোজ্জ্বল বিমল মহাকামরাজ স্বরূপ দিব্য জ্যোতির স্থানন্দ সাগর হইতে উত্থিত মধুরতর দ্বীপ সদৃশ শ্রীরুন্দাবন মধ্যস্থ কুঞ্জ সমূহে শ্রীরাধারুষ্ণের তীব্র প্রণয় রসভরে উৎপুলকিত দেহা প্রিয়তমযুগলের পরিচর্য্যা নিরতা গোপবালাগণ বিরাজ করিতেছেন ॥৩৯॥

তাঁহাদের অঙ্গ—কাঞ্চী, নূপুর, কেয়্র, বলয়, রত্নতাটক্ষ (ভাড়)
প্রভৃতি দারা রমণীয়—তাঁহাদের স্থলর নাসাগ্রে মণি কনকযুক্ত মুক্তা
দ্বলিতেছে—পরিধানে বিচিত্র শাটী—কটিদেশ অতি স্থলর—মধ্যদেশও

স্থােণী শ্চারুমধ্যা রুচির কুচতটিঃ কঞ্কোন্ডাসি হারা লোলদ্বেণ্যগ্রগুচ্ছাঃ স্মর কনকরুচী দাসিকা রাধিকায়াঃ॥৪০॥

ত্রিভঙ্গীমূত্রুঙ্গীকৃত রস তরজৈ ন'ব নবোনাদানঙ্গে লোলোজ্জ্জলঘন নিভাঙ্গে দধদহো!
লসদ্বহোত্তংসী মণিময় বতংসী ব্রজকুলাহবলা-নীবি-স্রংসী ফরুরতু মম বংশীমুখ হরিঃ॥৪১॥
রাধাকৃষ্ণানঙ্গ তৃষ্ণা মহারিং,

নির্মধ্যাদং বর্দ্ধয়ন্নিত্যমেব। সান্দ্রানন্দাপার সর্বেবাদ্ধিপার-

बीयम्त्रनमाकाननः श्रीगनः नः ॥४२॥

কেকাভি মুখরীকৃতাহখিল দিশো নৃত্যন্তাহো কেকিন শ্চূতানাং বিটপে কুহুরিতি মুহুঃ কূজন্তাহো কোকিলাঃ।।

মনোরম—কুচযুগল অতি স্থন্দর এবং তাঁহাদের কঞ্চ্ক (কাঁচ্লি) হইতে মনোমদ হারের ছটা বিকীর্ণ হইতেছে, বেণীগুচ্ছের অগ্রভাগ আন্দোলিত হইতেছে—সেই স্বর্ণবর্ণা শ্রীরাধাদাসীগণকে স্মরণ কর ॥৪০॥

অহা। উচ্চ উচ্চ বদ-তরঙ্গময় নব নবায়মান উনাদনাকারী কামক্রীড়ায় চঞ্চল উজ্জ্বল মেঘদরিভ কলেবরে ত্রিভঙ্গভাব ধারণ করিয়া, ময়ূরপুচ্ছ নিম্মিত চূড়া পরিধান করিয়া, মণিময় কুণ্ডল ধারণ করিয়াও ব্রজ
(গোষ্ঠ) সমূহের অবলাদিগের নীবিবন্ধন শিথিল করিয়া বংশীবদন শ্রীহরি
আমার হৃদয়ে স্ফুর্ত্তি প্রাপ্ত হউন॥৪১॥

যিনি শ্রীরাধাক্তফের কামতৃষ্ণা মহাসাগর নিরন্তরই অসীম (প্রকারে)
বৃদ্ধি করিয়া থাকেন, এবং সান্দ্রানন্দরাশির অপার সর্ব্বোচ্চতম শ্রী (সৌন্দর্য্য বা সৌভাগ্য) যুক্ত—সেই শ্রীবৃন্দাবনই আমাদের প্রীতিস্থল ॥৪২॥

অহো! শ্রীরন্দাবনে ময়ূরগণ স্বীয় কেকাধ্বনি দারা দশদিক্ মুখরিত

গায়ন্তি প্রতি পুপ্পবল্লি মধুরং ভৃঙ্গাঙ্গনাঃ সর্বতঃ প্রোন্মীলন্তি বিচিত্র দিব্য কুস্থমামোদাশ্চ বৃন্দাবনে ॥৪৩॥ মুক্তি র্যাতি যতো বহি রহি রহো সম্মার্জনী-ঘাতত-স্ত্রস্তাস্তা বর সিদ্ধয়ো বিদধতে কাকাদি যৎ সেবিতুম্। যন্নামৈব বিদূরগাহপি বিলয়ং মায়াহপি যায়াদহো! তদ্দাবনমত্যচিন্ত্যমহিমা দেহান্তমাশ্রীয়তাম্॥৪৪॥

অহো বৃন্দারণ্যং প্রতিপদ বিনিস্থান্দি পরমোমাদ প্রেমানন্দাহমৃত জলধি লোভাকুলয়তি।
রমেশ ব্রহ্মাদীনথ ভগবতঃ পার্ষদবরানতো ধীরা নীরাঞ্জলিমপি নিপীয়াত্র বসত ॥৪৫॥
হয়াহহকণ্ঠং পীতং যদি পরম পীযূষপি কিং
ততে। যহ্যর্ববশ্যাঃ স্তনযুগলমাশ্লেষি কিমতঃ।

করিয়া নৃত্য করেন, কোকিলগণ আম্রশাখায় উপবেশন করিয়া মুহুমুহি কুহু কুহু রবে কুজন করেন, ভৃঙ্গীগণ ইতস্ততঃ প্রতি পুষ্পলতায় মধুর গান করেন, বিচিত্র দিব্য কুস্থম গন্ধরাশি চারিদিক স্থবাসিত করেন॥৪৩॥

যে স্থান হইতে সম্মার্জনীর আঘাত প্রাপ্ত হইয়া মুক্তি দূর হুইতে দূরতর দেশে পলায়ন করে, যাঁহার সেবা করিবার জন্ম শ্রেষ্ঠ অষ্টসিদ্ধি কাকুতি মিনতি করিয়া সন্ত্রস্ত হইয়া থাকে; যাহার নাম শ্রবণেই মায়া বিদূর দেশে গিয়াও বিনাশপ্রাপ্তই হইয়া থাকে সেই অতি অচিন্ত্য মহিমাযুক্ত শ্রীবৃন্দাবনকে দেহপাত পর্য্যন্ত আশ্রয় কর॥৪৪॥

অহা। বৃদাবন—প্রতিপদেই পরম উন্নাদনা বিধায়ী প্রেমানন্দ সমুদ্র ক্ষরণ করিতেছেন,—লক্ষ্মী, শিব, ব্রহ্মাদিকে এবং শ্রীভগবানের পার্ষদ প্রবর গণকেও লোভে আকুল করিয়া থাকেন,—অতএব হে ধীর ব্যক্তিগণ। জলগণ্ডুষও পান করিয়া এই স্থানে বাস কর॥৪৫॥ যদি ব্রহ্মানন্দা মৃতমপি সমাস্থাদি কিমতো

যত স্থ্রুত্ত্যদং ব্যস্জদপি বুন্দাবন তৃণম্ ॥৪৬॥
ন তাপঃ সাধূনামকৃতিযু তথা সাধুকৃতিযু
প্রকম্পঃ কালাহেরপি নহি ন বা দেহদলনে।
প্রহর্ষো ন ব্রহ্মান্তিধিক বিভবে নাপি পরমামৃত ব্রহ্মানন্দে সমধিগত-বুন্দাবনভুবঃ ॥৪৭॥
অলমলমতি ঘোরানর্থ-কারীন্দ্রিয়াণামতিশয় পরিতোধৈ তুর্করৈ তুর্ত্তরেশ্চ।
বিদধদিব সশোকো যেন কেনাপি দেহস্থিতিমধিবস বুন্দারণ্যমেকান্তরত্যা ॥৪৮॥
লুঠন্ রাসস্থল্যাং নিরবধি পঠন্ কৃষ্ণচরিতং
রটন্ হা কৃষ্ণেতি প্রতিপদমট্ঞাপি পরিতঃ।

যদি তুমি আকণ্ঠ পরম স্থাই পান কর, তাহাতেই বা কি ? আর যদি উর্বাণীর স্তনযুগল আলিঙ্গন করিয়া থাক, তাহাতেই বা কি ? যদিই বা ব্রহ্মানন্দ স্থারও সমাস্বাদন হইয়া থাক, তাহাতেই বা কি ফল ? যেহেতু বুন্দাবনীয় তৃণও থূৎকার পূর্বাক এই সকল বস্তু ত্যাগ করিয়াছে॥৪৬

যিনি শ্রীবৃন্দাবন ভূমি সম্যক্ প্রকারে প্রাপ্তি করিয়াছেন, তাঁহার সংকর্ম্মের অনুষ্ঠানে বা অনুষ্ঠানে কোনও তাপ নাই, কালসর্প হইতেও তাঁহার প্রকম্প (ভয়) নাই, দেহ দলিত হইলেও কোনও ভীতি নাই, ব্রহ্মাদি হইতে অধিকতর সম্পত্তি লাভ হইলে বা প্রমামৃত ব্রহ্মানন্দ প্রাপ্তিতেও তাঁহার অত্যধিক আনন্দ হয় না ॥৪৭॥

অতি ঘোর অনর্থকারী ইন্দ্রিয়সমূহের হুম্কর ও হুস্তর পরিতোষ বিধান করিয়া আর কোনই প্রয়োজন নাই। দেহযাত্রা নির্বাহের জন্ত যে কোন উপায় অবলম্বন করিয়া শোকাকুল হইয়াই যেন একান্তভাবে এই প্রীবৃন্দা-বনে বাস কর ॥৪৮॥ ক্রটনানাগ্রন্থিঃ স্ফুটদমলভাবোহশ্রু নিবহৈনিটন্ গায়ন্ বৃন্দাবন মতি মহান্ পঞ্চিলয়তি ॥৪৯॥
উদ্দামঃ কাম এবেতর রস লবক স্পর্শ মাত্রাহসহিষ্ণুঃ
নিত্যং বর্দ্ধিস্থু রত্যুচ্ছলিত রস মহাস্তোধি নিত্যং চ যত্র।
যৎ কিঞ্চিজ্জন্সমং স্থাস্কু চ পরম মহাশ্চর্য্য নানা সমৃদ্ধ্যা
শাশ্দ্রদ্ধ্যা স্বয়ং চানিশমুদিত মিদং ভাতু বৃন্দাবনং মে ॥৫০॥
তথা পরম পাবনং ভুবি চকাস্তি বৃন্দাবনং
যথা হরিরসে মনঃ স্বয়মনঙ্কুশে ধাবতি।
পরস্তু যদি তদগত স্থিরচরেষু নো কায়বাঙ্মনোভি রপরাধিতা ভবতি বাধিতা তত্ত্বধী॥৫১॥

যিনি নিরন্তর রাসস্থলীতে লুঠন, ক্লফচরিত পাঠ, প্রতিপদে 'হা ক্লফ্র' বলিয়া আক্রোশন ও এ স্থানে সর্বত্র পরিভ্রমণ করিতেছেন—তাঁহার হৃদয়ের নানা গ্রন্থি (অবিছা, কাম, কর্ম্ম) ভেদ হইয়া বিমল ভাব স্ফুর্ত্তি হইতে থাকে, এবং সেই অতি মহাভাগ্যবান্ মহাত্মা নৃত্য ও সঙ্গীত করিতে করিতে অশ্রু ধারার সহিত শ্রীবৃন্ধাবনকে পঙ্কিল করিয়া থাকেন ॥৪৯॥

যে স্থান উদ্ধাম কাম স্বরূপ, অন্ত রসের সামান্ত স্পর্শ-মাত্রও অসহিষ্ণু, যে স্থানে নিত্য বর্দ্ধমান রতি কর্তৃ ক উদ্বেলিত রস মহাসমুদ্রু নিত্য বিরাজমান, যে স্থলের স্থাবর জঙ্গমাত্রক বস্তু নিচ্য় পরম মহাশ্চর্য্যজনক নানা সমৃদ্ধি ও নিরন্তর বৃদ্ধির সহিত অহর্নিশি প্রকাশিত হইতেছেন—সেই এই শ্রীবৃন্দাবন আমার (স্থদয়ে) প্রতিভাত হউন—এই প্রার্থনা ॥৫০॥

যেমন নিরক্ষণ (অবাধ) হরিরসে মন স্বয়ংই ধাবিত হয়, তেমনই পরম পাবন বুন্দাবন ভূমগুলে প্রকাশিত হয়েন,—যদি কিন্তু বুন্দাবনীয় স্থাবর-জঙ্গমাত্মক বস্তু সমূহে কায়মনোবাক্যে অপরাধী হইয়া তত্ত্ব (বিচার) বুদ্ধি বাধিত না হয় (অর্থাৎ অপরাধী হইলে ঐ প্রকাশ অন্তুভূত হয় না) ॥৫১॥

মগ্নং শ্রীরাধিকা শ্রীমুরলীধর মহা প্রেমিদিন্ধো নিমগ্নং
তদ্ গৌর শ্যামগাত্রচ্ছবি ময় জলধো প্রোক্ষিতাবার পারে
শোভা-মাধুর্য্য পূর্ণার্ণব বুড়িত মহোমত্ত মেতন্মমান্তঃ
শ্রীরন্দারণ্যমেব ফুরতু ন কলিতং মায়য়াহবিছায়া চ॥৫২॥
রন্দাবনমন্ম বিন্দাম্যহমপি দেহং শ্বশূকরাদীনাম্।
ন পুনঃ পরত্র সচ্চিৎ স্থময়মপি তুর্ল ভং দেবৈঃ॥৫৩
শ্রীরন্দাবন মধ্যে বহু তুঃখেনাপি যাতু জন্মৈতৎ।
লোকোত্তর স্থখসম্পত্যপি ন চান্তত্র মে নিমিষকম্॥৫৪॥
করতল কলিত কপোলো গলদশ্রু কৃষ্ণ কৃষ্ণে কৃষ্ণে কিলে।
বিলপন্ রহিসি কদা স্থাং বুন্দারণ্যেহত্যকিঞ্চনো ধন্তঃ॥৫৫॥
মানাপমান কোটিভি রক্ষুভিতাত্মা সমস্ত-নিরপেক্ষঃ।
বুন্দাবনভূবি রাধা-নাগ্রমারাধ্য়ে কদা মুদিতঃ ॥৫৬॥

অহা ! শ্রীরাধা ও শ্রীমুরলীধরের মহাপ্রেমসিন্ধতে মগ্ন, সেই গৌর শ্রামের গাত্র কান্তিময় পারাবার বিহীন সমুদ্রে নিমগ্ন, এবং তাঁহাদের শোভা মাধুর্য্য পূর্ণ সাগরে বুড়িত (সংনিমগ্ন) ও মত্ত এই শ্রীরুন্দাবন—যাহা মায়া বা অবিগ্রা কর্তৃক কথনও দৃষ্ট হয়েন না—আমার অন্তঃকরণে স্ফুত্তি প্রাপ্ত হউন—এই প্রার্থন ॥৫২॥

শ্রীরুন্দাবনস্থ কুকুর শৃকরাদির দেহও আমি লাভ করিব, কিন্তু অগ্রত্ত দেবতুর্লভ সচ্চিদানন্দময় দেহও আমার বাঞ্ছনীয় নহে ॥৫৩॥

প্রীরুন্দাবন মধ্যে বহু হঃথেও আমার এই জন্মপাত হউক, তথাপি অগ্যত্র অলৌকিক স্থেসম্পত্তি নিমিষ কালের জন্মও প্রার্থনা করি না ॥ ৫৪॥

করতলে কপোলদেশ বিশ্যস্ত করিয়া গলদশ্রলোচনে "রুষ্ণ" "রুষ্ণ" বলিয়া বিলাপ করিতে করিতে কবে শ্রীবৃন্দাবনের নির্জ্জন স্থানে অতি অকিঞ্চনভাবে অবস্থান করিয়া ধন্য হইব ? ৫৫॥

কোটি কোটি মানাপমান দ্বারাও ক্ষুদ্ধ না হইয়া সর্ব্ধ নিরপেক্ষভাবে কবে প্রীর্ন্ধাবনে শ্রীরাধানাগরকে আনন্দ মনে আরাধনা করিব ? ৫৬॥ বৃন্দাবনৈক শরণ স্ত্যক্ত শ্রুতি লোকবল্প সঞ্চরণঃ।
ভাবাদ্ধরি চরণান্তর পরিচরণাদ্যাকুলঃ কদা মু স্থাম্॥ ৫৭॥
ইহ ন স্থাং ন স্থামরে কাপি রথা ন পত মোহজালেহ স্মিন্।
অমুদিনং পরমানন্দ বৃন্দাবনং হি সমাশ্রয়ালৈব ।।৫৮।।
শ্রীপুত্র দেহগেহ দ্রবিণাদো নৈব বিশ্বসী মূর্চ়।
ক্ষণমপি নৈব বিচারয় চারয় বৃন্দারণ্য মূথং চরণো।।৫৯।।
রাধাকৃষ্ণ বিলাস রঞ্জিত লতা সদ্মালি পদ্মাকরশ্রীকালিন্দীতটা পটার বিপিনাগ্রদ্রীন্দ্র সৎকন্দরম্।
জীবাতু র্মম নিত্য সৌভগ চমৎকারেক ধারাকরং
নিত্যানক্ষুশ বর্জমান পরমান্চর্য্যর্দ্ধি বৃন্দাবনম্।।৬০।।
শরীরং শ্রীবৃন্দাবনভূবি সদা স্থাপয় মনঃ
সদা পার্থে বৃন্দাবন রসিকয়ো শ্রুস্থ ভজনে।

অহো! একমাত্র, শ্রীবৃন্দাবনেরই শরণ গ্রহণ করিয়া ও বেদমার্গ বা লৌকিক আচরণ সমস্ত ত্যাগ করিয়া কবে ভাবভরে শ্রীহরি চরণ যুগলের মানস সেবা করিয়া ব্যাকুল হইব ? ৫৭॥

এই পৃথিবীতে স্থথ নাই, ওরে কোথায়ও স্থথ নাই। রুথা এই মোহজালে আর পড়িও না; অগুই নিত্য প্রমানন্দদায়ী শ্রীরুন্দাবনকে সম্যক্ প্রকারে আশ্রয় কর॥৫৮॥

হে মূঢ় ! স্ত্রী, পুত্র, দেহ, গৃহ, সম্পত্তি প্রভৃতিতে বিশ্বাসই করিও না, ক্ষণকালও বিচার না করিয়া শ্রীবৃন্দাবনের দিকেই চরণ চালাও ॥৫১॥

শ্রীরাধার্কফের বিলাসে রঞ্জিত লতাগৃহ শ্রেণীযুক্ত, তড়াগ শোভিত, শ্রীকালিন্দীর তটস্থিত পটীর (থদির, চন্দন) বনাদি সংশোভিত গিরি-রাজের স্থন্দর স্থন্দর গহরর সমাযুক্ত, নিত্য সৌভাগ্য ও চমৎকার ধারা বর্ষণশীল এবং নিত্য অবাধভাবে বিবর্দ্ধিষ্ণু পরমাশ্চর্য্য সমৃদ্ধিশালী শ্রীর্ন্দাবনই আমার জীবাতু (জীবনৌষধ)॥৬০॥ বচ স্তৎকেলীনাম নবরত গানে রময় তৎ
কথা পীযৃষাদো শ্রবণযুগলং প্রীতি বিকলম্ ॥৬১॥
প্রাসিদ শ্রীবৃন্দাবন বিতন্ম মাং স্বৈকতৃণকং
যদন্তিনুস্পর্শা ত্যুৎসব মন্মুভবে ত্বয়ু দিতয়োঃ।
তয়ো গে রি-শ্যামান্তুত রসিক যুনো র্নবনবস্মরোৎকণ্ঠাভাজো নিভূত বন বীখ্যাং বিহরতোঃ॥৬২॥
ন কালিন্দী মিন্দীবর কমল কহলার কুমুদাদিভি নিত্যোৎফুল্লৈ র্মধুপকুল ঝঙ্কার-মধুরেঃ।
সহালি শ্রীরাধা মুরলীধর কেলি প্রণায়িণীমপশ্যন্ যো বৃন্দাবন পরিসরে জীবতি স কিম্ ? ৬৩॥
বৃন্দারণ্য মিলৎ কলিন্দতনয়াং বন্দেহরবিন্দেন তাং
নানা রত্নয়েরন নিত্য রুচিরামানন্দ সিন্ধু-স্থতাম্।

শরীরকে সর্বাদা প্রীর্নদাবন ভূমিতে স্থাপন কর, মনকে সদা প্রীর্নদাবন রসিক যুগলের পার্শ্বদেশে ভজনে নিয়োগ কর; তাঁহাদের কেলি গানে নিরন্তর বাক্য বিস্থাস কর, এবং প্রীতি বিকল কর্ণযুগলকে তাঁহাদের কথামৃত প্রভৃতিতে তৃপ্তি দান কর॥৬১॥

হে প্রীবৃন্দাবন! তোমার একটীমাত্র ক্ষুদ্র তৃণকেও আমাকে দান কর, (প্রকাশিত কর) যাহা তোমাতে উদিত (বিরাজমান) নব নব কামোংকণ্ঠাশীল, নির্জন বনপথে বিহার পরায়ণ সেই গৌর শ্রামবর্ণ অভুত রসিক্যুগলের পাদপদ্মপর্শ জনিত মহোৎসব (সুখ) লাভ করিয়া থাকে॥

যে ব্যক্তি নীলোৎপল, কমল, কহলার ও কুমুদ প্রভৃতি কুস্থমচয়ের
নিত্য প্রস্ফুটনশীল, ভ্রমরকুলের নিনাদে মধুরা এবং স্থীগণ সহ শ্রীরাধা
মুরলীধরের কেলি প্রণয়িশ্রীকালিন্দীকে শ্রীরন্দাবন স্মীপ ভূভাগে দর্শন
না করিয়া জীবিত থাকে, সে কি নয় ? (অর্থাৎ তাঁহার জন্মই বৃথা)॥৬৩

সেই वृक्तावन मःयूक्त क निक्त निक्ती क वक्तना क वि — थ यमूना

রম্যাং চান্ত বিচিত্র দিব্য কুস্থমৈ র্গম্যাং ন সম্যক্ ত্রয়ীমোলীনামপি মত্ত্বট্ পদ খগশ্রেণী স্থকোলাহলাম্॥ ৬৪॥
শ্রীবৃন্দাবন বাহিনী তরণিজা স্থানন্দ সন্দেহ বাঃপরা রত্নঘটাময়দ্বয়তটা সামোত্রক্ষ ধ্বনিঃ।
আবর্ত্তায়িত মুগগণং বিদ্ধতী হংসৈশ্চ কারগুবৈ
দাত্যুহৈ রথ সারসাদিভি রপি ধ্যেয়া হরেঃ প্রেয়সী॥ ৬৫॥

জলক্রীড়া কালে কনক কমলিন্সেক বিপিনে
নিলীনা শ্রীরাধা যদধিকমলং চুম্বতি হরো।
স্ব বক্ত্রুজন্রান্ত্যা হসিতমথ নালং স্থগিয়ত্থ
হসিত্বা কান্তেনাধ্রিয়ত হসিতালী পরিকরা।। ৬৬।।
বিদূরং সিন্দূরং গতমপি বিলেপাঞ্জনমভূৎ
শ্রজো ক্রট্যমুক্তাবলি রপি দৃশো র্ছ মরুণম্।

35

বিবিধ রত্নময় অরবিন্দ দারা নিত্য মনোহরা, আনন্দসিনুর ছহিতা, অত্যাত্ত বিচিত্র দিব্য কুস্থমরাজি দারা রমণীয়া, ত্রয়ী (ঋক্, সাম, যজুঃ—এই বেদত্রয়) শিরোমণিগণ কর্তৃক ও সম্যক্ অবোধ্য মহিমা এবং মন্ত ভ্রমর ও বিবিধ বিহঙ্গমগণের নিরন্তর কোলাহলে সন্মুখরিতা॥ ৬৪॥

শ্রীবৃন্দাবন প্রান্তবাহিনী যমুনা—স্বানন্দ সমূহ রূপ জল প্রবাহবতী, বুতুরাজিময় তট্তব্য বিশিষ্টা, সাম গানরূপ উত্তালতরঙ্গধ্বনিযুক্তা, জল ঘূর্ণায় নিপতিত পশুগণের রক্ষয়িত্রী এবং হংস কারগুব, দাত্যুহ, সারস প্রভৃতি পক্ষিসঙ্কুলা—এম্ববিধ শ্রীহরি প্রেয়সী কালিন্দীকে ধ্যান করা কর্ত্ব্য ॥৬৫॥

জলক্রীড়া কালে প্রীরাধা এক স্বর্ণপদ্মবনে লুকাইরা রহিলেন। যথন প্রীহরি নিজ (প্রীরাধার) স্থানর বদন কমল প্রমে কমলে চুম্বন দান করিতে থাকিলেন, তথন প্রীরাধা আর হাস্ত সংবরণ করিতে পারিলেন না। স্থী ও পরিকর সকল হাস্ত করিতে থাকিলে কান্ত শ্রামস্থার তথন সহাস্তে প্রিত্মাকে ধরিয়া ফেলিলেন॥৬৬॥ বিহারৈঃ কালিন্দ্যান্তসি যদপি বৃন্দাবনে বনে
তথাপ্যাসাদ্রাধা হরি বপুষি কাহপ্যেক স্থমা।। ৬৭।।
সিঞ্চন্ন, চৈচঃ স্বয়ং শ্রীব্রজনৃপতিস্ততো বল্লভা স্বপ্রিয়ালীবুন্দৈঃ সন্তুয় তৎসেচনভরমসহং মন্মমানঃ স মগ্ন।
স্ফীত শ্রোণ্যুক্ত জঙ্গা চরণযুগপরামর্শ লক্ষাতি হর্ষঃ
কালিন্দ্যামিন্দুকোটিচ্ছবি বহু হাসতো দূর উন্মন্ত্য রেজে।।৬৮।।
রাধাকৃষ্ণা বতি রতি রসোৎকেন মগ্নো সহৈব
কালিন্দ্যাহপ্রাকৃত নিজ জলে দেশ আস্তীর্ণ পল্লে।
দীর্ঘং কালং স্থরতসমরাবেশত স্তৌ যদাহহস্তাং
চক্রঃ প্রাণদ্বয় বিচয়নং কাতরা স্তর্হি সখ্যঃ॥ ৬৯॥

শ্রীবৃন্দাবনে শ্রীকালিনীজলে বিহার করিতে করিতে শ্রীরাধার সিন্দূর বিদূরগত (লুপ্ত) হইলেও তিনি অঞ্জন বিলিপ্ত হইয়াছেন; মালার মুক্তা সমূহ ছিন্ন হইলেও তাঁহার নয়নমুগল অরুণবর্ণ ধারণ করিয়াছিল। তথাপি (ভূষণাদি ছিন্ন ভিন্ন হইলেও) শ্রীহরির বক্ষোদেশে শ্রীরাধা কোনও এক অনির্বাচনীয় স্থমমা স্বরূপেই বিরাজ করিতেছেন॥ ৬৭॥

শ্রীব্রজরাজ নন্দন স্বয়ং উচ্চ করিয়া জল সেচন করিতেছেন—বল্লভা ও তাঁহার প্রিয় স্থীগণ তথন একত্র মিলিয়া জল সেচন করিতে থাকিলে তাহা সহ্থ করিতে না পারিয়া খ্রামস্থন্দর জলমগ্ন হইলেন। তথন তিনি পৃথু শ্রোণী, বিশাল জজ্বা ও চরণযুগলের পরামর্শ (সংস্পর্শ) লাভে অতি হুপ্ত হইয়া কালিন্দীজলে চন্দ্রকোটী কান্তি বিনিন্দন হাস্তরাশি বিস্তার করতঃ দূরে উন্মজ্জন করিয়া শোভা পাইতেছেন॥৬৮॥

অতিশয় রতি রসোৎকণ্ঠা বশতঃ শ্রীরাধারুষ্ণ কালিন্দীর অপ্রাকৃত নিজজলে যুগপংই নিমগ্ন হইয়া একটি পদ্ম সমাকীর্ণ দেশে স্থরত সমরা-বেশে দীর্ঘকাল অতিবাহিত করিতে থাকিলে সখীগণ কাতর হইয়া প্রাণ-প্রিয়তমযুগলের অন্বেষণে প্রবৃত্ত হইলেন॥৬৯॥ মিথ কমল কৈরবাদ্যাদিত হাস মঙ্গে ক্ষিপন্
মুখেন দৃশি মুদ্রণাযুজি কৃতান্মুগগুষকম্।
সমুক্ষ্য জিতকাশি তৎ ক্ষচন মগ্নমুখাপয়দ্
দ্বাং তরণিজান্তিসি ক্ষুরতি গৌরনীলং মহঃ॥ ৭০॥

হৈমাত্তমুজ কোরকাদি সলিলং পীযূষ সারক্ষৈব-দ্রাক্ষা ক্ষীর রসাদি মত্তটযুগং নানা মণী নির্দ্মিতম্।। খেলদ্বিয় স্থরত্ন মীন নিকরা স্ফালেন চিত্রায়িতং নানা রত্ন বিচিত্রতীর্থ বিলসৎ সোপানমত্যদুতম্।। ৭১।।

নানাশ্চর্য্য স্থপুপ্পিত ক্রমলতা কুঞ্জৈ র্মহামঞ্জ্লং কর্পূরোজ্জ্বল বালুকং চ পুলিনং বিস্তার সৎ সৌরভম্। তীরে তীরে ইতস্ততঃ সচকিতোন্মীন্মূ গী ষূথকং দিব্যানেক কদম্ব চম্পক বনামোদঃ প্রস্প্রোহভিতঃ।। ৭২

হাস্তদহকারে কমল কৈরবাদি পরম্পর পরস্পরের অঙ্গে ক্ষেপণ করিতেছেন, পরস্পরের নিমিলিত নয়নে পরস্পর মুখ দারা জলগভূষ দান করিতেছেন, কেহ বা জল বর্ষণ করিয়া জয়যুক্ত হইতেছেন; আবার কেহ বা জলমগ্ন হইলে অপরজন তাঁহাকে উঠাইতেছেন—এইরূপে গৌরনীলাত্মক জ্যোতির্ঘর যমুনা জলে লীলা বিস্তার করিতেছেন॥ ৭০॥

জলে স্বর্ণবর্ণ প্রভৃতি পদ্ম কোরকাদি শোভিত, নানাবিধ মণিরত্ব,
নির্মিত তটবুগল অমৃতসার উন্মাদনাজনক দ্রাক্ষা প্রভৃতির ক্ষীর রসযুক্ত,
খেলাপরায়ণ দিব্য স্থাভেন অত্যুৎকৃষ্ট মংস্থ মমূহের আস্ফালন দ্বারা
চিত্রবং প্রতীয়মান, বহু বহু রত্নময় বিচিত্র তীর্থ (ঘাট) যুক্ত, এবং তাহাতে
আবার অত্যভূত সোপান (সিড়ী) সমূহ বিরাজমান আছে॥ ৭১॥

নানাবিধ আশ্চর্য্যকর স্থাশোভন পুষ্পমণ্ডিত বৃক্ষলতাদির কুঞ্জ সনিবেশ বশতঃ অতি মনোহর, পুলিনদেশে কর্পূর্বৎ উজ্জ্বল বালুকারাশি এবং তাহার স্থন্দর সৌরভ চতুর্দ্দিকে বিস্তৃত হইয়াছে। তীরে তীরে সচকিত অত্যুকৈঃ প্রসরৎ পরাগপটলং প্রোড্ডীয়মানদিজং
বাতোনাদ মিতস্ততোহতি মধুরোদারান্তরীয়োজ্জ্লম্।
যস্তা গাধমগাধমন্তরুদয়ৎ কুঞ্জান্তু সা রাধিকাকুঞ্চানন্দবিবর্দ্ধিনী বহুস্থং কুঞ্চা প্রপুফাতু বঃ।। ৭০।।
কূজন্তিঃ কলহংস সারসকুলৈঃ কারগুবৈ মণ্ডিতং
সংপ্রীণন্নব পুগুরীক নিকরামোদেন দিজ্জগুলম্।
কহলারোৎপল পঙ্কজাদিকবনে ভূজীভি রঙ্গীকৃতং
গীতং মত্ত মধুব্রতিঃ সহ মনাক্ কর্ণে জগন্মোহনম্॥৭৪॥
শ্রীমদ্রন্দাবনেহিন্মিন্ কতি কতি নু সরঃ সিন্ধু বাপীতড়াগা
রাধাকৃষ্ণান্ত রাগাঞ্জিত মধুরজ্লা দিব্য দিব্যা ন সন্তি।

মৃগীযৃথ ইতস্ততঃ প্রকাশ পাইতেছে; চারিদিকে দিব্য দিব্য কদম্ব চম্পক বনরাজির স্থগন্ধ বিস্তৃত হইতেছে।। ৭২॥

যাহার পুপারেণু সমূহ অত্যুচ্চ দেশ পর্যস্ত প্রদারিত হইতেছে, যাহাতে পক্ষিনিচয় উড্ডীয়মান হইতেছে, যাহা বায়ু দ্বারা ইতস্ততঃ সঞ্চাল্যমান হইয়া অতি মধুর উদার উজ্জ্বল অন্তরীয় (বসন) রূপে প্রতীয়-মান হইতেছে, এবং যাহার (কোথাও) পরিমিত ও (কোথায়ও বা) অপরিমিত জল মধ্যে (তীরস্থিত) কুঞ্জ সমূহ প্রতিভাত হইতেছে, সেই শ্রীরাধারুষ্ণের আনন্দ বিবর্দ্ধনকারিণী যমুনা বহু স্থুখদানে তোমাদিগকে পালন করুন॥৭৩॥

কৃজনপরায়ণ কলহংস, সারসকুল এবং কারগুবগণ কর্তৃ ক শোভিত, দশদিক্ নব পুগুরীক (শ্বেতপদ্ম) সমূহের সৌরভে সম্যক্ আমোদিত; কহলার, উৎপল, পঙ্কজাদির বনে ভ্রমরীগণ মন্ত মধুকর সমূহের সহিত মিলিত হইয়া কর্ণানন্দ (অস্পষ্ঠ অথচ মধুর) জগন্মোহন সঙ্গীত অঞ্চীকার (আলোচনা) করিতেছে॥৭৪॥

আশ্চর্যাঃ কেলি সারাঃ কতি কতি ন মণিস্বর্ণভূভূৎ কিশোরাঃ
পোজ্জ্ স্তন্তে ন ভাসঃ ক্ষিতিষু কতি মহামোদ মেদস্বিনীষু । ৭৫।।
প্রেমান্ধং পশুপক্ষি ভূরুহ লতা কুঞ্জাদি সৎকন্দর।
বাপী কৃপ তড়াগ সিন্ধু সরসী-রত্নস্থলী বেদিভিঃ ।
কালিন্দ্যাঃ পুলিনেন তৎস্থ সকলেনাশেষ বৃন্দাবনং
রাধামাধব-রূপ মোহিত্মহং ধ্যায়ামি সচ্চিদ্যনম্ । 19৬।।
অভ্যঙ্গং বসনান্তরা প্যভিষবং কিঞ্চিচ্চ তীর্থক্রিয়া
সংভূক্তিং বরগন্ধমাল্য বিলস্তান্থল পূর্ণ গ্রহম্ ।
সঙ্গীতান্তবং সহৈব শ্যুনং শ্যামেন সন্ধাহনং
শ্রীস্থ্যা পদয়োঃ স্মর ব্রজবধূত্রংসম্ভ বৃন্দাবনে ॥৭৭॥

এই শ্রীরন্দাবনে শ্রীরাধারুক্ষের অঙ্গরাগে রঞ্জিত মধুর জল পূর্ণ কত কত না দিব্য দিব্য সরোবর, সিন্ধু, বাপী (কুপ) ও তড়াগ (পুন্ধরিণী) রহিয়াছে? কত কত না আশ্চর্যাজনক কেলিসার (বিলাসোপযোগী) মণিময় ও স্বর্ণময় ক্ষুদ্র ক্ষুদ্র পর্বতরাজি প্রকাশ পাইতেছে? এই মহামোদ রূপ মেদস্বিনী (বাহাতে আমোদই হইয়াছে একমাত্র মেদ রূপ) ভূভাগ-সমূহে কত কত না জ্যোতিরাশি ইতস্ততঃ বিকীরণ হইতেছে॥৭৫॥

পশু পক্ষী বৃক্ষলতা কুঞ্জাদি কন্দরা বাপী কূপ তড়াগ সিন্ধু সরোবর এবং রত্নস্থলী বেদীর সহিত কালিন্দী পুলিন ও তত্রত্য সকলের সহিত বিরাজমান—শ্রীরাধামাধবের রূপে মোহিত, প্রেমে অন্ধ, সচিদঘন সমগ্র বৃন্দাবনকেই ধ্যান করিতেছি॥৭৬॥

তৈলাদি মর্দন, বস্ত্র ব্যতিরেকে স্নান, তীর্থক্রিয়াদি, ভোজন, উত্তম গন্ধমাল্যাদি ও মধুর তাম্বূল বীটিকাদির গ্রহণ, সঙ্গীতানুভব ও খ্রামচন্দ্রের সহিত একত্র শয়ন, এবং ব্রজবধূ শিরোমণি শ্রীরাধার চরণ-যুগলের শ্রীস্থী-কর্তৃক সেবা প্রভৃতি বৃন্দাবনীয় লীলার স্মরণ কর ॥৭৭॥ মোহিন্সামপি নাস্তি মেহভুত মতিঃ কা পার্বতী কোর্বনী কাবাহন্যা বরবর্ণিনী রতিযুতা যচেটিকাঙ্গ চ্ছটাম্। একামপ্যমুপশ্যতো হৃদি মহাসম্মোহন শ্যামল-স্বাস্তাত্যন্ত বিমোহিনী স্কুরতু মে বৃন্দাবনাধীশ্বরী ॥৭৮॥ শ্রীরাধা চরণচ্ছটামুধিঘনং তদ্ভক্তিভাবোদয়-দ্রোমাঞ্চং তত এব শিক্ষিত মভিব্যঞ্জৎ স্থাস্পতিকম্। চিত্রং তৎ প্রিয়তৎ-প্রসাদ বসনালঙ্কার হার শ্রুজং শ্রীবৃন্দাবিপিনে কদা ব্যুভবাম্যাত্মেষ্টতত্ত্বং বরম্॥৭৯॥ শ্রিশ্ব স্থাবি স্থাবন প্রতি পদাশ্চর্য্যাঙ্গ ভঙ্গী শতম্।

যাহার চেটিকার (দাসীর) একটা মাত্র অঙ্গছটো নিরীক্ষণ করিয়া পার্বতী, উর্বাদী বা অন্ত কোনও রতিমতী বরাঙ্গনা দূরে থাকুন,—স্বয়ং মোহিনীতেও আমার অভূত মতি হয় না, মহা সম্মোহন শ্রামস্করের মনোমোহকারিণী সেই বুন্দাবনাধীশ্বরী আমার হৃদয়ে স্ফুরিত হউন ॥৭৮॥

শ্রীরাধা চরণ কান্তি সমুদ্র ঘন, তন্তক্তি ভাবোদয় হেতু রোমাঞ্চিত দেহ, তাঁহার নিকট হইতেই স্থসঙ্গীত শিক্ষা করিয়া তাহার (সঙ্গীত বিভার) প্রকটনকারী, তাঁহার প্রিয়তম খ্যামস্থনরের ও তাঁহার (শ্রীরাধার) প্রসাদ, বসন, অলঙ্কার, হার ও মালাধারণকারী (অথবা—তাঁহার বিচিত্র প্রসাদীকৃত বসন, অলঙ্কার হার ও মালাদি-প্রিয়) আমার ইপ্ত শ্রেষ্ঠ তত্ত্ব বস্তু কবে এই শ্রীরুন্ধাবনে অক্তর্ব করিব ? ৭৯॥

স্নিগ্ধ স্বর্ণ গৌরকান্তিযুক্ত স্থন্দর দেহ বিশিষ্ট, লাবণ্যবণ্যার সহিত অন্বয়ী ভাব প্রাপ্ত (মুর্তিমতী লাবণ্যবণ্যা,) নৃতন যৌবনের প্রতি পদেই আশ্চর্য্যকর শত শত অঙ্গভঙ্গী প্রকাশনশীল, শ্রামচক্রের নবানুরাগাতিশয্য শ্যামেন্দু প্রথমানুরাগ বহলোম্মীভি র্মহান্দোলিতং শ্রীবৃন্দাবন কুঞ্জবীথিষু কদা দিব্যং তদীক্ষে মহঃ ॥৮০॥ একং বীক্ষ্য জিত্রেতি যক্ত কবরী মন্তন্মুখং মোহনং কিঞ্চিদ্ বক্ষসিজো দৃশো কিমপি যদন্তাহধরং কিঞ্চন । কিঞ্চিদ্ যদ্যুতি মঞ্জরী রিতি মহাশ্চর্যাং নিকুঞ্জোদরে শ্যামোরঃ স্থল ভূষণং স্ফুরতি মে তদ্ধেম গোরং মহঃ ॥৮১॥ ব্যঞ্জৎ কৈশোরমঙ্গং কনকরুচি নবানঙ্গ ভঙ্গী তরঙ্গং নিত্যাশ্চর্য্যিক শোভা প্রসরমতি মহা প্রেম বৈবশ্য মুশ্বম্ । দিব্য স্রগ্রস্তুষাত্তহহ স্থভগয়ৎ স্বীয় লক্ষ্যা দধত্তৎ চিত্রীভূতালিবৃন্দং মিলতু নিজ্পনং ধাম বৃন্দাবনান্তঃ ॥৮২॥

রূপ তরঙ্গ সমূহ দ্বারা মহান্দোলিত চিত্ত—সেই (প্রাসিদ্ধ) দিব্য জ্যোতির্ম্ম বস্তু (শ্রীরাধাকে) কবে শ্রীবৃন্দাবনের কুঞ্জ পথে পথে নিরীক্ষণ করিব ? ৮০॥

যাঁহার (খ্রামের) কেশ বিভাস দেখিয়া একজন (শ্রীরাধা) লজ্জা পাইতেছেন—আবার অভ্যজন (শ্রীহরি) অপর জনের (শ্রীরাধার) মোহন বদন দেখিয়া লজ্জিত হইতেছেন—এইভাবে একজনের স্তন যুগল, অপরের নয়ন যুগল, একজনের দন্তরাজি ও ওঠ এবং অপরের কান্তি মঞ্জরী সমূহ (দর্শনে পরস্পরের লজ্জা হইতেছে) এবংবিধ নিকুঞ্জ মধ্যে শ্রীশ্রামস্থনরের বক্ষোদেশস্থ ভূষণ স্বরূপা হেম-গোরী (শ্রীরাধা) আমার চিত্তে স্ফুর্তি প্রাপ্ত হউন ॥৮১॥

যাঁহার অঙ্গ—ব্যক্তকৈশোর, স্বর্ণপ্রভ, নব কাম ভঙ্গীর চাঞ্চল্য বিশিষ্ট, নিতাই আশ্চর্য্য শোভা বৃদ্ধিকারক, এবং অতি মহাপ্রেমবৈবশ্য বশতঃ মনোহর—অহো! যিনি স্বীয় শোভা দ্বারাই দিব্য মাল্য বস্ত্র ভূষণাদিকে অশেষ সৌভাগ্যমণ্ডিত করিয়াছেন, এবং স্থীগণকেও চিত্রাপিতবং করিয়াছেন, সেই আমার নিজের ধন (সর্কস্ব) শ্রীরাধা আমার দর্শন পথে আস্থন—এই প্রার্থনা ॥৮২॥ নব রসিক কিশোরে নৃতন প্রেম পূরে

নব রসময় রন্দারণ্য বীথি বিহারে।

নব নব পুরু শোভা মাধুরীণাং ধুরীণে

কণক মরকতাভে জ্যোতিষী মে হৃদি স্তাম্ ॥৮৩॥

বহু বিরচিত বেশসোরুদেশে নিবেশ্য

স্ফুট পুলক মজস্রং চুম্বতঃ শ্লিয়তশ্চ।

নমু কথমপি তল্লে অস্যতোহঙ্গং প্রিয়ায়াঃ

পরিচর চরণাক্তং রাধিকা নাগরস্য ॥৮৪॥

বততি ভবন মধ্যে গন্ধ তাম্বূল মাল্যৈরতি মৃত্ল বিলেপেঃ সাধু সংবীজনেন।

তদতি মদন মুধ্বং ধামঘুগ্যং কিশোরং

পরিচর হৃদি গৌরশ্যামলং দাস্ত লাস্তঃ ॥ ৮৫।।

কৈশোরাদ্ধত রূপ ভঙ্গি মধুরৈ রক্তৈ রনঙ্গাত্মকং কুর্ববদ্ বিশ্বমতি প্রমুগ্ধ মুরলী বক্তেন নিত্যাদ্ধৃতম্।

নব প্রেম প্রবাহ বিস্তারকারী, নব রসময় বৃদ্দাবন পথ বিহারী, নব নবায়মান বহুল আশ্চর্য্য শোভা মাধুর্য্য রাশিধারী, স্বর্ণমরকত প্রভা বিশিষ্ট জ্যোতির্ময় নব রসিক যুগলকিশোর আমার হৃদয়ে অবস্থান করুন ॥৮৩॥

বহুবিধ বেশ ধারণকারী শ্রীরাধা-নাগর প্রিয়াকে কোনও প্রকারে শয্যায় শয়ন করাইয়া উরুদেশে স্থাপন করিয়া পুলকাঞ্চিত বিগ্রহে অজস্ত্র চুম্বন ও আলিঙ্গন করিতেছেন—তাঁহার পাদপদ্ম পরিচর্য্যা কর ॥৮৪॥

লতাগৃহ মধ্যে (বিরাজিত) অতিশয় কামমুয় গৌর-খ্যামবর্ণ য়ুগল-কিশোরকে গন্ধ, তান্ধূল মাল্য প্রভৃতির অর্পণে, অতি মৃত্ল বিলেপনাদি দ্বারা ও উত্তম ব্যজনান্দোলন দ্বারা দাস্থ রসাবিষ্ট হৃদয়ে পরিচর্য্যা কর॥ ৮৫

হে মন! যে ধাম কৈশোরের অদ্তুত রূপ ভঙ্গী মাধুর্য্য মণ্ডিত অতিশয় মনোহর মুরলী বদন (খ্যামস্থলর) দ্বারা বিশ্বকে নিতাই অদ্তুত 1

সিঞ্চৎ কোমল কাঞ্চন দ্রবরুচাং বীচীভি রাশা দশ
প্রেম্যোৎ কণ্ঠাভরেণ তন্তজ মনঃ শ্রীধাম বৃন্দাবনম্ ॥ ৮৬॥
তারং বৃহদধীশ্বরো নগণিতাহবতারোহপ্যসৌ
শ্রিতো যতুপুরীময়ং মধুপুরীঞ্চ দিব্যাকৃতিঃ।
ত্রজে চ মধুরাপুরী-বন বরে ন গো-গোপিকাত্রুন্তি বহরন্মনো মম তু রাধিকা-কুঞ্জগঃ॥ ৮৭॥
কামাত্ম ভেল্লাভিরেকং স্থবিমল বিমলং প্রোজ্জ্লপ্রোজ্জ্লং যন্
মাধুর্য্যা পার সিন্ধোরপি মধুরতরং মাদকং মাদকানাম্।
পারাবারাতিশৃত্যং সকল স্থুখ চমৎকার বিস্মারকং তন্
মধ্যে বৃন্দাবনং তদ্ব্রততি গৃহগতো পশ্য মুর্ম্মে কিশোরো ॥৮৮॥

কামাত্মক করিতেছেন, যে ধাম (শ্রীরাধার) কোমল তপ্ত স্বর্ণকান্তি তরঙ্গ দারা দশদিক অভিষিক্ত করিতেছেন—প্রেমোৎকণ্ঠাভরে সেই শ্রীধাম বুন্দাবনেরই ভজন কর॥ ৮৬॥

ইনি (প্রীর্ন্দাবনচন্দ্র) অগণিত-অবতারের অবতারী মহাধীশ্বই হউন, অথবা দিব্যমূর্ত্তি ধারণ করিয়া যত্বপুরী (দারকা) বা মধুপুরী (মথুরা) আশ্রয় করুন, আমার তাহাতে মন হরণ হয় না; আর মথুরা পুরীর শ্রেষ্ঠ বন ব্রজেও যখন গো, গোপিকা ও বয়স্থাণ বেষ্টিত থাকেন তখনও আমার তত আনন্দ হয় না; কিন্তু ইনি যখন শ্রীরাধাকুঞ্জগ (শ্রীরাধাকুঞ্জ গমনশীল) হন, তখনই আমার মনোহর হইয়া থাকে ॥৮৭॥

শ্রীবৃদাবন—একমাত্র কামাত্মক জ্যোতিরই প্রকাশনীল, স্থবিমল হইতেও অতি স্থবিমল, প্রোজ্জল হইতেও প্রোজ্জলতর, মাধুর্য্যের অপার সমুদ্র হইতেও মধুরতর, মাদকতারও মত্ততাবিধায়ক, পারাবার বিহীন, সকল স্থথ চমৎকারিত্ব বিশ্বরণকারী। ঐশুলের লতাগৃহে উপনীত পরম মনোহর যুগলকিশোরকে দর্শন কর॥ ৮৮॥

শ্রীরন্দাবন-মহিমামূতম্

মধুর মধুর পূর্ণ প্রেমপীযূষ সিন্ধো
র্ঘনিদ মতিরম্যং ভাতি বৃন্দাবনাখ্যম্।
তদধি ললিত গৌরশ্যাম ধাম স্মরামঃ
স্মর-বিবশ কিশোর ঘল্মনানন কন্দম্।।৮৯।।
আত্মধরী পরম গূঢ় তরেন্দিতজ্ঞং
তত্তৎ প্রিয় প্রণয় লৌল্যভর স্বভারম্।
স্বাত্মিক পক্ষ বচনা চরণ প্রবীণং
বৃন্দাবনে স্মর নিজং স্মর খেলতত্ত্ম্।।৯০।।
উৎফুল্ল ক্রমবল্লি মঞুলতরং শিঞ্জৎ ষড়জ্মি-জ্বলন্
নানা রক্রময় স্থলী ততি লসচ্ছ্রী পুঞ্জ কুঞ্জাবলি।
নৃত্যন্মত্ত ময়ূর বৃন্দমভিতঃ পক্ষীন্দ্র-কোলাহলং
রাধাকৃষ্ণ বিহার কৌতুকময়ং ধ্যায়ামি বৃন্দাবনম্॥৯১॥

ধাকৃষ্ণ বিহার কৌতুকময়ং ধ্যায়ামি বৃন্দাবনম্ ॥৯১ তৎ কালিন্দী বিপুল পুলিনং সা চ বৃন্দাবন শ্রীঃ সা স্তুচ্ছায়া নিবিড় নিবিড়া শ্রীকদম্ব ক্রুমাণাম্।

মধুর হইতেও স্থমধুর, পূর্ণ প্রেমামৃত সমুদ্রের ঘনীভূত অতি রমণীয় (বস্তু স্থরূপে) এই প্রীরুন্দাবনাখ্য ধাম প্রতিভাত হইতেছে। তন্মধ্যে কাম-বিবশ, আনন্দকন্দ (বীজ) স্থললিত গৌরগ্রামাঙ্গ যুগলিকশোরকে আমর স্থারণ করিতেছি॥ ৮৯॥

শীর্দাবনে প্রাণেশ্রীর পরম নিগৃত্তর ইঙ্গিভজ, প্রিয়তমযুগলের সেই সেই প্রণয় চাঞ্চল্যময় স্বভাব বিশিষ্ট নিজ পক্ষের (যুথের) বচনের অনুকূল আচরণ কুশল, নিজ কাম খেলাপর তত্ত্ব (স্বরূপকে) স্মরণ কর॥১০

প্রস্টিত বৃক্ষলতার শোভায় মঞ্জলতর, গুঞ্জনকারী ভ্রমরগণ সংব্যাপ্ত, জাজল্যমান নানা রত্নময় স্থলী সমূহ ভূষিত, নানা সৌন্দর্য্যুক্ত কুঞ্জ সমূহ দ্বারা মণ্ডিত—নৃত্যপরায়ণ মত ময়ুরগণ কতৃ ক ইতস্ততঃ সঞ্চাল্যমান, বিহগরাজগণ কতৃ ক কোলাহল মুখরিত এবং শ্রীরাধাক্ষকের অশেষ বিহার কৌতুক দ্বারা পরিপূর্ণ—শ্রীরুন্ধাবনের ধ্যান করিতেছি ॥১১॥

সা বৈদ্ধীময় নববয়ঃ শ্রীসখীমগুলী তে
গোরশ্যামে রসিকমহসী কস্তা নো মোহনায় ॥৯২॥
প্রভাঙ্গং দিব্য বাসঃ প্রসরতি মধুরাশ্চাতি নির্ভান্তি ভাসঃ
প্রেম্মো নানা বিকারাঃ প্রতিপদমধিকো মাধুরীণাং প্রবাহঃ।
সৌন্দর্য্যাম্ভোধি ভূমা নিরবধি রাত বর্দ্ধিয়্রু কন্দর্প লোল্যং
বৃন্দারণ্যেশয়োর্যে হৃদি দধতি পদং তামমো ভূরিভাগান্ ॥৯৩॥
গৌরশ্যাম স্থনাগর দিব্য কিশোরদ্বয়ং সদা যত্র।
নব নব কেলি বিলাসে বিহরতি বৃন্দাবনং তদেব ভজ ॥৯৪॥
বৃন্দাবনমিব বৃন্দাবন মতি মধুরং তদেব বন্দেহহম্।
রাধাকৃষ্ণাবির তো রাধাকৃষ্ণো সদা রতো যত্র ॥৯৫॥

সেই কালিন্দীর বিপুল পুলিন—সেই বৃন্দাবন শোভা, সেই সুন্দর
কদম বৃক্ষ সমূহের ঘন ঘন সুণীতল ছায়া—সেই বৈদগ্দীময় নববয়ঃ শোভাযুক্ত স্থীমণ্ডলী, এবং সেই গোর শ্রাম রসিক বিগ্রহযুগল কাহার না
মোহ জন্মাইয়া থাকেন ? ১২॥

প্রতি অঙ্গে দিব্য স্থগন্ধি বিস্তার হইতেছে—অতি মধুর প্রভা রাশি প্রকাশ পাইতেছে—প্রতি পদেই প্রেমের নানা বিকার ও মাধুরী প্রবাহ অতিশয় বৃদ্ধি পাইতেছে—সৌন্দর্য্য সমুদ্রের পরাকাষ্ঠা ও নিরন্তর রতি বর্দ্ধনশীল কন্দর্পচাঞ্চল্য প্রকট হইতেছে। যাহারা এই বৃন্দাবনাধীশ যুগলের পদকমল হৃদয়ে ধারণ করিয়াছেন—সেই মহাভাগ্যবান্ ব্যক্তিগণকে নুমস্কার করি॥৯৩॥

যে স্থানে গৌরশ্রাম স্থনাগর দিব্য যুগলকিশোর সর্বাদা নব নব কেলি বিলাসাদি সম্পাদন করিয়া বিহার করিতেছেন—সেই বুন্দাবনেরই ভেজন কর॥১৪॥

যে স্থানে শ্রীরাধার্কফেরই মত (অতুলনীয়) শ্রীরাধার্ক সর্বাদা রমণ করিতেছেন (অথবা আসক্তচিত্ত হইয়া বিরাজ করিতেছেন,) সেই অতি মধুর শ্রীর্ন্দাবনেরই মত শ্রীর্ন্দাবনকে আমি বন্দনা করি॥৯৫॥ জ্যোতিঃ কিঞ্চন জাজলীতি প্রমং মায়াগুণেভ্যঃ প্রং সান্দ্রানন্দ মনন্ত পার মমলং বিল্পা রহস্তং মহৎ। আল্ল প্রেম রসাত্ম তত্র স্কুচমৎকারাং মহামাধুরী-ধারাং বিভ্রুদোত ধাম পরম ভ্রাজিফু বৃন্দাবনম্॥৯৬॥ তত্রাশ্চর্য্যফল প্রসূনভরিতে রাশ্চ্যর্য খেলং খগ-ব্রাতানাং পরিতো মহাকলকলৈঃ কর্ণামূতোঘোপমেঃ। মাধ্বীমত্ত মধুব্রতাহহবলি কল্প্রানৈ র্মনোহারিভি-দিব্যানেকলতা মহীক্রহগণেঃ কৃষ্ণপ্রিয়ে র্মণ্ডিতে*॥৯৭॥ শ্রীকৃষ্ণপ্রিয় দিব্য গন্ধ তুলসা ভেদে রনস্তৈ স্তথা সন্তানৈ ইরিচন্দনৈ রগণিতেঃ কল্প দ্রুমাণাং বনৈঃ। দিব্যানেক স্থপারিজাত বিপিনৈ র্মন্দার ব্রন্দ রিপ ভ্রাজিফ্রে হরিবল্লভেশ্চ বহুশো নীপ্রঃ ক্দন্বৈ র্ তে॥৯৮॥

মায়াগুণ (সত্ত্ব, রজঃ, তমঃ) ত্রয়ের ওপারে কোনও (অনির্বাচনীয়) পরম (ব্রন্ধ) জ্যোতিঃ জাজলামান হইতেছে, তাহা গাঢ়ানন্দাত্মক, অনন্তপার, অমল, বিতা রহস্ত পূর্ণ এবং মহৎ। তত্বপরি আত্তপ্রেম রসাত্মক (শৃঙ্গাররস বহুল) স্কুচমৎকারজনক মহামাধুরী রাশির সহিত পরম দীপ্তিযুক্ত শ্রীধাম বুন্দাবনই উদিত হইতেছেন ॥৯৬॥

সেই স্থল আশ্চর্য্য ফল পুষ্প পূর্ণ, চতুদ্দিকে আশ্চর্য্য খেলনমন্ত পক্ষিগণের কর্ণামৃত্রাশিদায়ক মহা কলকল ধ্বনি মুখরিত, মধুপানোমত্ত ভ্রমরগণের মনোহারী অব্যক্ত মধুর ধ্বনিযুক্ত, শ্রীকৃষ্ণপ্রেয় দিব্য দিব্য অনেক বৃক্ষ লতা প্রভৃতি দারা সংশোধিত ॥৯৭॥

অনন্ত আকৃষ্ণপ্রিয় দিব্য গন্ধ নানাবিধ তুলসীবৃক্ষ—অগণিত সন্তান, হরিচন্দন ও কল্পবৃক্ষ বন সমূহ—দিব্য দিব্য অনেক স্থন্দর পারিজাত কানন ও মন্দার বৃক্ষসমূহ দ্বারা শোভিত—শ্রীহরিবল্লভ নীপ কদম্ব প্রভৃতি বৃক্ষগণ মণ্ডিত—॥৯৮॥

 ^{*} এই তৃতীয় শতকের ১৭ শ্লোক হইতে ৪র্থ শতকের ১৭ শ্লোক
 পর্যান্ত কুলক।

তত্তৎ কাঞ্চন হৈর মারকতল-সদ্বৈদূর্য্য বর্য্যস্থলীরঙ্গে মত্ত শিখণ্ডি মণ্ডল মহানন্দ স্কুরন্তাণ্ডবে।
নানা চিত্র মৃগীগণৈঃ সচকিতা লোকেন চেতোহরৈঃ
শোভাং বিভ্রাত সর্বতঃ প্রস্মরানক্তছটা সৌরভে ॥৯৯॥
কহলারোৎপল পুগুরীক কুমুদাছাশ্চর্য্য পুপাশ্রিয়া
মাছচ্চিত্র বিহঙ্গ যূথ রচিতা ত্যানন্দ কোলাইলৈঃ।
দিব্যানেক সরিৎ সরোভি রসক্চ্ছ্রীরাধিকা কৃষ্ণযোরাশ্চর্য্যিঃ কলকেলিভিঃ স্কুমধুরে তৎ প্রেমসারাত্মভিঃ।।১০০।।
জাতীকানন যূথিকা বন নব প্রোৎকুল্ল মল্লীবনৈর্বাসন্তী নব কেতকী বন নব প্রীমালতী কাননৈঃ।
যাবন্তা। বন ঝিণ্টিকা নব লসচেহ্ন্ফালিকা কাননৈকুন্মীলন্নব মালিকা নব বনৈঃ স্কুম্বর্ণ যূথা বনৈঃ।।১০১।।
পূল্লাগৈঃ করবীরকৈ র্মক্রবৈকঃ সৎকর্ণিকার্ত্রেলসৎ
কুক্তঃ কুন্দবনৈ রশোক বকুলৈ ভূ চম্পিকৈ শ্চম্পিকঃ।

সেই সেই স্বর্ণ, হীরক, ইক্রকান্ত প্রভৃতি থচিত বৈদূর্য্য মণি নিশ্নিত স্থানর স্থানর রঙ্গমঞ্চ—মত্ত ময়ূর সমূহের মহানন্দজনক তাওবনৃত্য—
চিত্তহারী নানা বিচিত্র মূগীগণের সচকিত দৃষ্টিপাত—সর্বাদিকে বিস্তৃত অনন্ত স্থান্ধি দ্বোর শোভাযুক্ত—॥৯৯॥

কহলার, উৎপল, পুগুরীক, কুমুদ প্রভৃতি আশ্চর্য্য আশ্চর্য্য পুষ্প শোভায় মত্ত বিচিত্র বিহঙ্গম সমূহের আনন্দ কোলাহল ধ্বনি মুখরিত—
দিব্য দিব্য নদী সরোবরাদি বহুল, এবং শ্রীরাধাক্তক্ষের প্রেমসারাত্মক বহু আশ্চর্য্য অব্যক্ত রসময় কেলি বিলাসাদি দারা স্থমধুর—॥১০০॥

জাতীকানন, যথিকাবন, নব প্রস্ফুটিত মল্লিকাবনাদি—বাসস্তীবন, নব কেতকীবন, নব সৌন্দর্য্য পূর্ণ মালতীকানন সমূহ, যাবস্ত্যাবন, ঝিণ্টীবন, নৃতন শোভমান শেফালিকা কানন—বিকাশোনুখ নব মালিকার নব বন, স্থুনর স্বর্ণযুথিকার বনাদি দ্বারা সংশোভিত—॥ ১০১॥

অমানেঃ স্থল পদ্ধজৈ দ্মনকৈ দিব্যৈঃ শিরীষক্রান্থিঃ
সর্বর্তনু প্রবিকাশিভি ন'ব নবামোদৈ মনোহারিণি।।১০২।।
কহলারোৎপল পদ্ম কৈরবমুখাহ সংখ্য প্রসূনৈঃ স্ফুট্টঃ
হংসৈঃ সারস চক্রবাক মিথুনৈঃ কারগুবাজঃ খগৈঃ।
অত্যানন্দ মদোরু খেলন কলধ্বানৈ মহারম্যয়া
ভূঙ্গীযূথশতৈ ভ্রমন্তি রভিতো গুপ্পন্তি রামপ্তুলে।।১০৩।
আশ্চর্য্যে ইরিরাধিকা বিহরণৈঃ কন্দর্প দর্পোদ্ধুরৈঃ
শুদ্ধ শ্যাম রস প্রবাহ লহরী বিস্ফুর্জ্জ দাবর্ত্তয়া।
পীযূষাধিক মাধুরী ভর ধুরীণা স্বাল্য শীতাস্তমা
কালিন্দ্যা বর রত্ন বদ্ধ তটয়া ক্রোড়ীকৃতে দিব্যয়া।।১০৪।।
আশ্চর্যে মণি পর্ববৈত রতি মহাশোভাচ্য সৎ কন্দরৈশিচজ্জ্যোৎস্লামৃত নিঝ'রৈঃ কনক রত্নাস্তঃ সরিচ্ছোভিতিঃ।

পুনাগ, করবীর, মরুবক, স্থুন্দর কণিকার, মনোহর কুজ (পুষ্পা বুক্ষ বিশেষ,) কুন্দবন, অশোক, বকুল, ভূমিচম্পক, চম্পক, অমান স্থলপদ্ম, দমনক, দিব্য দিব্য শিরীষ বুক্ষ প্রভৃতি সর্ব্ব ঋতুতে বিকাশশীল নব নব গন্ধযুক্ত পুষ্পা বুক্ষরাজি দারা মনোহারী—॥১০২॥

কহলার, উৎপল, পদ্ম, কৈরব প্রমুখ অসংখ্য প্রফুটিত পুষ্পের গন্ধে এবং হংস, যুগলিত সারস চক্রবাক প্রভৃতি ও কারগুবাদি পক্ষি নিচয়ের অতি আনন্দ মদ হেতু বহু বহু খেলাজনিত কলকল ধ্বনিতে মহারমণীয়। ইতস্ততঃ সঞ্চরমান ভ্রমরীগণের শত শত যুথের গুঞ্জন দ্বারা সম্যক মঞ্জুল—

প্রাধার্কষ্ণের আশ্চর্যাজনক কাম দর্পময় বিবিধ বিহার বারা সংব্যাপ্ত; বিশুদ্ধ গ্রামরস (শৃঙ্গার) প্রবাহ তরঙ্গযুক্ত আবর্ত্ত (ঘূর্ণা) বহুলা, অমৃত হইতেও অধিকতর মাধুর্যাময় অতি উৎরুষ্ট আস্বাছ্য শীতল জল পূর্ণা, শ্রেষ্ঠ প্রেষ্ঠ রত্ন সমূহ বারা থচিত তট বিশিষ্টা ও দিব্যা প্রীকালিন্দী কর্ত্ত্রক ক্রোড়ীরুত—(এই বুন্দাবনে · · · · ৷৷ ১০৩-১০৪॥

প্রত্যগ্রাদ্ধৃত বল্লি মন্তপবরৈ রাশ্চর্য্য রত্ন ক্রেমে
নানা রত্নময় স্ফুরৎ খগমুগৈ রন্সাদ্ধৃতিঃ শোভিতে ॥১০৫॥
উন্মাল ততুপত্যকোদিত রহো বল্লীগৃহৈ ভূ ষিতে
ভাজন্মোহন পুষ্পবাটিক উরু শ্রীমৎ স্থলী চিত্রিতে।
প্রোন্মাল দ্রসপুঞ্জ রঞ্জিত মহা কুঞ্জাবলী মঞ্জুলে
শ্রীশ্যামেন সহালি তদ্দগ্রিতয়া ক্রিপ্তে চ দিব্যে বনে ॥১০৬॥
নানা দিব্য বিচিত্র বর্ণ তন্মুভি দিব্যাঙ্গরাগস্রাগ্রাণ্যন্দ কল্লৈ দিব্য কিশোর মোহন বয়ঃ শোভা চমৎকারিভিঃ।
দিব্যানেক কলাতি কৌশল কূতা নলৈনিজ প্রেয়সোঃ
প্রেমান্তিঃ পরিমণ্ডিতেহতিললিতে রাধাসখী মণ্ডলৈঃ॥১০৭॥

আশ্চর্য্য মণিময় পর্বতরাজি, তাহাতে আবার অতি মহা শোভাপূর্ণ গহবর, চিজ্জোৎসার অমৃত নিঝ র এবং স্বর্ণরত্বময় জলমুক্ত নদী সমূহ দ্বারা সংশোভিত—নৃতন অভুত লতাগৃহাবলি, আশ্চর্য্য রত্ন বৃক্ষ সমূহ, নানা রত্নময় খগমৃগ সংব্যাপ্ত এবং এবম্বিধ অন্তান্ত অভুত বস্তু নিচয় দ্বারা শোভিত…॥ ১০৫॥

তাহাতে প্রকাশ্রমান উপত্যকা স্থিত নির্জন লতাগৃহ সমূহ দ্বারা ভূষিত; দীপ্রিশীল মোহন পূজ্পবাটিকারাজি দ্বারা ও বহু শোভা পূর্ণ স্থান সমূহ দ্বারা বিচিত্রিত; উদীয়মান রস সমূহ দ্বারা রঞ্জিত মহাকুঞ্জাবলি কর্তৃক মঞ্জুল (মনোহর;) সখীগণ সহ শ্রীশ্রামস্থলর ও তাঁহার দয়িতা শ্রীরাধা কর্তৃক উপকল্পিত (অঙ্গীকৃত) এই দিব্য বনে----। ১০৬॥

নানা দিব্য বিচিত্র বর্ণ দেহ, দিব্য অঙ্গরাগ, মাল্য বেশাদি দ্বারা,—
দিব্য কিশোর মোহন বয়সের শোভা চমৎকারাদি দ্বারা,—দিব্য নানা কলার (বিতার) অতি কৌশলজনিত আনন্দ দ্বারা,—নিজ প্রিয়তমযুগলের প্রেমে অন্ধ শ্রীরাধা স্থীমণ্ডলী কর্তৃক পরিশোভিত, অতি ললিত…॥১০৭॥

চারুশোণিভরৈ র্বলিত্রয় বলৎ ক্ষামোদরৈ র্মোহনাকার শ্রীস্তন্যুগ্ম কঞ্চলসন্মুক্তাবলী মণ্ডিতৈঃ।
তাটক্ষ ত্যুতিদীপ্তগণ্ড মুকুরৈঃ শ্রীনাসিকাগ্র স্ফুরদ্রুত্র স্বর্ণ নিবদ্ধ মোক্তিক বরৈঃ কান্ত্যা জগন্মোহনৈঃ।।১০৮।
প্রেষ্ঠ দ্বন্দ মহাপ্রসাদ বসনাহহকল্পশ্রুত্রভালস্তপ্ত স্বর্ণ স্থগোরমোহন তন্ম জ্জ্যোতি র্জগৎ পুরকৈঃ।
রাধাকৃষ্ণ পদারবিন্দ পরম প্রেমক জীবাতুভিস্তত্তিদ্ব্য নিজাধিকার কলয়া প্রাণদ্বয় প্রীণনৈঃ।।১০৯।।

ইতি প্রাবৃন্দাবনমহিমামৃতে প্রাপ্রবোধানন্দসরস্থতী বিরচিতে তৃতীয়ং শতকম্

সেই স্থীগণেরও আবার শ্রোণী (কটিদেশ) অতি স্থচারু, বলিত্র
যুক্ত ক্ষীণ উদর, মোহনাকার স্থলর স্তন্যুগলের উপরের কঞ্চকে (কাঁচুলিতে)

মুক্তাবলির শোভা প্রতিফলিত; তাটক্ষের দীপ্তিতে তাঁহাদের গণ্ডদেশ

উদ্দীপ্ত—স্থলর নাসাগ্রভাগে রত্ন স্থর্ণ নিবদ্ধ মুক্তাবর স্ফুর্ত্তি প্রাপ্ত হইতেছে,

এবা তাঁহদের কান্তি জগনোহন করিতেছে॥ ১০৮॥

তাঁহারা প্রিয়তম যুগলের মহাপ্রসাদ, বস্ত্র, বেশ, মাল্যাদি ধারণ করিয়া উজ্জ্বল হইয়াছেন—তপ্ত স্থ্রনর্বিৎ স্থগৌর মোহন দেহ কান্তিতে জগৎপূর্ণ করিতেছেন—শ্রীরাধারুক্ষ পদারবিন্দে পরম প্রেমই তাঁহাদের একমাত্র জীবাতু (জীবনৌষধি) এবং সেই সেই নিজ অধিরুত কলাবিতা দারা প্রাণপ্রিয়তম দ্বাকে প্রীত করিতেছেন॥ ১০ন॥

শ্রীপ্রবোধানন্দ সরস্বতী বিরচিত শ্রীবৃন্দাবন-মহিমামৃতের তৃতীয় শতক

ओओलीड़ीय-लीतव अइ ७ छ

51	শ্রীগোড়ীয় বৈষ্ণব অভিধান	801	221	সঙ্গী তমাধব	245
	৪ খণ্ডে সম্পূর্ণ				
21	শ্রীগোড়ীয় বৈষ্ণব সাহিত্য	E	२७।	মুরারিগুপ্তের করচা	910
01	শ্রীগোড়ীয় বৈষ্ণব জীবন	97	281	ব্ৰহ্মসংহিতা (স্টীক)	3.
81	ঐ (২য় খণ্ড)	4	201	প্রেয়োভক্তিরসার্ণব	210
e 1	শ্রীগোড়ীয় বৈষ্ণব তীর্থ		२७।	<u> প্রিক্তামচন্দ্রে</u>	2110
81	আশ্চর্যরাসপ্রবন্ধ	210	291	শ্রীকৃষ্ণ ভক্তির সকদম্ব	20
91	ত্রীরাধাকৃষ্ণার্চ্চনদীপিক।	31	२৮।	শ্ৰীগোবিন্দ লীলামূত (মূল	1) 0
71	ধাতুসংগ্ৰহ	10		1	
51	শ্রীহুরত কথামৃত	3	165	জীগোবিন্দবল্লভনাটক	27
201	নিকুঞ্জকেলি বিরুদাবলী	210	901	রদক লিক।	sho
551	সিদ্ধান্তদর্পণ	31	051	শীঘ্ৰবোধব্যাক রণম্	:110
251	মুক্তাচরিত (প্রয়ার)	3/	051	শ্রীচৈত্তামত মঞ্যা	4
201	<u> এক্রিফবিরুদাবলী</u>	31	991	শ্ৰীনামামূত সমুদ্ৰ	10
581	কাব্য কৌস্তভ	2110	68	देवकवानिकनी	shot
501	শ্রীগোবিন্দ রতি মঞ্জরী	37	901	<u>ब</u> ीडेब्ब्नगीनम्प	201
201	দশশোকীভাষ্যম্	>;	961	হরিভক্তিতত্ত্বদার .	31
391	সাধন দীপিকা	21	991	প্রযুক্তাখ্যাত মঞ্জরী	110
140	আ্গাশতক্ম্	no	ए ।	শ্রীনিবাসাচার্য গ্রন্থমালা	110
186	গৌরচরিত চিন্তামণি	:110	৩৯।	গীতগোবিন্দ	•
201	গীতচন্দ্রোদয়	2110	801	শ্রীবৃন্দাবন-মহিমামৃত	51%
251	শ্রীকৃষ্ণভক্তিরত্বপ্রকাশ	Sho	851	<u>শ্রীভক্তিরসামৃতসিকু</u>	sig
				श्र7ल	33.2